# PREFACE.

The little Bengali Hymn Book, hitherto in use in the Church Missionary Society's Native Churches, being not only out of print, but also very defective, as to outward arrangement, insufficiency of subjects, absence of, and faultiness in the rhythmus, and poverty of thought and spirituality—the Bengal conference of the Church Missionary Society's Missionaries requested some of the brethren to revise, arrange and enlarge the book; and the present collection is the result of their attempt to comply with that request. Although this collection, therefore, is to supersede the former one, and deserves to do so, yet the compilers are well aware, that their attempt at preparing a greatly improved Hymn book, is no more than a small beginning towards the desired end: and they beg their brethren not only to judge charitably of this their performance, but also to assist unitedly in rendering it by degrees more acceptable and altogether more perfect. It is proposed to print only as many copies as will suffice for the present necessity. Thus both European pastors and Native Congregations, will have an opportunity to give the book a fair trial, as well as to assist in rendering it what according to the desire of the compilers it was to be.

The arrangement of the volume will plainly appear from the Table of Contents at the beginning

This arrangement rendered it necessary to put the Hymns in Bengali Metres along with the others instead of having them separate as heretofore. It has been our endeavour to give under every subject, a choice of several Hymns both of European and Bengali Metres; which however in a few instances the want of materials would not allow. In the Index of Hymns the Bengali metred hymns are distinguished by a mark from the English ones. The former are 108 in number and the latter 226, making in all 334. Of these 104 are taken out of our old Book and are marked C. M. B. These were in the compilers' judgment the best of the whole former collection, but most of them underwent considerable alteration as to rhyme and measure; for in most of the Hymns the verses had been framed merely with reference to the number of syllables, paying hardly any, or no attention at all to the *quantity* of the syllables, and also frequently depriving poetry of its life by prosaical evenness and clearness. 94 Hymns were borrowed from the Baptist Hymn books, both the old and the new one; which benefit is hereby duly and thankfully acknowledged. We hope, no objection will be made to it by our Baptist Brethren; as they may take the same liberty with our book, drawing both loan and interest, should they at any time have a desire to do so. 136 new hymns were added in lieu of those

of our old collection which were not considered worthy of finding a place in this volume. Most of the new hymns, at least of the European metred ones, are translations, and a few are original. Among them will be found a small sprin ,ling of German metres, for the sake of variety, nd also because the Bengali language is not well adapted to either long or short or common metres, there being not enough mono-syllables at command.

Our original intention was to add the tunes to the hymns, or else to publish a separate Tunebook adapted to this Hymnbook, in which we have not succeeded as yet; but still entertain a hope that at some future time our native Christian school children will obtain the benefit of some such help. We hope also that by the time another edition of this book is needed, the Bengali metred hymns, which are here given unaltered, will be modified in such a manner that several hymns may be sung to one tune, and those tunes given in notes.

And now the book being externally put on a more satisfactory footing, and we trust also improved to some extent as to matter, we wish and pray that, by the blessing of the great Head of our Churches, it may prove to be one of the helps towards raising the low tone of spiritual understanding and spiritual enjoyment in our native congregations.

July 1852. THE COMPILERS.

## TABLE OF CONTENTS.

# প্রকরণের নির্ঘণ্ট।

## XX. বিশেষ ২ অবস্থা ও কালের নিমিত্তক গীত।



## XXI. মৃত্যু পুনরুত্থান ও মহাবিচারের বিষয়।



---

বৈ denotes; বৈষ্টমচরণ।

C.Kg. .... .... .... .... C. Kruckeberg

C. M. B. .... .... .... .... Church Misson Hymn book

C. T. K. .... .... .... .... C. T. Krauss

C. W. L. .... .... .... .... C. W. Lipp

Ei .... .... .... .... Elias.

ফং কং মং .. ... .. .. কিশোরি মোহন

F. S. .... .... .... .... F. Schurr.

J. G. L. .... .... .... .... J. G. Lincke.

J. J. W. .... .... .... .... J. J. Weinbrecht.

কৈং. চং. মুং. .... কৈলাস চন্দ্র মুখোপাধ্যায়।

O. B. H. B. .... .... .... .... Old Bapist Hymnbook

পং. আং. বং. .... .. পেত্র আনেস বিশ্বাস।

P. B. .... .... .... .... .... Mr. Pearce's Hymnbook

S. B .... .... .... .... .... .... S. Bost

# ধর্ম্ম গীত।

## I সাধারণ প্রার্থনা ও স্তব।

### ১ (8. 7. double.)

১ ওহে ঈশ্বর, তোমার দয়া,
তায় মোর নিত্য রক্ষা হয়.
পাইলে তোমার পদ ছায়া,
নাহি থাকে আমার ভয়.
তোমার কৃপা মহাশ্চর্য্য,
নাহি তাহার তুলনা:
আমার অতি অধম কার্য্য,
মোরে দণ্ড দিও না.

২ পাপী লোককে তারিবারে,
তোমার করুণা অপার.
আপন প্রেমে কেবা করে
পাপী জনের উপকার?
ওহে ঈশ্বর দয়াবন্ত,
অপবিত্র আমার মন.
আমার দুঃখের কর অন্ত,
কারণ আমি অনাথ জন.

৩ প্রভু য়েশূ, ক্ষমা কর,
তোমার কাছে দেও স্থান,
আমার পাপকে নাহি ধর,
রক্ষ এ পাপিষ্ঠের প্রাণ.
মৃত্যু কালের জন্যে আমি
নিত্য প্রস্তুত হইতে চাই,
ওহে প্রভো, জগৎ স্বামী,
তোমার আশ্রয় যেন পাই.

C. M. B. *no* 83.

---

## ২ (L. M.)

১ ত্রিভুবনে কর্ত্তৃত্ব ভার,
হে প্রভু য়েশূ, সব তোমার;
হে প্রভু, আমরা করি সব,
উৎসবের গানে তোমার স্তব.

২ স্বপ্রেমের নিশান তোমার হাত
উঠাইল পাপির প্রমুখাৎ.
তোমারি কেবল আহ্লাদ গান,
ও মোদের লজ্জা অপমান.

৩ আমাদের প্রার্থনা ও স্তব
যাউক তোমার আসন নিকট সব.

স্তব গত জয়ের তোমায় হয়,
শেষ জয়ের আশাও তোমায়.

৪ ঘোর ঝড়ের মেঘ সব দেশে বয়,
লোক দেখ্যে ভয়ে নিরাশ হয়.
এই স্তব গান বিক্ষুক ঝড়ের মেঘ,
ত্রাণ দিবস আইসে করে বেগ.

৫ সংকীর্ত্তন রাজ্য স্তব ও মান
মেষ শাবক প্রতি হোক প্রদান.
যদবধি রাজার অগ্রসর
না হইবে স্বর্গে উৎসব স্বর.

C. *Kg.*

---

৩ (L. M.)

১ খ্রীষ্টাশ্রিত ভাই, গান আমরা গাই.
খ্রীষ্ট নামেতে আনন্দিত হই.
এই মঙ্গল উৎসব দিনের স্তব,
তা করি প্রভু তোমার সব.

২ সহস্র মুক্তদের জিহ্বায়
আজ মোর্দের সঙ্গে কীর্ত্তন গায়.
দেশ ও সমুদ্রে বৃদ্ধি পায়
এই উৎসব গায়ক সম্প্রদায়.

৩ গ্রীনলাণ্ড ও ভারত দেশেতে
এক জাতি হইলাম য়েশূতে.
যাঁর রক্তে মুক্তি পাইলাম, ভাই,
তাঁর এই উৎসবে কীর্ত্তন গাই.

৪ হোক প্রভু তোমার স্তব ও জয়;
অশ্রুময় নয়ন ও তোমায়.
পাপিষ্ঠ নোয়ায় হাঁটুতে
এ মহা উৎসব কালেতে.

৫ গীত দ্বারা খ্রীষ্টকে করি স্তব,
ও প্রতি ধ্বনি স্বর্গে রব.
শ্রম যারা সইল মোদের ন্যায়
উৎসবে তারা মিলিত হয়.

৬ ভিড় করে যারা স্বর্গ স্থল,
সত্বরে মিলি ঐ প্রেম দল.
ও স্বর্ণ বীণায় করি স্বর
উৎসবের কীর্ত্তন নিরন্তর.

C. *Kg.*

---

## ৪ (L. M.)

১ হে পিত, তোমার সিংহাসন
স্বর্গালয় আছে সর্ব্বক্ষণ.

দেও বিশ্বাস প্রেম ও চেতনা,
লোক যেন করে প্রার্থনা.

২ এ মতি পাউক মানবগণ,
যে তোমার প্রতি রাখে মন.
স্তব স্তুতি করুক অবিশ্রাম,
ও মান্য করুক তোমার নাম.

৩ সয়তানের রাজ্য হইলে ক্ষয়,
খ্রীষ্ট্ য়েশূর রাজ্য স্থাপিত হয়.
ও সভে কহুক সর্ব্বত্র,
খ্রীষ্ট্, আইসুক তোমার রাজত্ব.

৪ দূত যেমন করে ধর্ম্মাচার,
এই ভাবে কহুক তাবৎ নর :
হে প্রভো, যেমন স্বর্গেতে
হউক তোমার ইচ্ছা ক্ষিতিতে.

৫ যে মঙ্গল মোদের অকুলান,
প্রসন্ন হয়্যে কর দান.
দিবসিক আহার, প্রভু হে,
মোদিগকে দেও নিজ দয়াতে.

৬ খ্রীষ্ট্ য়েশূর পুণ্যে আশা এই,
নিজ দায়ির তুল্য ক্ষমা চাই :
যে কর মার্জ্জন মোদের পাপ,
ও মনে জন্মাও অনুতাপ.

৭ না পড়ি যেন পরীক্ষায়,
এই কারণ মোদের বিনয় হয়:
হে, পরীক্ষাতে না লওয়াও,
ও মন্দ হইতে উদ্ধার দেও.

৮ হে পিতঃ তোমার রাজত্ব,
ও শক্তি, গৌরব, নিয়ত.
এই আছে মোদের ভরসা,
তায় কহি: আমেন, হউক ইহা.

C. M. B. no 99

---

৫ (S. M.)

১ ভাই, কর উত্তম গান
সংকীর্ত্তন মনোহর;
তায় সর্ব্ব দেশী স্থানে স্থান
আনন্দিত হইও নর.

২ খ্রীষ্ট য়েশূর ধন্য নাম;
গান কর তাহার গুণ,
আনন্দ সিন্ধু সুখ ধাম,
অকিঞ্চন লোকের ধন.

৩ সব জগৎ মধ্যে হউক
তাঁর প্রেমের ধন্যবাদ.
যার মনে দাহন করে শোক,
তার ক্ষান্তি হউক আহ্লাদ.

৪ হে য়েশূ সদয় হও,
দেও শীঘ্র সুদর্শন.
ত্রাণ দিয়া পাপিকে বাঁচাও,
মোর তৃপ্ত কর মন.

C. M. B. no 113

---

৬ (P. M)

(গীত সংহিতা ১০৩)

১ প্রভুর স্তব কর যে মহিমার শক্তিমান রাজ.,
হে মম প্রিয় মন, ইহা হোক তব সুকার্য্য.
জাগ্রত হও!
কীর্ত্তন ও স্তুতি উঠাও!
করিব ঈশ্বরের পূজা.

২ প্রভুর স্তব কর যে সকলের করেন সুশাসন,
করুণা দ্বারা যে করেন সব তব পাপ মার্জ্জন.
তাঁহারি দান
তাবৎ সুদ্রব্য, কল্যাণ;
ইহা মোর মন কর স্মরণ.

৩ প্রভুর স্তব কর যে করিলেন তব সুসৃজন,
তাবৎ রোগ শান্তি যে করিয়া করেন ও পালন.
হে কতবার

করিলেন তোমাকে পার !
পক্ষেতে করিলেন ঢাকন.

৪ প্রভুর স্তব কর যাঁর দয়াতে আশিস হও প্রাপ্ত,
বৃষ্টি রূপ বর্ষাইলেন প্রেম যাতে তুমি হও তৃপ্ত.
ভুলিও না
ঈশ্বরের সৎ করুণা
তাহা হয় কভু নয় লুপ্ত.

৫ প্রভুর স্তব কর মোর অন্তরে বল যত থাকে.
হে তাবৎ প্রাণি, পরমেশ্বরের স্তব কর মুখে.
ধন্য তাঁর হাত !
আব্রাহাম বংশদের সাত
ঈশ্বরের কীর্ত্তন গাউক লোকে.

C. W. L.

---

৭ (P. M. 7. 6.)

(লুক ২৪, ২৯। য়োহান ১৫, ৫।)

১ হে য়েশূ তোমার দয়া হৌক মোদের সভার ঠাঁই,
যে মহা শত্রুর মায়া দুর্গতি না ঘটায়.

২ ত্রাণকর্ত্তা তোমার কথা হৌক মোদের সভার ঠাঁই,
এই জগতে ও তথা ত্রাণ দয়া যেন পাই.

৩ ধর্ম্মালো তোমার কিরণ হৌক মোদের সভার ঠাঁই,
সৎ বাক্য লইয়া ঘিরুণ, যে ভ্রমে পড়ি নাই.

৪ হে প্রভু তোমার আশিস হৌক মোদের সভার ঠাঁই,
ত্রাণ দয়া মঙ্গল অশেষ হৌক সর্ব্ব প্রকাশময়.

৫ বীর তুমি, তোমার আশ্রয় হৌক মোদের সভার ঠাঁই,
নাশ পাছে সয়তান ঘটায়, আর সংসার জালে লয়.

৬ বিশ্বস্ততাতে নিজে রও মোদের সভার ঠাঁই,
স্থির রাখো তোমার কাছে, যে আপদ দূরে রয়.

৭ হে প্রভো মৃত্যু যোগে মোর কর শান্ত মন,
ও বল শ্রান্ত লোককে, যে আইস বিশ্রাম স্থান.

F. S.

---

## ৮ (P. M. 8. 8. 7)

১ আমি আছি পাপ কারক
বড় অজ্ঞান, ওহে তারক;
কর আমার উপকার.
ধরি তোমার কোমল চরণ,
আমি লইলাম তোমার শরণ,
পুরাও তোমার অঙ্গীকার.

২ যাবৎ থাকি পৃথিবীতে,
তাবৎ আমি তোমা হইতে
কৃপার লক্ষণ যেন পাই.
মরণ কালে হও প্রসন্ন,

কর আমার ত্রাণ নিষ্পন্ন,
সদা তোমার কীর্ত্তন গাই.

৩ ধন্য ধন্য, ধর্ম্ম প্রভু,
গৌরবান্বিত তেজে বিভু,
গাই তোমার ধন্য নাম.
তারণ কারণ ভক্তি মুক্তি,
তোমার স্থানে সর্ব্ব শক্তি ;
দেও আমায় স্বর্গ ধাম.

৪ ধন্য ২ দূতগণ সর্ব্ব,
কীর্ত্তন গাইও অত্যপূর্ব্ব,
তোমরা সর্ব্ব পুণ্যবান.
ধন্য ২, স্বর্গ, ভুবন,
নিত্য গাইও এ সংকীর্ত্তন,
য়েশু খ্রীষ্টের গুণের গান.

C. M. B. No. 108.

---

৯ (P. M. 886.)

১ হে ঈশ্বর সর্ব্বশক্তিমান,
অতুল্য ধন্য দয়াবান,
অনন্ত তোমার নাম.
কার সাধ্য আছে করিবার

প্রশংসা তোমার? তা অপার,
হে সর্ব্ব গুণ ধাম.

২ এক্ষণে করি ধন্যবাদ,
মন হইতে খণ্ডাব বিষাদ,
হে প্রভু দয়াময়.
গাই তোমার প্রেমের কীর্ত্তন গান.
হে য়েশূ তুমি রক্ষ প্রাণ,
ও খণ্ডাও আমার ভয়.

৩ অযোগ্য আমি, পাপী জন,
কি প্রকার করি তোমার গান?
তেজ প্রতাপে অপার.
হে প্রভু ক্ষম অপরাধ,
এ তোমার প্রতি করি সাধ,
মোর করহ উদ্ধার.

৪ শেষ কালে যেন আমার মন
নিতান্ত হইবে দীপ্তিমান,
দূর কর অন্ধকার
মোর আত্মা যখন যাইবার হয়,
সে কালে, হে করুণাময়,
কে আছে আমার আর?

৫ মোর নয়ন বুজা গেলে পর,
সুখ নগরেতে পাইয়া বর,

আনন্দ দর্শন পাই.
স্বর্গে যে সর্ব্ব পুণ্য লোক,
যে নরগণ, কিম্বা দূতগণ হোক,
ঐ সভার সঙ্গে গাই.

C. M. B. no 121.

---

১০ (L. M)

১ এই পৃথিবীস্থ মানব সব
গাউক সৃষ্টি কর্ত্তার স্তুতি স্তব.
ত্রাণকর্ত্তার নামে উঠুক গান
সব জিহ্বায় জগত ব্যাপ্যমান.

২ অনন্ত তোমার দয়া দান;
ও তোমার বাক্য সত্যবান.
স্তব তোমার ব্যাপুক তীরে তীর,
না সূর্য্য যাবৎ থাকে স্থির.

C. M. B. no 135.

---

১১ (8. 74)

১ হাল্লেলুয়া মহাকীর্ত্তন,
বড জয় জয় কারী রব !
জয় জয় য়েশূ জগত্তারণ,

সভে করুক তাঁহার স্তব.
হাল্লেলুয়া,
য়েশূ খ্রীষ্টের মহা স্তব.

২ হে য়েহোবা, তোমার স্তুতি
সর্ব্ব জগতীস্থ লোক
যেন করে, তোমার প্রতি
হাল্লেলুয়া কীর্ত্তন হৌক.
হাল্লেলুয়া,
মহা কীর্ত্তন করা যাউক.

৩ তুমি পিতা, তুমি পুত্র,
তুমিও ধর্ম্মাত্মা হও:
ত্রিত্ব ভাবে একই মাত্র,
শীঘ্র তুমি প্রকাশ পাও.
হাল্লেলুয়া,
আমরা গাইব পরম গান.

৪ পাপী লোকের ত্রাণের কারণ
তুমি আছ সুপ্রকাশ,
য়েশূ নামে হইবে তারণ,
ইহা মোদের মনের আশ.
হাল্লেলুয়া,
য়েশূ খণ্ডেন সর্ব্বনাশ.

৫ হাল্লেলুয়া, জয় ২ নি.

এখন হর্ষে করি গান,
আমরা য়েশূর সৎগুণ ভনি,
য়েশূ তারক দয়াবান.
হাল্লেলুয়া
ভরুক স্বর্গ মর্ত্য স্থান!

C. M. B. no 138,

---

## ১২

(P. M.)

১ য়েশূ খ্রীষ্ট্ পরম নাম, সে সর্ব্ব গুণ ধাম,
জগতের ত্রাণ.
কর তাঁর মহা স্তব, অতি আনন্দ রব,
পাপী হে আইস সব, গাও এই গান.

২ যিনি দেন আপন প্রাণ, করিতে পাপির ত্রাণ,
জয় জয় হৌক তাঁর.
জগতের সর্ব্ব জন, য়েশূর অতুল্য গুণ,
গান কর সর্ব্বক্ষণ, ভুল না আর.

৩ য়েশূর যে অসীম প্রেম দেখিয়া, খণ্ডাও ভ্রম,
জানিয়া সার.
মরিয়া, পুনর্ব্বার উঠিলেন ত্রাণাকর,
নিশ্চয় দেখাইলেন তাঁর শক্তি অপার.

৪ প্রকাশ হউক য়েশূর নাম, ব্যাপিয়া সর্ব্ব ধাম,
কিবা গুণ তাঁর!

সুগন্ধ পুষ্পের ঘ্রাণ যেমনে পুরায় স্থান,
তেমন, হে দয়াবান, হও সুখ কর,

P. B. no 11

---

## ১৩ (8. 7.)

১ যেশূ খ্রীষ্টের কৃপা সহ,
এবং পিতার অশেষ প্রেম,
ধর্ম্ম আত্মার অনুগ্রহ,
মোদের প্রতি হৌক. আমেন.

২ তাহা হইলে ঐক্য হইবে,
পরস্পরে প্রভুতে.
কাল কাটাইব সুখভাবে
নিত্য আমরা ক্ষিতিতে.

P. B. No. 305.

---

## ১৪ (C. M.)

(প্রকাশিত বাক্য ১৭, ১৪.)

১ খ্রীষ্ট নামের করি সমাদর,
দূত করুক নমস্কার,
রাজকীয় কিরীট আনুক চর,
দেও মুকুট শিরে তাঁর.

২ যে হত সাক্ষি বেদির তল,
রব কর উচ্চৈঃস্বর,

স্তব কর দাবিদ রাজার মূল,
দেও মুকুট শিরে তাঁর.

৩ সব আদাম বংশের মনোনীত,
ও শয়তান মুক্ত নর,
যাঁর দয়ায় তোমরা উদ্ধারিত,
দেও মুকুট শিরে তাঁর.

৪ হে আবাল বৃদ্ধ বনিতা,
তাঁর প্রেম যে জ্ঞাতসার,
ত্রাণ কর্ম্মের হও বিস্মৃত না,
দেও মুকুট শিরে তাঁর.

৫ এই জগৎ মধ্যে যত জাত,
ও যত ভাষার নর,
সম্ভ্রান্ত মান সর্ব্বনাথ,
দেও মুকুট শিরে তাঁর,

৬ ঐ স্বর্গবাসি সঙ্গেতে
তাঁর করি নমস্কার,
মিল করি নূতন গীতেতে,
দেই মুকুট শিরে তাঁর,

C. W. L

---

## ১৫

(8. 7.)

পিতা পুত্র ও ধর্ম্মাত্মার
নিত্য সম্ভ্রম করা যাউক.
পুর্ব্বে যেমন, এখন তেমন,
তদ্রূপ সদাকালে হোক.

C. W. L.

---

## ১৬

(মূলতান রাগিণী সুর তাল মধ্যম,)

প্রভুর স্তব কর সভে হয়্যে স্থির মন,
তবে জানিবা সেই কেমন প্রেম মহাজন.

১ প্রভুর স্তব কর সভে চিত্তের সচৈতন্য ভাবে.
শুন ওরে আমার প্রিয় মন,
সদা হউক তোমার ভাল কার্য্য,
স্তুতি হউক অনিবার্য্য, কর ঈশ্বরের পূজন,
প্রিয় মন আমার, কর ঈশ্বরের পূজন,
তবে জানিবা সেই কেমন প্রেম মহাজন.

২ প্রভুর স্তব কর সভে, করুণাতে ক্ষমা পাইবে,
সদা কর প্রভুর কীর্ত্তন.
যত দেখ কেবল তাঁর দান, আশীর্ব্বাদ সুকল্যাণ,
ইথে হোক আকর্ষণ, প্রিয় মন আমার ইথে,
হোক আকর্ষণ, তবে জানিবা সেই কেমন প্রেম মহাজন.

৩ প্রভুর স্তব কর সভে, ও স্তব করি পালন কুশল ভাবে,
যিনি করেন রোগের দমন.
ক্ষমিয়া তোমার কুকার্য্য, পালন করিলেন করি ধৈর্য্য.
তোরে করিয়া ঢাকন, প্রিয় মন আমার,
তোরে করিয়া ঢাকন, তবে জানিবা সেই
কেমন প্রেম মহাজন,

৪ প্রভুর স্তব কর সভে আশীর্ব্বাদে পূর্ণ হইবে.
তাঁর দয়া পাইবে সর্ব্বক্ষণ,
বর্ষাইলেন প্রেমের বৃষ্টি যাতে পাও তুমি তুষ্টি.
কৃপা ভুল না রে মন, প্রিয় মন আমার, কৃপা
ভুল না রে মন, তবে জানিবা সেই কেমন প্রেম মহাজন.

৫ প্রভুর স্তব কর সভে, শক্তি দিয়া মনের ভাবে,
সারল্যে তাঁয় করহ গ্রহণ.
থাক পবিত্রতা হস্তের তলে, যিশাইয় ভক্ত দলে.
লহ ঈশ্বরের শরণ, প্রিয় মন আমার লহ ঈশ্বরের
শরণ, তবে জানিবা সেই কেমন প্রেম মহাজন.

ফ. ক. ম.

---

## ১৭

১৭ ঈশ্বরের গুণ গান কর প্রিয় ভাই সকলে.
তাঁহার স্তব স্তুতি করেন স্বর্গ দূতগণে মিলে.

১ হে প্রভু তব মহিমাঃ কি দিব তাহার উপমাঃ অতুল্য তার নাহি সীমা : সকল তোমার পদতলে।

২ তুমি রাজগণের রাজা : দূতগণও তোমার প্রজা : স্বর্গ মর্ত্যে আছয়ে যা : সৃজিয়াছ নিজ বলে।

৩ এ অধমে কর্য়ো দয়া : দেও প্রভো পদ ছায়া : যে দূরে যাউক পাপের মায়া : তোমার আশীর্ব্বাদ পাইলে।

৪ আমরা জ্ঞানান্ধ হইয়া : নরক পানে যাই ধাইয়া : রক্ষ নাথ কর্য়ো দয়া : রক্ষা নাই তুমি নহিলে।

৫ যেমন প্রভুর অপার মহিমা : আবার সে রূপ তাঁর করুণা : পাপিদের মধ্যে প্রধানও ক্ষমাঃ পায় তাঁর নিকটে আইলে।

কৈ. চ. ম্

## II. ঈশ্বর বিষয়ক গীত।

### ১, ঈশ্বরের স্বত্ব ও গুণ।

### ত্রিত্ব।

---

**১৮** (8. 7. double)

(২ করিন্থীয় ১৩, ১৩.)

১ দয়া ভিন্ন আর কি চাহি?
দয়ার গুণে বাঁচিলাম.
তুমি পরম অনুগ্রাহী,
দয়া কারী তোমার নাম.
মহাশ্চর্য্য তোমার দয়া,
যাতে পাপী উদ্ধার পায়:
ত্রিত্ব ভাবে ঈশ্বরের হইয়া,
তিন গুণ তোমার দয়া হয়.

২ মহাশ্চর্য্য পিতার দয়া:
জগৎকে প্রেম করিলেন

আপন একি পুত্র দিয়া,
জগতের ত্রাণ সাধিলেন.
তাতে আমার পাপও গেল,
তাতে আমি মুক্তি পাই.
এখন মোর এই বাঞ্ছা রইল:
দয়া যেন আমায় হয়.

৩ মহাশ্চর্য্য পুত্রের দয়া:
আমার কারণ মরিলেন.
স্বর্গ হইতে সৎ জ্ঞান লইয়া,
পৃথিবীতে আনিলেন.
এবং ত্রাণের কর্ম্ম যেন
আমার মনে সিদ্ধি পায়,
পাঠান আপন আত্মা হেন,
দয়া যেন আমায় হয়.

৪ মহাশ্চর্য্য আত্মার দয়া:
তিনি মোর সুমতি দেন,
এবং মোর পথ দর্শক হইয়া,
স্বর্গে শেষে আনিবেন.
ইহা বিশ্বাস করো ধরি,
ইতে আমার আশা রয়,

ইতে বাঁচি ইতে মরি,
দয়া যেন আমায় হয়.

C. W.L

---

## ১৯ (8. 7.)

১ পিতা, পুত্র ও ধর্ম্ম আত্মা,
তিনে এক ও একে তিন,
পরমেশ্বর জগৎ কর্ত্তা,
তাঁহার সম্ভ্রম হৌক. আমেন.

২ পিতার নিয়মানুসারে
যারা তাঁহার অধিকার,
তাহাদিগকে তারিবারে.
পূর্ব্বে কৈলেন অঙ্গীকার.

৩. পুত্র দিলেন আপন রক্ত.
করিবারে পাপ উদ্ধার.
তাতে তারা হইবে মুক্ত,
যারা তাঁকে করে সার.

৪. আত্মা লোক্কে লওয়াইবারে,
শুদ্ধ করেন দুষ্ট মন.
তাঁহা বিনা নাহি পারে,
কেহ দিতে নূতন মন.

৫. পিতা, পুত্র ও ধর্ম্মাত্মা,

অদ্ভুত ভাবে এক ঈশ্বর.
এ বিশ্বাসে হও শুদ্ধাত্মা,
কীর্ত্তন গান হৌক মনোহর.

C. M. B. no 23.

---

২০ (148th M.)

(গীত সংহিতা ৭২, ১৯.)

১ দেও সম্ভ্রম, আদর, স্তব,
স্তুত পিতা আত্মাকে.
সুখ এবং শান্তি সব্
পায় উদয় তাঁহাতে.
পাঠাইলেন তিনি পুত্ত্রকে,
পাপিষ্ঠ লোক নিস্তারিতে.

২. হে কর স্তব ও গান
দয়ালু পুত্ত্রকে,
যে সাধেন পরিত্রাণ
নিজ রক্ত মূল্যেতে.
তাঁর রাজ্য হইল উচ্চ স্থল,
ভোগ করেন মৃত্যু দুঃখের ফল.

৩ ধর্ম্মাত্মার কর স্তব,
ও কীর্ত্তন হৌক অশেষ.
তাঁর জীবন দায়ক রব্
দেন মৃতকে নিশ্বাস.

তার কার্য্যে ত্রাণ সম্পন্ন হয়,
পূর্ণাহ্লাদ দেন ও পাপের জয়.

৪ হে পিতা, আত্মা, সুত,
নিগূঢ় একত্ব,
হৌক স্তবের গান অযুত
ও সম্ভ্রম, ঐশ্বর্য্য.
প্রেম তুমি এবং সত্যের নাথ,
যাঁয মানুষ পায় ত্রাণাশীর্ব্বাদ.

J.J.W.

---

## ২১

ত্রিভাবে বিদিত প্রভু ব্রহ্মময় নিরঞ্জন।

১ পিতা ব্রহ্ম পরাৎপর, করিয়া প্রেম অপার,
মোদের করিতে উদ্ধার, নিজ তনয় কৈলেন প্রেরণ.

২ পরম পিতার আজ্ঞাতে পুত্র প্রেরিত জগতে
এমন দয়াল নাহি হইতেঃ পাপির কারণ দেন প্রাণ.

৩ পিতা পুত্র উভয় হতেঃ নিঃসৃত হয়্যে জগতে,
আইলেন সান্ত্বনা দিতে, ধর্ম্ম আত্মা মহাজন.

Baptist Tra

---

## ২২

পিতা পুত্র ধর্ম্মাত্মা যেন জন,
প্রভেদ নাহি তাঁর, সার বচন.

১ সৃষ্টিকারী পিতা জীবন, যত বস্তু যে প্রয়োজন,
সকল প্রাণিকে করেন দান, সদা সমভাবে
করেন পালন, এই কথা সত্য জান.

২ পুত্র দেন রক্ত আপন, যাতে পাপী পায় জীবন,
তাঁতে মিলো করি নিবেদন, তবে প্রাপ্ত হবে য়েশূর
শরণ. উদ্ধার করিবেন সেই জন।

৩ ধর্ম্মআত্মা সভার মন নিজ গুণে করেন শোধন,
এহি গুণ সদা সর্ব্বক্ষণ, তিনি ধর্ম্ম আত্মা নাম ধরেন,
নির্ম্মল করেন পাপিগণ।

৪ বিশ্বাস কর প্রিয়গণ, তিনে একই ঈশ্বর হন,
আছে শাস্ত্রে এই কথন, কেহ পরস্পর ন্যূন নহেন,
ইহা জান প্রিয় মন।

পং আং ং

---

## মহত্ত্ব।

## ২৩ (L. M)

(গীত সং ১০০)

১ য়েহোবার প্রতাপ আসনে,
হে জাতিরা স্বমন নোয়াও,

যে ঈশ্বর প্রভু, জান হে,
তাঁর মহা প্রতাপ জ্ঞাত হও.

২ স্বস্থষ্ট মোদের কেহ নয়,
মোর স্থষ্টি তিনি করিলেন.
তাঁর পোষিত মেষ রূপ আমরা হই,
হারান যে, তা আনিলেন.

৩ তাঁর দ্বারের নিকট আমরা যাই,
স্তব স্তুতি করি ভজনা.
তাঁর উঠানে প্রবিষ্ট হই,
তাঁর নামকে স্বীকার করিয়া.

৪ স্ব আজ্ঞা ব্যাপে জগৎময়,
নিজ দয়া আছে সর্ব্বক্ষণ.
আর তোমার সত্য স্থাবরময়.
এ স্বপ্রতাপের হয় প্রমাণ.

C. W. L.

---

## ২৪

P. M.

(গীত সংহিতা ১০৪)

১ কে আছে তোমার তুল্য, প্রভু?
কার কীর্ত্তন বর্ণে তোমায় কভু?
বোধ গম্য তব তত্ত্ব নয়.
মূল তুমি তাবতের, ও জীবন,

তেজ গৌরব করে তোমায় বেষ্টন,
 স্বপরিচ্ছদ হয় দীপ্তিময়.
প্রপঞ্চে অসীম এবং উচ্চ,
 যেখানে চক্ষু নাহি চায়,
সেখানে তারা হইতে উচ্চ,
 স্বসিংহাসনের শোভা পায়.

২ সর্ব্বেশ্বর, অদ্ভুতকারী সম,
ঝড় ভ:র যখন তুমি নাম,
 তা মোদের অতি ভয়ঙ্কর.
মেঘ রথে আছে তোমার গমন;
ঐ রথে আছে মেঘের গর্জ্জন,
 ঝড় তোমায় বহে হৃষ্টতর.
হে জগৎ প্রভু, তোমার দূতগণ
 ধায় তোমার অগ্রে বায়ুর ন্যায়,
জ্বলন্ত অগ্নি শিখার সমান
 স্ব সর্ব্বশক্তির কিঙ্কর ধায়.

৩ স্ব শক্তিমন্ত "হোক" আজ্ঞাতে
ভূ জন্মাইয়াছ বিনা হাতে,
 সে অন্ধকারে আচ্ছাদিত.
প্রথমে ছিল সব ধূন্ধুকার,
সব পর্ব্বত জলেতে একাকার,
 স্বধমকেতে বিচলিত.

জল তোমার বজ্রাঘাতে হইল
বিচ্ছিন্ন ভিন্ন স্থানে স্থান,
ও তব আজ্ঞা বলে হইল
ঐ গিরির চূড়া প্রকাশমান.

৪ ভব রীতি চলে তোমার আজ্ঞায়,
কাল বৎসরাদি দিবার নির্ণয়
চন্দ্রকে তুমি সৃজিলা.
হয় সূর্য্য অস্ত, আর ঘোর রাত্রে
বন জন্তু তাবৎ চরে ক্ষেত্রে,
খায় যাহা প্রস্তুত করিলা.
কায শ্রান্ত মানুষ আইসে সকল,
ও বিশ্রাম করে সুখ নিদ্রায়.
নর, প্রভাত হইলে, হয়্যা সবল,
নিজ কর্ম্মেতে পুনশ্চ যায়.

৫ বিবিধ ছোট বড় জন্তু,
সম্পূর্ণ করে সাগর সিন্ধু;
হে প্রভু, অসীম তোমার জ্ঞান,
অপরিমিত প্রেম, গৌরব, শক্তি;
আশ্চর্য্য করি জ্ঞান, ও ভক্তি,
কি বিস্তার, সুন্দর, সব নির্ম্মাণ!
জল, স্থলে, আকাশ, পৃথিবীতে,
জীব জন্তুর আছে যত স্থান,

সব থাকে তব অপেক্ষাতে;
ও তৃপ্তি করে তোমার দান.

৬ হে তুমি কর সৃষ্টি, সংহার,
যে জগৎ পালিত দয়ায় তোমার,
সে তব আজ্ঞায় প্রফুল্লিত.
ও তোমার শক্তি, গৌরব, অশেষ,
সব সৃষ্টির প্রতি তোমার সন্তোষ;
ভূ তোমার দৃষ্টে কম্পান্বিত.
পর্ব্বতের চূড়া তোমার স্পর্শে
ফাটিয়া উঠে ধূমানল,
ও পর্ব্বত শিলা যাইয়া খসে,
সমুদ্র শোষণ, স্থল হয় জল.

৭ হে উঠ মন, প্রশংসা কারী
হও, যিনি আছেন সৃষ্টি কারী.
তার স্তব হৌক প্রকাশ জগতে.
আহ্লাদে গীত গাও তাঁহার কারণ,
গাউক প্রতিধ্বনি ধার্ম্মিক নর গণ,
হৌক হর্ষিত মন তাঁর রক্ষাতে.
হে তাঁহার সেনা, কর স্তব গাণ,
ত্রিভুবন গাউক তাঁর কীর্ত্তন গীত.
সর্ব্বোচ্চ যে, তাঁর কীর্ত্তি, সম্মান,
স্তব করা সতের সমুচিত.

C W. L

## ২৫

সচ্চিদানন্দ ঈশ্বর
যাচিছেন অমর বর।

১ তিনি সর্ব্বশক্তিমান, সর্ব্ব স্থানে অধিষ্ঠান,
সর্ব্বজ্ঞাতা ভগবান, তিনি সকলের উপর।

২ তিনি আদি তিনি অন্ত, তিনি অনাদি অনন্ত,
সত্য দয়া ক্ষমাবন্ত, নাহি তুল্য তাঁর.

৩ কিবা পিতার প্রতাপ, অন্ধকারাভাব,
নিরন্তর সমভাব, সর্ব্ব গুণাধার.

৪ য়েহোবা তাঁহার নাম, স্বর্গ পুরে তাঁর ধাম,
পাপিকে দিতে বিশ্রাম, য়েশূ নামে অবতার.

P. B. no 51

---

## পরাক্রম।

## ২৬

(C. M.)

১ হে ঈশ্বর, মোদের আশ্রয় স্থান
যে ছিলা পূর্ব্বকাল,
ও ভাবি বিষয়, যাতে মন
পায় আশা, তুমি বল.

২ য়েহোবা, তোমার ছায়ের তল

নিজ সাধু পাইল বাস.
এক্ষণে ও নিজ বাহুর বল
যথেষ্ট কয় এ দাস.

৩ আর পর্ব্বতগণের জন্ম কাল
ভব পত্তন পূর্ব্বেতে,
হে তুমি কেবল ছিলা বল,
ও হইবা যুগ অন্তে.

৪ সহস্র বৎসর তোমার ঠাই.
হয় কেবল গত দিন,
ও গত রাত্রের প্রহর ন্যায়.
কাল সময় হও বিহীন.

৫ হে প্রভো, আমরাই অল্প স্থাই
ও অতিশয় দিন হীন :
স্রোত তুল্য বেগে বহে যাই.
হই তোমার ক্রোধে ক্ষীণ.

৬ হে ঈশ্বর, মোদের আশ্রয় স্থান
যে ছিলা পূর্ব্ব কাল,
হও, যাবৎ থাকে তনু প্রাণ,
মোর আশ্রয় এবং বল. C. W. L.

## ২৭

(বেহাগ রাগিণী সুর তাল আড়া।)

পরাক্রান্ত পিতা মোর, অসাধ্য না কিছু তাঁর,
তাঁর গুণ হউক গান, মান্য হউন নিরন্তর.

১ পরাক্রান্ত পিতা মোর, স্বর্গ ও মর্ত্ত্যের ঈশ্বর,
সকল সৃষ্টি বাক্যে তাঁর, মান্য হউন নিরন্তর,

২ পরাক্রান্ত পিতা মোর, পরাক্রম বায়ু্যপর
প্রকাশিতে শক্তি তাঁর, মান্য হউন নিরন্তর.

৩ পরাক্রান্ত পিতা মোর, শক্তিমন্ত বাক্য তাঁর,
সব সৃষ্টি চমৎকার, মান্য হউন নিরন্তর.

৪ পরাক্রান্ত পিতা মোর, বলবন্ত নাম যাঁর,
উক্ত নাম নাহি আর, মান্য হউন নিরন্তর.

৫ পরাক্রান্ত পিতা মোর, শ্রান্ত নহেন একবার,
নিদ্রা নাহি চক্ষে তাঁর, মান্য হউন নিরন্তর.

৬ পরাক্রান্ত পিতা মোর, দুর্ব্বলেতে শক্তি তার,
মহাশ্চর্য্য করিবার, মান্য হউন নিরন্তর.

৭ পরাক্রান্ত পিতা মোর, বিস্তীর্ণ বাহু যাঁহার,
যত কিছু সর্ব্বধর, মান্য হউন নিরন্তর.

৮ পরাক্রান্ত পিতা মোর, ধর তারে সর্ব্বনর,
তিনি হবেন রক্ষাকর, মান্য হউন নিরন্তর.

৯ পরাক্রান্ত পিতা মোর, মঙ্গল করিবেন ভক্তের তাঁর,
এই আছে অঙ্গীকার, মান্য হউন নিরন্তর.

ফং মং কং

---

## সর্ব্বত্রত্ব ও সর্ব্বজ্ঞতা।

(১ মূসা। ১৬, ১৩।)

### ২৮

(8. 7. double)

১ ঈশ্বর তিনি সর্ব্বদর্শী,
সকল স্থানে বর্ত্তমান,
স্বর্গ পৃথিবীর নিবাসী
তাঁহার সাক্ষাৎ প্রকাশমান.
মোদের তাবৎ কর্ম্ম, চিন্তা,
তাঁহার কাছে সুপ্রকাশ,
মনের ভাব ও মুখের কথা,
গুপ্ত নাহি একটি ভাস.

২ ঈশ্বর তিনি সর্ব্বব্যাপী,
স্বর্গ, মর্ত্ত্য, পাতালে,
ঊর্দ্ধ অধ মধ্যে গামী,
কায়িক আত্মিক বাচিক যে,
সকল আছে তার প্রত্যক্ষ,
গুপ্ত লুপ্ত কিছু নয়,

সকল দিগে তাহার চক্ষু,
দিবা রাত্রি সর্ব্বদাই.
৩ ঈশ্বর সর্ব্বের সাক্ষ্য কারী,
ও হে ভাই, এই মনে রাখ.
সকল বিষয় বিচার কারী,
চিন্তার, কর্ম্মের, প্রত্যেক বাক.
পুস্তক মধ্যে লিখিত স্পষ্টে,
ভুল ও ভ্রান্তি তাতে নাই,
ভাই হে, আইস, তাঁহার দৃষ্টে
ভয়ে আমরা কাল কাটাই.

J. G. L.

২৯

১ সর্ব্বশক্তিমান, তব সূক্ষ্ম আখিবরে,
রজনীর তিমিরে প্রবেশে বেগভরে.
আমাদের গোপনীয় কার্য্য যে সকল,
তোমার দৃষ্টিতে হয় ব্যক্ত অবিকল.

২ যে সব অধর্ম্ম কর্ম্ম করি আচরণ,
অথবা যে হয় মন্দ কথা উচ্চারণ,
তব লিপি মাঝে তার বিবরণ রয়,
বিচার দিবস তরে সে সব সঞ্চয়.

৩ যে সকল দোষে আমি আছি আবৃত,
অবশ্য হইবে তাহা অতি প্রকাশিত.
যথা সূর্য্যোদয়ে বস্তু গুপ্ত নাহি থাকে,

মনুষ্য, ঈশ্বর, তাহা দেখিবে সম্মুখে.

৪ ভীত হইয়া পতিত হে তোমার চরণে,
সাহস সহায় নাহি ঊর্দ্ধ নিরীক্ষণে.
মরণের অগ্রে পাপ মার্জ্জনা করিয়া,
তব কৃত লিপি হইতে ফেলহ মুছিয়া.

৫ মৃত্যু দুঃখ যত য়েশূ আমার কারণে
সহিলেন ও হে ঈশ্বর ভেবে দেখ মনে.
তাহার শোণিতে মম পাপ হউক ক্ষয়,
শুধিলেন তিনি পাপ ঋণ সমুদয়. P. B. No. 45.

---

## বিশ্বস্ততা।

### ৩০ (P. M)

(১ করন্থিয় ১০, ১৩. ও ১, ৯.)

১ বিশ্বস্ত হন মোর পিতা, তাঁহার মন
না ছাড়ে আপন লোক,
বিশ্বস্ত হন মোর পিতা সর্ব্বক্ষণ,
হৌক আমার সুখ কি শোক.
হে পর্ব্বত পড়ি ঢাক্যে রাখ,
মোর জীবন ঢাকে তাঁহার পক্ষ,
বিশ্বস্ত যে.

২ বিশ্বস্ত মিত্র তিনি সর্ব্বদা,

এই বিষয় নিশ্চয় হয়.
বিপক্ষ করিলেও পরীক্ষা,
তা বলের অধিক নয়.
যেহেতুক তিনি পরীক্ষাতে
দেন জয়ের শক্তি আমার হাতে,
বিশস্ত যে.

৩ বিশস্ত যে, যা করেন অঙ্গীকার,
তা সদা সিদ্ধ হয় ;
তার দীপ্তি যে নাশ করে অন্ধকার,
সে স্বর্গ দর্শক হয়.
পরমেশ্বর হইয়া মানুষ নহেন,
না কভু মিথ্যা কথা কহেন,
বিশস্ত যে.

৪ বিশস্ত যে, তার আছে পিতৃ মন,
তাঁর কর্ম্ম জন্মায় হিত.
ক্লেশ হইলেও, মোর পিতা সর্ব্বক্ষণ
মোর লাভ হন চেষ্টান্বিত.
দুর্দশা দ্বারা জন্মান ধৈর্য্য,
যে করতে পারি ধর্ম্মের কার্য্য,
বিশস্ত যে.

C W L

## ৩১

(য়েশাইয়া ৫৪, ১০.) (L. M.)

১ যে পর্ব্বত উচ্চ স্থাবরময়,
তার সকল যদি পতন হয়,
পরমেশ্বরের বিশ্বস্ততা,
কদাচ পতন হইবে না.

২ এই উক্তি ঈশ্বর বাণীতে,
তা বিশ্বাস করি মনেতে,
হয় যদি সৃষ্টির অন্যথা,
তাঁর বাক্য লুপ্ত হইবে না.

৩ তাঁর নিয়ম বাণী নিত্যস্থাই,
তাঁর প্রেম ও দয়া সর্ব্বদাই,
"বিশ্বস্ত" যেমন তাঁহার নাম,
তাঁর কর্ম্ম তদ্রূপ জানিলাম.

৪ হে দুর্ব্বল ক্ষীণ বিশ্বাসিগণ,
তা প্রত্যয় কর সর্ব্বক্ষণ,
ক্ষীণ বিশ্বাস হইবে বলবান,
ও মনে পাইবা স্বপ্রমাণ.

৫ হে দুঃখিত দিনহীন ক্লিষ্ট সব,
উঠাও আপন মনের রব.
বিশ্বস্ত তিনি, তাঁহার ঠাঁই
সব আনুকূল্য পাওয়া যায়.

৬ এ বড় শান্তি দায়ক রব,
তা বিশ্বাস করি কর স্তব.
আর তাবৎ মনের চিন্তার ভার
তাঁর উপর দিলে, শান্তির সার.

৭ এই ভাগ্য যদি আমার হয়,
মোর মনে ভাবনা নাহি রয়.
উল্লাসিত হয় মোর প্রাণ ও মন,
ঈশ্বরের নামে সর্ব্বক্ষণ.

৮ সব উচ্চ পর্ব্বত পড়্যে যাউক,
ও সৃষ্টির তাবৎ বিনাশ হউক,
এই কথা মনে রাখিলাম :
" বিশ্বস্ত" আছে তাঁহার নাম. J G L

---

## ৩২

(মুলতান রাগিণী সুর তাল মধ্যম.)

১ বিশ্বস্ত মম প্রভু আছেন সদা সর্ব্বক্ষণ,
তেমন নরমধ্যে নাহি বিশ্বাসী এক জন.
বিশ্বসনীয় মম প্রভু, অবিশ্বাসী নহেন কভু.
শুন তাঁর বিশ্বস্ততার কথন,
প্রভুর মুখের নির্গত কথা, অঙ্গীকার আছে যথা,
তাহা পূর্ণকারী হন, অবোধ মন আমার, তাহা
পূর্ণকারী হন, তেমন নরমধ্যে নাহি বিশ্বস্ত এক জন.

২ বিশ্বসনীয় মম প্রভু, আপন লোকদিগকে কভু
নাহি করিবেন ত্যজন, নিজ ছাদিগের রক্ষার কারণ
কুক্কুট থাকয়ে যেমন।
তিনি বিশ্বাসী প্রধান, অবোধ মন আমার, তিনি
বিশ্বাসী প্রধান, তেমন নর মধ্যে নাহি বিশ্বাসী একজন।

কং কং মং

## পবিত্রতা ও যাথার্থিকতা।

### ৩৩

(C M)

(১ মুসা ১৬, ১৩)

১ পবিত্র ঈশ্বর, স্বলোচন
ঘোর অন্ধকারে চায়,
আর মোদের গুপ্ত আচরণ
সুপ্রকাশ তোমার ঠাঁই.

২ এক পাপও আমি করি নাই,
না এক কুবাক্য কই,
যে পুস্তকে না লিখিত হয়,
বিচারে প্রকাশ নয়.

৩ ঐ বিচারে মোর অপরাধ
কি সব হয় প্রকাশিত ?
হাঁ, সূর্য্যের আলো প্রমুখাৎ,
নর, দূত হয় উপস্থিত.

৪ হে প্রভো, উর্দ্ধে দেখিবার

মোর কেমন লজ্জা হয় !
দূর কর আমার পাপের ভার,
না যেন একটী রয়।

৫ যাথার্থিক এবং ধর্ম্মময়
হয় তোমার নাম ও গুণ.
মোর অন্তরে হউক তোমার ভয়,
পাপ যাতে ত্যজে মন.

C. W. L.

---

## ৩৪

(L. M.)

(রোমীয় ৭, ২২.)

১ পবিত্র তোমার ব্যবস্থা,
ও ন্যায্য তোমার ধর্ম্মাজ্ঞা.
তা দেখায় পাপী লোককে ভয়,
আর সাধু লোককে আমোদ দেয়.

২ নিজ আজ্ঞা বড় প্রসার হয়,
তার কভু নাহি লাগাইল পাই.
তথাচ তায়, স্বীকৃত হই,
আর স্বীকার করি তাহা ন্যায়.

৩ হায় ! কিসে হইব পুণ্যবান?
নিজ আজ্ঞার ন্যায় পাই কিসে মন ?
যে ধার্ম্মিকতা তাহা চায়,

পাই উদ্দেশ কেবল খ্রীষ্টের ঠাই.

৪ ঐ আজ্ঞা পালন করিতে,
খ্রীষ্ট য়েশূ আইলেন জগতে.
ও তাহা পালন করণ পর,
স্বমরণে শাঁপ করেন দূর.

৫ তাঁর পালনেতে ব্যবস্থা
হন তিনি মোদের পুণ্যতা.
আর আমরা তাঁহার গুণেতে
পাই শক্তি আজ্ঞা পালিতে.

(C. W. L.)

---

## ৩৫

(মুলতান রাগিণী সুর তাল মধ্যম।)

পবিত্র হও সকল নরে,
যদি যাইতে চাহ ভব পারে.

১ পবিত্রতা সর্ব্বক্ষণে,
বিরাজ করেন সিংহাসনে,
শুন নরগণে:
ত্রিবার পবিত্র বলে স্বর্গদূতে উচ্চৈঃস্বরে।

২ পবিত্রতা অসীম গুণ,
কে করবে তার নিরূপণ?
সভে মূঢ় জন,
পবিত্রময় বিধি তোমার ফিরাইতে জগত নরে।

৩ পবিত্রময় প্রভু তুমি,
অপবিত্র আছি আমি :
পবিত্রতা দেহ স্বামী.
আমার চিত্ত কর শোধন, শুদ্ধাত্মা প্রদান করে,

৪ শুদ্ধ চিত্ত হইলে পরে,
ভরসা হইবে যাইতে পারে,
সুখে থাকব নিরন্তরে.
গৌরব হইবে সদা, তোমার গৌরব সূচক বস্ত্র পরে.

ক. ক. ম.

---

## ৩৬

(বেহাগ রাগিণী সুর তাল আড়া।)

ন্যায়বান আমার পিতা, শুন তাঁহার বিবরণ,
অন্যায় নাহিক তাতে, ন্যায় করিতে নিপুণ হন.

১ ন্যায়বান আমার পিতা, মুখাপেক্ষা নাহিক যথা,
ঘুষ লইতে ঘৃণা সদা, সুবিচারে করেন শাসন.

২ ন্যায়বান আমার পিতা, যে নীতি ও ন্যায় ব্যবস্থা,
প্রকাশিত করিলেন তা করি গাঁথা, অন্যায়বান নয় কখন.

৩ ন্যায়বান আমার পিতা, ন্যায় বিচারের শুন কথা,
নিজ পুত্রে মৃত্যুর ব্যথা, দিলেন পর পাপ কারণ.

৪ ন্যায়বান আমার পিতা, খ্রীষ্ট হন বিচার কর্ত্তা,
সর্ব্ব নর যাইবে তথা, ভাল মন্দের বিচার কারণ.

৫ ন্যায়বান আমার পিতা; শুন পিতা বিনয় কথা,
আশান্বিত আছি সদা, যেন খ্রীষ্টে পাই মিলন.

ক. ক. ম.

---

## ৩৭

ঈশ্বর তুল্য শুদ্ধ স্বত্ব কে আছে সংসারে?
ও মন ভজ তাঁহারে.

১ ঈশ্বর জ্যোতির্ম্ময় শুদ্ধ অতিশয়,
তিমির লেশ নাহি তাঁহার অন্তরে.

২ তিনি যাথার্থিক, সর্ব্বদা সাত্বিক,
মিথ্যা নাহি থাকে তাঁহার গোচরে.

৩ কর্ম্মেতে অটল যাদৃশ অচল,
নর তুল্য তাঁহার মন নাহি ফিরে.

৪ ইহা সুনিশ্চিত, পাপ তাঁহার ঘৃণিত,
ইতে দূর করেন পাপিষ্ঠ নরে.

৫ তাঁহার বাসস্থান, ধর্ম্মেতে নির্ম্মাণ,
সাধু মাত্র স্থান পায় তাহার ভিতরে.

৬ ঈশ্বর সেবকগণ করতঃ ভজন,
ধর্ম্ম ধর্ম্ম ধর্ম্ম বলে তাঁহারে.

P. B. No 57

---

## ৩৮

পাপ দণ্ড হেতু আইল জলপ্লাবন,
তাতে হে কর ভয় যত নরগণ।

১ অধর্ম্ম দেখি সংসার কুপিত হইয়া ঈশ্বর,
চল্লিশ দিবা রাত্রি বৃষ্টি করিলেন বরিষণ।

২ আটজন ব্যতিরেকে, ডুবাইলেন চতুর্দিকে,
সকল জগৎ জলে ভাসিল তখন।

৩ ঈশ্বর আজ্ঞা অনুসারে, জাহাজ নির্ম্মাণ করে্য,
বাঁচিল কেবল দেখ নোহের পরিজন।

৪ ঈশ্বর ক্রোধ তুফানে, এখন রক্ষা হয় প্রাণে,
য়েশূ খ্রীষ্ট জাহাজেতে কৈলে আরোহণ।

P. B. No. 258.

## অনুগ্রহ ও ধৈর্য্যতা।

### ৩৯

(7s )

১ প্রভু, এ পর্য্যন্ত কি
আমি নরক মধ্যে নাই!
পাপির মধ্যে পাপী মুই
আমায় তুমি ছাড় নাই.
আমি পাপির কাছে কই:
নরক মধ্যে আমি নই.

২ হাঁ মোর চক্ষে ভরসা পাই,
তোমার প্রেমে পাইলাম আশ.
পাপী হইলে রক্ষিত হই,
করি বিনয় তোমার পাশ.
আমি ইত্যাদি.

৩ প্রভু য়েশূ খ্রীষ্টের প্রেম,
তাহার লম্বাই চৌড়াই নাই;
তাহার উচ্চতা অসীম.
তাহা গম্ভীর অতিশয়,
আমি ইত্যাদি.

৪ জ্বলে ঝোপ যে অগ্নিময়
দেখ নাই হইতেছে ক্ষয়,
দেখ এই আশ্চর্য্যময়,
আমি কি সে অদ্ভুত নই ?
আমি ইত্যাদি.

৫ পাথর টাঙ্গে গগণে,
অগ্নি বাঁচে সাগরে,
মৃত্যু নিকট জীবনে,
আমি স্তব দিই ঈশ্বরে,
নিত্য পাপির কাছে কই
আমি নরক মধ্যে নই.

O. B H. B. No 13

---

## ৪০

( 76 )

(২ পেত্র ৩, ১৫, গীত সং ৮৬, ১৫.)

১ ঈশ্বর তিনি ধৈর্য্যবান,
তাহা দেখ মতিমান,

শাস্ত্রে লিখিত সুপ্রমাণ,
তাহা করে মনে ধ্যান.

২ দেখ জল প্লাবন সময়
তাঁহার ধৈর্য্য অতিশয়,
মানব প্রতি প্রকাশ পায়,
তবু তারা মানে নাই.

৩ য়্যাকোব বংশ সকল লোক
করে তাঁহার ধৈর্য্য ভোগ:
চল্লিশ বৎসর প্রান্তরে,
কঠিন থাকে অন্তরে.

৪ আজ পর্য্যন্ত সহনশীল,
তাহা জানে লোক অখিল,
প্রত্যেক প্রাণী প্রমাণ পায়:
তাঁহার ধৈর্য্য নিত্যস্থায়ী.

৫ কুপথ ছেড়্যো দুষ্ট জন,
যেন তারা ফিরায় মন,
কত কাল এই আশাতে
ধৈর্য্য করেন দয়াতে ?

৬ নিষ্ফল বৃক্ষরূপ যে জন,
তাহার প্রতি ধৈর্য্য হন.
য়েশূর বিনয় প্রার্থনায়,
তাকে কাটেন না ত্বরায়.

৭ মোদের প্রভুর ধৈর্য্যতা,
ত্রাণের হেতু জান তা.
তাতে যত মোদের পাপ,
ভোগি না আজ নরক শাঁপ.

৮ এমন ঈশ্বর ধৈর্য্যবান,
তাহা নিত্য কর ধ্যান.
অদ্ভুত তাঁর সহিষ্ণুতা,
হে মন. তাহা ভুলনা.

J. G. L

---

## ৪১

ও মন ঈশ্বরের কৃপা মান বার বার,
কভু না ভুলিও স্তুতি করিতে তাঁহার.

১ তব সর্ব্ব অপরাধ, ক্ষমা করিবেন নাথ,
পাপ রোগ হইতে মুক্তি দিবেন তোমার.

২ দয়ালু ঈশ্বর তিনি অনুগ্রহ চিন্তামণি,
কোপে ধীর অনুগ্রহ তাঁহার অপার.

৩ তিনি পাপ অনুসারে, দুঃখ নাহি দেন মোরে,
অপরাধোচিত শাস্তি না দেন ভক্তের.

৪ ভূমি হইতে উচ্চতরে, যথা স্বর্গ স্থিতি করে,
তত উচ্চ অনুগ্রহ ভক্ত প্রতি তাঁর.

৫ উদয়াস্ত ধরাধর আছে যেমন স্বতন্তর,

সেই মত দূরে রাখেন দোষ আমাদের.

৬ হেদেরে অশান্ত মন, কৃতজ্ঞ হইয়া শুন,
স্মরণ রাখিয়া ধন্যবাদ কর তাঁহার.

৭ পাইলা অনুগ্রহ যত, না ভুলিও কদাচিত,
ধর্ম্মময় নাম প্রশংসা করহ তাঁহার.

P. B. No. 58

## ৪২

হায় হায় ঈশ্বরের মহিমা,
প্রকাশ বিনা গেল দিন বিফল!
য়েশূর উদ্যান এই সংসার, তাহে বৃক্ষ যত নর, ওরে মন,
সময় ক্রমে নিশ্চয় তিনি এস্যে তত্ত্ব করিবেন হে ধর্ম্ম ফল

১ না হইয়া ফলবান, যদি বৃক্ষ যোড়ে স্থান, পূর্ব্বাপর,
তবে রুষ্ট হইয়া অতি, কাটিবারে অনুমতি, দিবেন হে,
তাহা হইলে ফেল্যে, দিবেন তবে যথা আছে অনির্ব্বাণান

২ কিন্তু কর্ত্তা দয়াময়, নচেৎ সবে নিরুপায়, পাপে হে,
সময় দেন শুধরাইতে, থাকেন তিনি অপেক্ষাতে, ফলে
আশে, এবং দয়াল য়েশূ পক্ষ বাদী মোদের তরে আছে
আনুকূল.

৩ স্বীকার করি তোমার কাছে, আমার অনেক ত্রুটি আ
ক্ষমাকর, ম্লান বৃক্ষ না হই যেন, কর আমায় সচেতন, প্রা
হে,
ভক্তি প্রেম ও নির্ম্মল মন ফলাও মোতে সেঁচি ধর্ম্মজল.

P. B. No. 262

## দয়া ও প্রেম

(গীত সংহিতা ১১৮)

### ৪৩

P (M. 9. 8.)

১ হউক পরম প্রভুর মহাধ্বনি,
নিরন্তর তিনি দয়াময়.
তাঁর দয়ার বিষয় আমরা ভনি,
যে তাহা নিত্য প্রকাশ পায়.
হে তাঁহার সেবাকারী সকল,
হে দয়ার পাত্র, সম্ভ্রম দেও.
আনন্দে কীর্ত্তন উঠুক প্রবল,
তাঁর দয়াতে কৃতজ্ঞ হও.

২ য়েহোবা হন মোর বল ও আশ্রয়,
সুগীতে গাই তাঁর পরাক্রম.
ত্রাণকর্ত্তা আপন শ্রমের দ্বারায়
দেন জয় ও রক্ষা অনুপম.
এক্ষণে প্রভুর লোকে হৃষ্ট,
নিজ তাম্বুতে জয় ধ্বনি গায়:
যে ধন্য তোমার দক্ষিণ হস্ত,
যার দ্বারা আমরা শান্তি পাই.

৩ যে প্রস্তর গাঁথক লোকে লইয়া
অগ্রাহ্য করে ফেলিল,
সেই কোণের প্রধান প্রস্তর হইয়া,
এক্ষণে উঠে সর্ব্বত্র.

এই দেখ, পরম প্রভুর কর্ম্ম,
যে মোদের দৃষ্টিতে অদ্ভুত.
ও দেখিলে তাঁর অদ্ভুত ধর্ম্ম,
গুণানুবাদে হই প্রস্তুত.

৪ তাঁর দক্ষিণ হস্ত হইল উচ্চ,
ও কর্ম্ম করে দুঃসাধ্য.
ও তোমার লোকে হইল হৃষ্ট,
যে মহা শত্রু পড়িল.
হে পরম প্রভু, তোমার কৃপা
হয় দীপ্তি দায়ক আমাদের.
ও তুমি থাক মঙ্গল দাতা
ও অনুগ্রাহক দরিদ্রের.

৫ হউন ধন্যবাদিত পরম প্রভু
যে বিনয় গ্রাহ্যকারি হন,
ও দূরে করেন নাহি কভু
যে ব্যক্তি করে নিবেদন.
আমার ও অভাব আছে সদা,
ও শত্রুর ভয়ে ভীত হই;
তথাপি তুমি মঙ্গল দাতা
ও অনুগ্রাহক নিত্যস্থাই.

C. W. I.

## ৪৪

(P. M. 8. 7. 7. 7.)

(১ য়োহান ৪, ১৯.)

১ প্রেম যে তুমি, আপন তুল্য
মম সৃষ্টি করিলা,
প্রেম যে তুমি, দিয়া মূল্য
মম উদ্ধার করিলা,
প্রেম যে তুমি, আমার মন
তোমায় করি সমর্পণ.

২ প্রেম যে তুমি, সৃষ্টির পূর্ব্বে
মম মঙ্গল ভাবিলা,
প্রেম যে তুমি, সর্ব্ব সর্ব্বে
মানুষ হইয়া আসিলা,
প্রেম যে তুমি, আমার মন
তোমায় করি সমর্পণ.

৩ প্রেম যে তুমি, ক্রুশোপরে
মৃত্যুর দংশন সহিলা,
প্রেম যে তুমি, আমার তরে
মঙ্গল সঞ্চয় করিলা,
প্রেম যে তুমি, আমার মন
তোমায় করি সমর্পণ.

৪ প্রেম যে তুমি, বল ও জীবন,
আলো, সত্য, আত্মা, গুণ,

প্রেম যে তুমি, আমার কারণ
আপনি হইলা সমর্পণ.
প্রেম যে তুমি, আমার মন
তোমায় করি সমর্পণ.

৫ প্রেম যে তুমি, কবর হইতে
মম দেহ উঠাইবা,
প্রেম যে তুমি, স্বর্গ দিতে
আছে তোমার প্রতিজ্ঞা.
প্রেম যে তুমি, আমার মন
তোমায় করি সমর্পণ.

C. W. L.

---

## ৪৫ (8. 7. double)

(গীত সং ১৪৫, ৯.)

১ সারাৎসার হে জগদীশ্বর,
অদ্ভুত তোমার গুণ ও ভাব.
তোমার তত্ত্ব পাওন দুষ্কর,
প্রাপ্ত হইলে পরম লাভ.
আপন অসীম দয়ার তেজে,
নরগণ তাঁহার দর্শন পায়.
তাহার প্রমাণ সর্ব্ব দেশে
পূর্ব্ব পশ্চিম জগতময়.

২ আপন তাবৎ সৃষ্টির প্রতি
তোমার দয়া সুপ্রকাশ,
পশু, পক্ষী, মানব জাতি,
সকল তাতে করে আশ.
তাবৎ প্রাণি মঙ্গল দাতা,
কোমল দয়ার উনুই স্থান,
তোমার ঠাঁই, হে পরম পিতা,
গ্রাহ্য হউক মোর স্তবের গান.

৩ অতলস্পর্শ কৃপার সিন্ধু,
তোমার দয়া বিশ্বময়:
সাগরস্থ জলের বিন্দু,
তাহা যদি গণন হয়,
সংখ্যা নহে তোমার দয়ার,
সে কি না অগণ্যময়.
তাহার কীর্ত্তি যুগ যুগান্তর
ব্যক্ত করা সাধ্য নয়.

৪ ক্ষুদ্র প্রাণী, আঃ যে আমি,
তোমার করি স্তুতি স্তব!
সর্ব্ব গুণাধার যে তুমি,
কেমন ধরি তোমার ভাব?
ও হে ঈশ্বর কৃপাবন্ত,
নিত্য সর্ব্ব দয়াময়.

তোমার প্রেমেতে একান্ত
আমি যেন মগ্ন হই.

J. G. L.

---

## ৪৬

(C. M.)

১ মোর প্রভুর দয়া নিত্যস্থাই.
তাঁর সত্যতা অটল:
যদি ও সৃষ্টি বিনাশ পায়,
তাঁর অঙ্গীকার সফল.

২ তাঁর অঙ্গীকৃত দয়ার বাক্
নিতান্ত সুস্থির রয়.
ভয় সন্দেহ মোর দূরে যাক্:
মোর ঈশ্বর সত্যময়.

৩ তাঁর নিত্য দয়ার গুণেতে
মোর মনে ভরসা হয়.
খ্রীষ্ট য়েশূর অনুরোধেতে
মুই ত্যক্ত হইব নয়.

৪ খ্রীষ্ট য়েশূর মহা কৃপাতে
মোর অশেষ মঙ্গল হয়.
ত্রাণকর্ত্তার মৃত্যু ভোগেতে
মোর আত্মা মোক্ষ পায়.

৫ এই সকল আশীর্ব্বাদের মূল,
ঈশ্বরের দয়াতে.

তা হইতে সুকল্যাণ প্রতুল
নিরন্তর ফলিবে.

৬ এই জন্যে তাঁহার দয়ার স্তব
গান করি সর্ব্বক্ষণ;
প্রাণ বিয়োগ হওন শেষের রব
হউক দয়ার সঙ্কীর্ত্তন.

J. G. L.

---

## ৪৭

(8. 7. double)

(য়োহন ৪, ৮.)

১ জগৎ সৃষ্টির পত্তন পূর্ব্বে,
যখন আকাশ মণ্ডল নাই,
ঈশ্বর দয়াতে অপূর্ব্ব
মোদের মঙ্গল অভিপ্রায়,
সুস্থির করে্য আপন মনে,
প্রকাশ করেন অদ্ভুত রূপ,
আপন প্রিয় পুত্রদানে,
কারণ তিনি প্রেম স্বরূপ.

২ মোর ভূমিষ্ঠ হওন অগ্র,
আত্মা দেহে রক্ষা পাই,
এমন চেষ্টায় তিনি ব্যগ্র
কল্য অদ্য সর্ব্বদাই.
আপন পুত্র তিনি দিলেন.

ক্রুশের উপর বলি রূপ,
দণ্ড হইতে মোকে তারেন,
কারণ তিনি প্রেম স্বরূপ.

৩ প্রেমের উচ্চই স্থান পর্য্যন্ত
মনে যখন উঠিত হই,
হৃদে আহ্লাদ হয় অত্যন্ত,
ধ্যানে যখন দেখ্তে পাই,
দয়ার শ্রোত সে কেমন বহে,
সকল যুগে বিশ্বরূপ,
প্রত্যেক দিন এ কথা কহে:
ঈশ্বর তিনি প্রেম স্বরূপ.

৪ কিন্তু যখন সাক্ষাৎকারে
পরম প্রভুর দর্শন হয়,
বাড়িবে অসংখ্য বারে
তাঁহার তত্ত্বের পরিচয়;
প্রেম স্বরূপ নাই তাঁকে ভাব্যে,
কারণ তাঁহার স্বত্ব প্রেম,
গীতের অন্তরা মোর হইবে:
ঈশ্বর তিনি শুদ্ধ প্রেম.

J. G. L.

---

৪৮

শান্তি দাতা তুমি হে দয়াময়,
তোমার প্রশংসা নরের জিহ্বাতে না হয়.

১ স্বর্গ মর্ত্য আদি যত, সকলি তোমার কৃত, হে
তুমি আদি তুমি অন্ত উৎপত্তি প্রলয়.

২ তুমি হে জগৎ জয়ী, অমৃত জলের উনুই, হে
তব নামে রোগ শোক পাপ দূরে যায়.

৩ স্বর্গের সকল ভূপে, দেখাইলা নিজ প্রেমে, হে
এমত অদ্ভুত প্রেম আর কার নয়,

৪ মোরে না ছাড়িও কভু, অনাথের বন্ধু প্রভু, হে
য়েশূ খ্রীষ্ট দীনহীন পাপির আশ্রয়.

P. B. No. 55.

## ৪৯

কিবা দয়াময়! ধন্য ২ ধর্ম্ম পিতা ব্রহ্ম নিরঞ্জন.

১ বাঁচাইতে শত্রুর প্রাণ, পুত্রে দিলেন বলিদান.
করিলেন আশ্চর্য্য কার্য্য পাপির কারণ.

২ ছিলাম ক্রোধ অধিকারী, উদ্ধারিলেন প্রেম করি,
শত্রুগণে পুত্র সম করিলে পালন.

৩ ক্ষমা করি সর্ব্ব পাপ, নাশিলেন নরক তাপ,
অশুচিরে শুচি করি করিলে গ্রহণ.

৪ দীনে করিতে নিস্তার, হস্ত করেছ বিস্তার,
উঠাইয়াছ আপনার কৃপার নিশান.

P. B. No 59.

## বুদ্ধি ।

### ৫০

(8. 7.)

(১ করিন্থিয় ৪, ৭.)

১ ওহে বুদ্ধিমন্ত ঈশ্বর,
নিগূঢ় জ্ঞানে প্রকাশমান,
জগতের জ্ঞান আছে নশ্বর.
বিভব জনক তোমার জ্ঞান.

২ যখন জগৎ কৈলা সৃজন.
প্রকাশিলা নিগূঢ় জ্ঞান,
তাও জ্ঞানে কর পালন,
করি তোমার জ্ঞানের গান.

৩ যখন নরগণ পতিত হইল,
প্রকাশিলা নিগূঢ় জ্ঞান,
পুত্রে তারা উদ্ধার পাইল,
করি তোমার জ্ঞানের গান.

৪ ধর্ম্ম গ্রন্থে ত্রাণ জানাইয়া,
প্রকাশিলা নিগূঢ় জ্ঞান.
আমরা স্বর্গের পথ ও পাইয়া,
করি তোমার জ্ঞানের গান.

৫ তোমার পুত্রের দুঃখ ও ক্রুশে,
প্রকাশিলা নিগূঢ় জ্ঞান,
আমরা সুখ পাই তাঁহার ক্লেশে,

করি তোমার জ্ঞানের গান.

৬ সাধু স্বর্গ পথে লইয়া,
প্রকাশ কর নিগূঢ় জ্ঞান,
ম্রিয়মাণ ন্যায় জীবিত হইয়া,
করি তোমার জ্ঞানের গান.

C. W. L.

---

## ৫১

(বেহাগ রাগিণী সুর তাল আড়া।)

প্রভু তোমার কেমন বুদ্ধি উপলব্ধি না হয় কখন,
তোমার জ্ঞানের বিশেষ মনে প্রশংসা করি সর্ব্ব ক্ষণ.

১ নানাবিধ ক্রিয়ার কারণ, যে যেখানে আছয়ে স্থাপন,
জ্ঞানেতে করিয়াছ সৃজন; স্থির রীতি না হয় লঙ্ঘন.

২ তব জ্ঞানের গতি কেমন, জ্ঞান ধনের গভীর কেমন,
জ্ঞানে বিচার ন্যায় কারণ, সত্য জ্ঞান সত্যের ভূষণ.

৩ মম জ্ঞানের পরিবর্ত্তন, সরল জ্ঞান করে অর্পণ,
ইতে করি তোমার স্তবন, মম বাঞ্ছা করি হে নিবেদন.

ফ. ক. ম.

---

## জগতের সৃষ্টি স্থিতি ও শাসন করণ।

(8. 7.)

## ৫২

(গীত সং ৯৫)

১ সর্ব্বোপরি স্থিতি যাঁর,
কেবল তিনি রাজেশ্বর.

ওহে সকল মানবগণ,
কর তাঁহার আরাধন.

২ অতি গভীর মহার্ণব,
নদী, পর্ব্বত, ভূমি সব,
তাহা কর্ত্তৃক সৃষ্ট হয়,
এবং তাঁহার অধীন রয়.

৩ মানুষ, পশু প্রভৃতি,
প্রাণির কর্য়া উৎপত্তি,
তাদের প্রতি দিয়া মন
করেন সদা সুপালন.

৪ তাঁহার আজ্ঞা হেয় জ্ঞান
করিয়াছে মানবগণ.
তবু করেন উপায় দান,
যেন পাইতে পারে ত্রাণ.

৫ ইতে রাখ ধর্ম্ম বোধ,
নাহি বাড়াও তাঁহার ক্রোধ.
অদ্য কর অঙ্গীকার :
তিনি আমাদের ঈশ্বর.

৬ পাছে ক্রোধে তুল্যে হাত,
শপথ কর্য়া কহেন নাথ :
ওরে তুচ্ছকারী জন,
শপ্ত থাক সর্ব্বক্ষণ.

## ৫৩

(7.5.)

(গীত সং ৩১, ১৫)

১ নরপতি শক্তিমান,
তুমি মহা বুদ্ধিমান :
মোর সব ঘটনা ও কাল,
রহে তোমার হস্ত তল.

২ তাবৎ লোকের বাসস্থান,
পিতা মাতা, জন্ম স্থান,
জন্মের সময়, কাল বিধান,
তিনি করেন নিরূপণ.

৩ সুস্থতা দেন এবং রোগ,
দুর্দ্দশা ও সুখের ভোগ,
শোক ও দুঃখ ও ক্লেশের ভার,
এবং তাহার প্রতীকার.

৪ মাহামারী, মরণ ভয়,
চতুর্দিকে প্রকাশ হয়,
যাবৎ তিনি রাখতে চান,
তাবৎ মারে না এক বাণ.

৫ তোমার হস্তে, দয়াবান,
অর্পণ করি আপন প্রাণ.
সৃষ্টি স্থিতি পালনে,
তুমি পূর্ণ দয়াতে.

C. W. L.

## ৫৪

ওহে ঈশ্বর তব তুল্য কে আছে মহান,
তব শক্তির পরিচয় আশ্চর্য্য আখ্যান

১ ঈশ্বর তত্ত্ব করি গান, তিনি সর্ব্বশক্তিমান,
পৃথ্বী পরে ধরাধর তাঁহারই নির্ম্মাণ.
সাগরাদি সুবিস্তার, আদ্যে হইল গুণে তাঁর.
আকাশ মণ্ডল তিনি কৈলেন প্রসারণ.

২ করিবারে দিনমান, শূন্যে থুলেন অংশুমান
যাতে নানা ঋতু হয়, হায় কিবা জ্ঞান.
দেখ তাঁর সুকৌশলে গ্রহ আদি সদা চলে,
নিশাপতি রাত্রি কালে করে আলো দান.

৩ উত্তম খাদ্য সবিশেষে, জন্মাইলেন সর্ব্বদেশে,
সকল জীবে পালিবারে স্বয়ং দয়াবান.
নরের প্রতি বিশেষ চেষ্টা, করিলেন জগৎ স্রষ্টা,
দিবা স্বভাব দিয়া করেন সকলের প্রধান.

৪ শূন্য ভরে অবস্থিত, মেঘ ঝড় আদি যত,
ঈশ্বর আজ্ঞার বশীভূত কভু নাই আন.
ধরণীতে নাহি হেন, ফুল ফল বৃক্ষ তৃণ,
যাহাতে গৌরব তাঁর না হয় প্রকাশমান.

৫ যদি ভূমি নিরীক্ষণ করি আমি ক্ষণেক ক্ষণ,
কিম্বা আকাশেতে দেই যদি এ নয়ন,

কোথা নাহি এমন স্থান, পলাইয়া বাঁচাই প্রাণ,
সর্ব্বত্রেতে আছেন ঈশ্বর নিত্য বিদ্যমান.

৬ প্রেম কিরণে উজ্জ্বল, করেন তিনি স্বর্গস্থল,
নরক কুণ্ডে কোপ রাশি দেন অপরিমাণ.
যাঁহার এই অশেষ শক্তি, আইস সভে করি ভক্তি,
তিনি মাত্র দিতে পারেন নরের পরিত্রাণ.

P B No 52

# III. পাপ ও পরিত্রাণ।

---

## ৫৫

(C.M.)

১ ত্রাণ কি আনন্দ দায়ক রব!
তার শ্রবণ কেমন সুখ?
তাই পাপ রূপ ক্ষতের ঔষধ সব,
ও ঘুচায় মনের দুঃখ.

২ হায়, মগ্ন হইয়া পাপেতে,
প্রায় নরক দ্বারে রই.
পরন্তু খ্রীষ্টের কৃপাতে
ত্রাণ দিবস দেখ্‌তে পাই.

৩ ঐ ত্রাণের মহাধ্বনি রব,
স্থান স্থানে ব্যাপে যাউক.
এই মর্ত্য সঙ্গে স্বর্গ সব
সে ত্রাণের রব বাড়াউক.

৪ গৌরব, সম্মান, স্তব ও শক্তি,
সদা পাউন য়েশূ খ্রীষ্ট;
তিনি মোদের পরিত্রাতা,
হল্লেলুয়া স্তব গান হউক.

C, M. B. No 2.

---

## ৫৬

(C.M.)

১ হায় হইল কি এ জগতে,
পাপ কর্ম্মে রত মন!
ত্রাণ পাইবার আছে চেষ্টাতে,
এই প্রকার নাই এক জন.

২ ঘোর নরকে বরঞ্চ যায়,
ত্রাণ তবু লবে নাই,
ও সর্ব্বনাশে মগ্ন রয়,
হায়, হবে কি, হে ভাই.

৩ সব প্রাণির আছে অন্ধকার,
আর দেখিতে না পায়;
হয় ভাল মন্দ কুবিচার,
জ্ঞান হীন কুপথে যায়.

৪ পাপ স্রোতে জগৎ ভাস্যে যায়,
প্রাণ রক্ষা করে কে?
কুবুদ্ধি কুমন্ত্রীর গ্রাস্যে লয়.

এ আপদ জানে কে?

৫ কার আছে পাপের ভাবনা,
ও ঈশ্বর প্রতি ভয়?
যে বলে : কর মার্জ্জনা
হে ঈশ্বর দয়াময়.

C. M. B. No. -

---

## ৫৭

(78.)

১ ওহে ভাই লোক, য়েশূর নাম
নিত্য নিত্য কর গান :
য়েশূ সর্ব্ব গুণ ধাম,
পাপী লোকের পরিত্রাণ.

২ প্রেমের সিন্ধু য়েশূর নাম.
লাগে রসাল কাণেতে.
শীঘ্র পূরে মনস্কাম,
দয়াল মুক্তি দানেতে.

৩ খ্রীষ্ট বিনা পরিত্রাণ,
অন্য কোন উপায় নাই :
তিনি হইলেন বলিদান,
তাঁহার পুণ্যে স্বর্গে যাই.

৪ ঈশ্বর মানুষ অবতার,
মৃত্যু জয়ী শক্তিময়.

যেশূ সর্ব্ব পরাৎপর,
তাঁতে জগৎ উদ্ধার পায়.

৫ যেশূর নামে আশ্রয় লও,
কর দূর সমস্ত ভ্রম.
ওহে, ভ্রান্ত নাহি হও,
ভজ খ্রীষ্টকে অনুপম.

৬ কর যেশূ খ্রীষ্টের স্তব,
আহ্লাদ করো অতিশয়.
যেশূর নাম সুমধুর রব,
তাহা ঘুচায় মনের ভয়.

C, M B No 32

---

## ৫৮

(8 7.)

১ আমি থাকি সদা ত্রাসে,
পাছে নাহি ফিরে মন;
পাছে থাকি সয়তান বশে,
ইহা ভাবি সর্ব্বক্ষণ.

২ ওহে অন্তর তোমায় বলি:
যেশূর ধর্ম্ম তরুতল
বাসা কর শীঘ্র চলি,
তিনি সত্য আশ্রয় স্থল.

৩ তখন পাপ তাপ দূরে যাবে,

ভুঞ্জ্যে ত্রাণের সুধা ফল,
জ্ঞানের হাওয়ায় স্নিগ্ধ হবে,
করো্য পান অমৃত জল.

৪ আর হাই করিয়া জুড়াইবে.
দয়া ফুলের আমোদে,
অটল প্রেমে তৃপ্ত হইবে,
নাহি পড়্যে প্রমাদে.

৫ য়েশূ বিনা কোন নরে,
প্রাণের বিয়োগ হইলে পর,
অক্ষয় জীবন দিতে পারে.
তাঁহার স্তব হউক নিরন্তর.

C. M B. No 54.

---

(S M)

## ৫৯

১ হে য়েশূ দয়াবান,
অতুল্য তোমার গুণ.
গাই যেন আমরা তোমার গান,
উল্লাসিত সর্ব্বক্ষণ.

২ আমি তো পাপী জন,
অত্যন্ত দুরাচার.
মোর অতি দুষ্ট অধম মন:
কি রূপে হব পার?

৩ হে মহা কর্ণধার,
স্বদয়ার নৌকাতে
এ পাপ রূপ সাগর কর পার,
না মরি পাপেতে.

৪ প্রেম তোমার হয় অতুল,
অনন্ত তোমার ত্রাণ.
এ ভব সিন্ধুর তুমি পুল,
স্বকৃপার নাহি আন.

৫ হে সত্য অবতার,
সর্ব্বত্র ঘোষা যাউক
অনন্ত মঙ্গল সমাচার
ত্রাণ তাবৎ লোকে পাউক.

C. M. B. No. 56

---

## ৬০

(S.M.)

১ হে ঈশ্বর, আমার পাপ
অত্যন্ত চমৎকার.
নিতান্ত আমি ভোগি শাঁপ,
এই মত দুরাচার.

২ মোর কেমন ভ্রান্ত মন!
সে দুষ্ট পথে যায়.

ঘোর পাপে মজে সর্ব্বক্ষণ,
মোর নিজে উপায় নাই.

৩ মোর মাথার যত চুল,
ততোধিক আমার দোষ.
পারমার্থিক বিষয়ে মোর ভুল,
দ্বেষ, মোহ, অতি রোষ.

৪ এই মাত্র আছে আশ :
খ্রীষ্ট য়েশূর মরণে.
মোর নিশ্চয় হবে পাপের নাশ
তাঁর বিশ্বাস করণে.

C. M. B. No 61.

(8. 7 7. 7.)

## ৬১

১ ও ভাই, য়েশূ খ্রীষ্ট বিনা
আমরা সকল উপায়হীন,
দুঃখি, দীন হীন, দুরাচারি,
বিশ্বাস, ভক্তি, ভরসাহীন,
আইস খ্রীষ্টের কাছে যাই,
তবে আমরা রক্ষা পাই.

২ ও ভাই, য়েশূখ্রীষ্ট বিনা
হেথায় সকল অন্ধকার.
পাপের বিষে আমরারি,

নাহি দেখি প্রতীকার.
মনের ভয় অত্যন্ত, ভাই,
আইস দৌড়ি খ্রীষ্টের ঠাঁই.

৩ ও ভাই যেশূ খ্রীষ্ট বিনা
হেথায় কোন আশ্রয় নাই.
মায়ার জালে ধৃত আমরা,
পদে পদে পড়্যে যাই.
দুর্ব্বল, ভীত, সদাই হই,
আইস খ্রীষ্টের আশ্রয় লই.

৪ ও ভাই, যেশূ খ্রীষ্ট বিনা
কোন মতে রক্ষা নাই.
তিনি কেবল মোদের ত্রাতা,
রক্ষক, ঢাল ও সত্যোপায়,
পাপের নাশক, শান্তিকর.
তাঁকে ভাব নিরন্তর.

J. G. L

## ৬২ (C.M)

১ খ্রীষ্ট তোমায় বিশ্বাস করি
যে তুমি ত্রাণের নাথ.
পাপিষ্ঠ হইয়া ধরিলাম,
হে প্রভো, তোমার হাত.

২ এজগৎ মধ্যে আসিয়া,
প্রেম প্রকাশ করিলা.
ও পাপি লোককে তরাইয়া,
প্রেম পূর্ব্বক মরিলা.

৩ যে কেহ জানে তোমার গুণ,
তার পাপও দূরে যায়,
ও মৃত্যু যোগে তাহার মন
ত্রাণ আশায় পূর্ণ হয়.

৪ যার তুমি জ্ঞাতি, বন্ধু রূপ,
ও সর্ব্ব শ্রেষ্ঠ ধন,
সে সুখে ছাড়ে আপন পাপ,
ও চাহে কেবল ত্রাণ.

৫ যার মনে তুমি কর বাস.
তার বিশ্বাস স্থিরতর,
তার পূরে সর্ব্ব অভিলাষ,
পায় আহ্লাদ মনোহর.

C. M. B No 57

---

## ৬৩

(7 8 double)

১ অলস ব্যক্তি, হও জাগৃত,
চিন্ত কিসে হইবে ত্রাণ.
সদা যদি হও নিদ্রিত,

তবে হারা যাইবে প্রাণ.
দেখ, কেমন বড় তুফান,
আসিতেছে বেগান্বিত.
কিসে হইবে তোমার কল্যাণ,
মৃত্যু হইলে উপস্থিত.

২ ভব মাঝে বড় পাঁথার,
আমার নৌকা ভাঙ্গা যায়.
যদি তাহাতে দিই সাঁতার,
রক্ষা নাহি হইবে তায়.
তরঙ্গেতে ডুব্যে মরি,
আমায় ঘটিল প্রমাদ.
কেহ নাহি উদ্ধার কারী,
ফলিতেছে অপরাধ.

৩ য়েশূ তুমি সর্ব্বকর্ত্তা,
তোমার সকল বশীভূত.
সৃষ্টিকারী, পালক, হর্ত্তা,
পরিত্রাতা, ঈশ্বর সুত.
ও হে য়েশূ, আমায় তারি.
আমার কর উপকার.
তোমা বিনা ডুব্যে মরি,
অন্যে নাহি মোর উদ্ধার.

C. M. B. no 8:

## ৬৪

(104h)

১ হে য়েশূ, মোর পাপ, সে অতিবাদ হয়,
একারণে তাপ, মোর হইল এ ভয়:
কি করিব আমি? না দেখিলাম পথ,
হে জগতের স্বামী, না ছাড় অনাথ.

২ হায় হইবে কি মোর! কে করিবে পার?
এ অন্ধকার ঘোর, না ঘুচিবে আর?
হে য়েশূ মোর আলো, যে তুমি নিশ্চয়,
হে পরম দয়ালো, দূর কর সংশয়.

৩ মোর জন্মাইও আশ; হউক সচেতন মন,
মোর তারণ প্রকাশ, যে তুমি এখন.
এ দেখাইও প্রভু, প্রত্যক্ষ প্রমাণ,
না ত্যজিও কভু মোর অকিঞ্চন প্রাণ.

৪ যে কালে মোর শেষ, মোর প্রাণের সংশয়,
সে কালে এক লেশ, না রাখিও ভয়.
এ করিলে, তবে মোর হইবে নিস্তার,
মোর ভরসা হবে, আনন্দ অপার.

৫ মোর দশা যে হউক, এ থাকিবে আশ:
না রহিবে শোক মোর ত্রাণকর্ত্তার পাশ.
এ হইলে মোর প্রাপ্তি, না চাহিব আর,
সম্পূর্ণ মোর তৃপ্তি, অনন্ত উদ্ধার.

C M. B. No 116.

(8. 7.)

## ৬৫

১ যদিও হই সর্ব্ব প্রাপ্ত,
যেমন পাপী লোকে চায়,
ধন ও কীর্ত্তি নিত্য নিত্য
যদি বাড়ে অতিশয়:

২ তীর্থে তীর্থে যদি বেড়াই,
ধর্ম্ম স্থানে করি বাস,
ঘর কুটুম্ব যদি ছাড়ি,
পুণ্য করি অভিলাষ:

৩ সর্ব্ব শাস্ত্র যদি পড়ি,
চরণোদক করি পান,
বড় বিতরণও করি,
তাতে হইতে নারে ত্রাণ.

৪ পাপ বিমোচন পুণ্য আশা
তাহাতে উৎপন্ন নয়,
স্বর্গ গমন করার ভর্সা,
অন্য স্থানে দেখ্‌তে হয়.

৫ য়েশূ তারক তোমার মরণ,
মাত্র জীবনের উপায়.
ধরি আমি তোমার চরণ,
তুমি আমার সত্যাশ্রয়.

W. C.

P. B. no 17

## ৬৬

(104th)

১ হে জগতের স্বামী, ত্রাণ কর এ নর,
এ পাপী যে আমি, না করিও দূর.
না ত্যজিও আমায়, অনাথ আমার প্রাণ,
না ছাড়িব তোমায়, এই আমার বিধান.

২ নরাধম যে পাপী, দুরাচার দুর্জ্জন,
ঘোর তাপেতে তাপি, হে কাঙ্গালের ধন,
স্বদয়াতে হবে নিতান্ত নিস্তার,
ত্রাণকর্ত্তা এ ভবে না দেখিলাম আর.

৩ এই ভব তরঙ্গে মোর জন্মিল ভয়,
মোর নৌকা পাছে ভাঙ্গে, কি হবে উপায়?
এ তুফান ভয়ঙ্কর, হায় বিপদ কি ঘোর !
হে য়েশূ শুভঙ্কর, নিস্তারো প্রাণ মোর.

৪ হে য়েশূ, যার সঙ্গে হয় তোমারি বাস,
সব দুর্দ্দশা লঙ্ঘে স্বপ্রিয়তম দাস.
যে স্থানেতে আশ্রয় নিতান্ত প্রমাণ,
সে পাবে অসংশয় ঐ ঘাটে লাগান.

P B No 161

---

## ৬৭

(7s.)

পূর্ব্বে দেখ্য য়িশ্রায়েল লোক,
সিনাই গিরি অগ্নিময়,

স্বপাপ ভাবি হইল শোক,
এবং অতি কম্পিত কায়;
কিন্তু ঈশ্বর কৃপাবান্
কৈলেন ত্রাণের লক্ষণ দান

২ নিস্তার পর্ব্বের বলিদান,
যাহার রক্তে সিক্ত দ্বার,
তাহায় জন্মায় এমন জ্ঞান
যাহার মনে সুবিচার:
রক্ত বিনা পাপের ক্ষয়
কোন মতে সম্ভব নয়.

৩ পরের পাপ যে বহিবে,
তাহার আছে প্রয়োজন,
হইবে পূর্ণ ভাবেতে
তাহার শুদ্ধ সত্ত্ব মন.
জানায় ইথে কপোত মেষ;
নাহি য়েশূর পাপের লেশ.

৪ সচল ছাগের শিরেতে
দিয়া লোকের পাপের ভার.
ছেড়ে দিলে বনেতে,
দেখা যাইত নাহি আর,
তদ্রূপ য়েশূ নরের পাপ
দূরে রাখেন ভোগি শাঁপ.

৫ অন্য পক্ষির রুধিরে
আর এক পক্ষী মগ্ন হয়,
সেই পক্ষী তৎপরে
মুক্তি পায়্যা উড়ে যায়.
য়েশূর রক্তে ধৌত নর
তেমনি পাবে মুক্তি বর,

৬ য়েশূ, তব গ্রন্থেতে
হর্ষে করি দৃষ্টিপাত,
তাহা সকল পৃষ্ঠাতে,
তোমার বিষয় পূর্ণ, নাথ.
অতেব যেন আমার মন
করে তাহা সুপালন.

P. B No 265

---

## ৬৮

(8. 7)

১ কিসে হবে পাপ বিমোচন,
ইহা জানা দিব্য জ্ঞান.
ধর্ম্ম গ্রন্থে ইহা রচন :
য়েশূ নামে পরিত্রাণ.

২ প্রভু য়েশূ খ্রীষ্টের মরণ
হবে ভক্তগণের আশ.

কর্ম্ম ফুলায় অন্তঃকরণ,
তাতে দিব্য জ্ঞানের নাশ.

৩ য়েশূ প্রেমরূপ তরুতলে
বস্যে হবে শীতল মন.
পাপের জ্বালা নাহি জ্বলে,
ইহাঁয় থাক সর্ব্বক্ষণ.

৪ য়েশূর নামে হইলে আশ্রিত,
সুস্থির হইবে সেই জন.
য়েশূর ভক্তি হইলে নিশ্চিত,
তৃপ্ত হইবে সর্ব্বক্ষণ.

(O. B. H. B. No. 64.

---

## ৬৯

(L. M.)

১ হায় ২ কি আমি করিব?
প্রাণ কোথায় গিয়া জুড়াইব?
কে লইবে আমার পাপের ভার?
কে মোরে করিবে নিস্তার?

২ যেহেতুক মোর যে সকল পাপ,
তদ্দ্বারা ভুঞ্জি অভিশাঁপ.
এ ভাবিয়া নিজ মনেতে
রই সদা অস্থির প্রাণেতে.

৩ যে করে মোরে সান্ত্বনা,
এই ভবে কারে দেখি না.
যা দেখি তাহা ফাঁকি সব,
ত্রাণ পাইতে হেথায় অসম্ভব.

৪ এক্ষণে পাইলাম এক জনা,
যে দিবে মোরে সান্ত্বনা,
যে লইয়া আমার সকল পাপ,
ঘুচাইলেন আমার মনের তাপ.

৫ এ হেতু শীঘ্র চল মন:
খ্রীষ্ট য়েশূর নামে পরিত্রাণ.
তায় বসিব তাঁর পদতল,
পাপ অগ্নি যায়, হয় মন শীতল.

El.

---

## ৭০

য়েশূ তারিলে মহাপাপিরে,
পাপির পাপ দুঃখ লইলে শরীরে.

১ অতি নরাধম আমি, তারক ব্রহ্ম য়েশূ তুমি,
পাতকির পাপের ভার ধরিলে হে শরীরে.

২ য়েশূ নাম মহা তত্ত্ব, বিশ্বাসিলে হবে মুক্ত,
ভক্তি করি যেই ধরে সেই ভবে তরে রে.

৩ ক্রুশেতে হইয়া হত, মহা রক্ত কৈলেন পাত,

রক্তমাংসে প্রায়শ্চিত্ত, মহাপাপ হবে রে,

৪ দূতগণ লইয়া সাতে, আইলেন য়েশূ এ জগতে,
ধর্ম্মময় মৃত্যুঞ্জয় ভক্তি করি ধর রে.

P. B. No. 110.

---

## ৭১

আমি কার কাছে দাঁড়াই?

১ করিতেছি পাপ পুঞ্জ কার কাছে দাঁড়াই.
য়েশূ বিনা তরাইতে আর কেহ নাই.

২ সত্য ধর্ম্ম অনুগ্রহ নহে তোমা বই,
তোমাতে করিলে ভক্তি পাপে মুক্ত হই.

৩ তুমি হে প্রেমের সিন্ধু পীতে আমি চাই:
ধর্ম্মমন ও পাপের মোচন তোমা হইতে পাই.

৪ আমি পাপী নরাধম না জানি কিছুই,
কেবল তারণকর্ত্তা য়েশূ খ্রীষ্ট বিনা নাই.

C. M B. No. 4.

---

## ৭২

চল ভাই গিয়া সেবি য়েশূ ব্রহ্মকে,
মুক্তি পদ দিতে তিনি ডাকিছেন পাপিকে

১ আইস সর্ব্ব পরিশ্রান্ত, মনকে করহ শান্ত,

নিতান্ত যাইবা তবে প্রভু য়েশূর অন্তিকে.
নির্ভয়েতে চল ভাই, তাঁহার নিকটে যাই,
মায়া ত্যজি সবে মিলি ভজি গিয়া তাঁকে.

২ যত ভার তোমাদের আছে, নিয়া রাখ য়েশূর কাছে,
অকাতরে সব দুঃখ জানাও তাঁহাকে.
অতিশয় দয়া তাঁর, তোমাদের পাপ ভার,
খণ্ডাইয়া মুক্তি পদ দিবেন সভাকে.

৩ কৃপাময় প্রেম সিন্ধু, তিনি পাপি তাপির বন্ধু,
দেখ তিনি মৃত্যু কালে, তারিলেন দস্যুকে.
দিতে জীবে মুক্তিদান, ত্যজিলেন নিজ প্রাণ,
তিনি বিনা হেন কার্য্য করিয়াছে কে ?

৪ ওহে প্রভো প্রেমালয়; মোরা সবে নিরাশ্রয়,
দীন হীনে কর দয়া, নিবেদি তোমাকে.
আমাদের যত পাপ, কৃপা করি কর মাপ,
তব প্রেমে চিত্ত যেন মগ্ন হইয়া থাকে.

P. B. No. 189.

## IV. খ্রীষ্ট আগমন বিষয়।

---

### ৭৩ (C. M.)

১ হোশানা য়েশূ খ্রীষ্টের নাম,
এ জয় জয়কারী রব.
গান তাঁহার করুক সর্ব্বধান,
আনন্দে মানব সব.

২ হোশানা দাবিদ পরম সুত,
কর্ত্তৃত্ব তোমর হউক.
সব রাজ্যের রাজা স্বর্গদূত,
গান করুক তোমার লোক.

৩ হোশানা ধর্ম্ম অধিরাজ,
অনন্ত তোমার নাম.
কর্ত্তৃত্ব কর জগৎ মাঝ,
না ছাড় কোন ধাম.

C. M. B. No. 140.

## ৭৪

(8. 7. double)

১ আইস য়েশূ সর্ব্ব বাঞ্ছিত,
পাপের ভয়েতে তরাও.
তুমি লোকদের তারক জন্মিত,
মোদের বিশ্রাম তোমায় দেও.
ধার্ম্মিক লোকদের তুমি আশা,
বল ও প্রবোধ ভক্তদের
সর্ব্ব জাতিদের প্রত্যাশা,
আমোদ শান্তি সকলের.

২ য়েশূ জন্মেন উদ্ধার দিতে,
শিশু হয়্যে ও রাজা হন.
মোদের মনের কর্ত্তা হইতে,
আপন রাজ্য লও এখন.
আপন আত্মা দ্বারা আইস,
মোদের মনে কর্ত্তা হও.
আপন জন্মের দ্বারা, য়েশূ,
আমাদিগকে স্বর্গে লও

C. M. B. No. 251.

## ৭৫

(8-

হোশানা অবিশ্রাম,
খ্রীষ্ট্ য়েশূর কর স্তব.

হোশানা য়েশূ খ্রীষ্টের নাম,
আনন্দযুক্ত রব.

২ হোশানা করি গান,
ও কীর্ত্তন মনোরম;
হউক জয় জয় ধ্বনি সর্ব্বস্থান
খ্রীষ্ট য়েশূর অনুপম.

৩ হোশানা কহুক লোক
সব ভবে স্থানে স্থান.
দাবিদের সুতের স্তুতি হউক,
খ্রীষ্ট পাপিকে দেন ত্রাণ

৪ হোশানা অবিশ্রাম,
খ্রীষ্ট য়েশূর কর স্তব.
হোশানা য়েশূ খ্রীষ্টের নাম,
আনন্দযুক্ত রব.

C. M. B. No 139

---

## ৭৬

সচ্চিদানন্দ নন্দন,
মুক্ত কৈলেন দাসত্বের বন্ধন.

১ দেখিয়া অনাথ নর, আইলেন ঈশ্বর,
নয়নের নীর করিতে মোচন.

২ মনোগত রিপু যত, হয় পরাজিত,
কিবা চমৎকার তাঁর শাসন.

৩ নাশিতে নরের দুর্গতি, জগতের পতি,
দুঃখ ভোগি সুখ কৈলেন প্রদান.

৪ য়েশূকে করিলে স্বীকার, নাশিবে বিকার,
য়েশূ খ্রীষ্ট জগতের জীবন

P B No 125

# V. খ্রীষ্ট জন্মের বিষয়।

---

## ৭৭ (P. M.)

(এফেস ২, ১৪. ১৫.)

১ নরেশ্বর হইলেন নর, স্তব কর,
স্ব প্রেমে সাক্ষাৎ করিলেন.
ত্রাণকর্ত্তা আইলেন, সাহস কর.
তাঁর আগমন শাঁপ ঘুচাইবেন.
মেঘ খোলা যায় ও আমি শুনি
দূত সেরাফিদের জয় জয় ধ্বনি :
হয় হাল্লেলুয়া রব, যে নরক কম্পময়.
পরমেশ্বর শত্রুতায় হন ক্লান্ত :
হউক এক্ষণ তাবৎজগৎ শান্ত.
একথা ব্যাপে চতুর্দিগে প্রকাশময়.

২ সব সাধু পিতৃগণের আশা,
যে ঊর্দ্ধ হইতে উদয় হয়,

সে বৃদ্ধ নাগের মস্তক নাস্তা
হন সঙ্কীভূত স্বমহিমায়.
পরমেশ্বর দুঃখ ভোগ করিবারে,
এ ভাবে মানুষ অবতারে.
স্বরক্তের অস্ত্রে যুদ্ধ কারণ প্রস্তুত হন.
রেঃ সয়তান সরে'! কাঁপ সর্প!
ও ত্রাহি কর নরক সর্ব্ব!
রেঃ মৃত্যু, তোমার হুল হয় ভগ্ন অনুক্ষণ.

৩ এক্ষণে ফাটে তোদের শৃঙ্খল,
হে ধন্য ধন্য বন্দিগণ.
হে আইস, মুক্তি লহ সকল,
তার নাম "বীর, মন্ত্রী, বলবান্"
হে আঘাতপ্রাপ্ত. আইস হেথায়.
গোশালায় প্রতিকারের উপায়,
হাডঙ্গে ঈশ্বর সুতকে দেখ দরিদ্র.
যাঁর তেজে তাবৎ স্বর্গপূর্ণ,
সামান্য বস্ত্রেতে জড়ান,
তাঁর হাতে তবু জগৎ শান্তি সর্ব্বত্র.

৪ কি সভের তরে শান্তির উপায়?
হাঁ সত্য, তবে আমার ও.
তাঁর কারণ আছে: পতিৎ সভাই,
আদামের পতন আমারও.

আঃ গম্ভীর গম্ভীর মহাকৃপা!
সুসমাচার যায় ভবে ব্যাপা,
দরিদ্র তাবৎ লোকের জন্যে ইহা হয়.
হেঁট মাথা আর নাই, হইয়া নিরাশ!
হে ক্লিষ্ট পাপী, বিশ্বাস, বিশ্বাস!
এই মোদের ইঙ্গিত বাক্য, যাতে নিস্তার পাই

৭ যে কীর্ত্তন স্বর্গিজনে গাইল,
সে সভের সঙ্গে করি রব.
সর্ব্বোচ্চঃ তোমার গৌরব হইল,
হয় মোদের ত্রাণ, হউক তোমার স্তব.
দেও আমাদিগকে এমত মতি,
যায় উচিত মতে করি স্তুতি,
যে তুমি ঈশ্বর হইয়া পাপির জন্যে নর
স্তব, স্তুতি তোমার থাকুক সদা,
যে কাল পর্য্যন্ত, ওহে ত্রাতা,
ঐ নিগূঢ় স্বর্গে প্রকাশ নহে পূর্ণতর.

C. W. L

---

(7. 1

## ৭৮

দাবিদ নগর সমীপস্থল,
যথায় ছিল মেষের পাল,

চৌকি দিতে রাখালগণ
নিশি করে জাগরণ :
হেন কালে স্বর্গ দূৎ
হঠাৎ হইলেন আবির্ভূৎ.

২ তখন হইল দিনের ন্যায়
চতুষ্পার্শ্বে দীপ্তিময়,
তাহা দেখি রাখালগণ
হইল অতি কম্পমান,
কিন্তু তখন দূতে কয় :
"তোমরা নাহি কর ভয়."

৩ আমি দেই সমাচার
আহ্লাদ জনক সভাকার
"অদ্য দাবিদ নগরে
জীবন দিতে পাপীরে,
য়েশূ নামে স্বর্গের নাথ
জন্মিয়াছেন শিশুবৎ."

"ওহে প্রিয় রাখালগণ,
তাঁকে কর অন্বেষণ ;
তিনি বস্ত্রে জড়িত কায়
শুয়্যা আছেন গোশালায় ;
গিয়া সন্ধান পাইলে পর
কর সবে সেবা তাঁর."

৫ ইতি মধ্যে আচম্বিত
হইল তথায় উপস্থিত
দূতের সঙ্গি সম্প্রদায়,
তাঁরা ঈশ্বর স্তুতিগায়.
শুনি তাদের সেই গীত
রাখাল হইল পুলকিত.

৬ ঈশ্বর অতুল ক্ষমাধার,
হইলেন মানুষ অবতার.
তাঁহার গৌরব বিশ্বময়
সর্ব্ব দ্বারা হউক উদয়,
"যেন পৃথ্বী শান্তি পায়,
এবং নরের কল্যাণ হয়."

৭ এখন সর্ব্ব পাপিগণ
হৃষ্ট থাক অনুক্ষণ.
ঈশ্বর অসীম কৃপাবান,
এখন আছেন বিদ্যমান.
কর নিত্য স্তুতি তাঁর,
তাঁকে ভুল নাহি আর

## ৭৯

(P. M.)

১ সম্ভ্রম হউক উর্দ্ধে পরমেশ্বরের, জন্মিলেন ত্রাতা !
গাইব মোদিগকে যে মনোনীত করেন, হে ভ্রাতা,
হেথা তথা
ভুঞ্জিবার তাঁহার কৃপা.
মোদের তর জন্মিলেন ত্রাতা

২ ছায়া ও অন্ধকার ঢাকিল পৃথিবী সবে,
রক্ষক হীন মেষের মত জাতিরা ভ্রমিল ভবে.
হইয়া প্রকাশ,
খ্রীষ্ট করেন রাত্রিকে নাশ.
ব্যাকুল হয় পণ্ডিত লোক সবে.

৩ ঈশ্বরের প্রেমাদর করিতে হইয়া নিযুক্ত.
দেববেদির নিকটে হিংসিল রাগে বিভক্ত.
হইয়া প্রকাশ,
খ্রীষ্ট করেন অপ্রীতি নাশ.
ধন্য হউক মিলনের রক্ত !

৪ কৃপা ও সত্যতা নরেশ্বর ভুবনে আনেন.
শোক কারির নিকেট সান্ত্বনা রাখিয়া শুনেন.
বন্ধু হন তাঁর.
আপনি কাঁন্দেন বার বার.
শোক গ্রস্তের তুল্য দুঃখ্ সহেন.

সম্ভ্রম হউক ঊর্দ্ধে পরমেশ্বরের জীবন অনন্ত
ত্রাণকর্ত্তার দ্বারাতে প্রাপ্ত হয় পাপী পর্য্যন্ত !
আমরা যে হই
উন্নত স্বর্গ-আলয়,
নামিলেন কবর পর্য্যন্ত.

C. W. L

---

## ৮০

(L. M.)

১ দূতগণের সহিত মিলিয়া,
গাই উচ্চৈঃস্বরে মধুর গীত,
যে প্রেম না জানে দূতেরা,
সেই প্রেমে হইব আনন্দিত.

২ পাপিষ্ঠ নরের মঙ্গল হউক,
ও পৃথিবীতে শান্তি দান
এই বার্ত্তা লইয়া ত্রাণকারক
ত্যাগ করেন স্বর্গবাস স্থান.

৩ যাথার্থ্য, কৃপা. সংমিলন,
স্ব-কিরণে প্রকাশিলেন.
ত্রিভুবন করুক এই কীর্ত্তন :
"এক পরম নন্দন জন্মিলেন".

৪ হউক পরম প্রভুর মহিমা
সর্ব্বোচ্চ স্থানে সুপ্রচার :

ও ঘোষুক তাঁহার মহিমা
মোর বাক্য এবং সদাচার.

৫ হে কবে যাইব হেন স্থান
যেখানে খ্রীষ্ট রাজাধিরাজ,
আর শিক্ষিব অদ্ভুত গান
স্বর্গীয় গায়কগণের মাঝ ?

C, W. L

---

## ৮১

(8.7. double.)

১ রাত্রি কালে সব রাখালে
বসি প্রহর দিবাতে,
আইসে প্রভুর দূত সেই কালে,
ভূষিত হইয়া শোভাতে.
কহেন দূত "ভয় নাহি আছে"
(কারণ তারা সশঙ্কিত,)
"তোমা সকল নরের কাছে
কুশল হইল সম্বাদিত."

২ "দাবিদ বংশে নিলেন জন্ম
অদ্যাই দাবিদ নগরে
এভো য়েশু তারক ব্রহ্ম.
ইহার লক্ষণ শুন এ: "

" স্বর্গ্য বালক পাবে তথায়,
মানব দেহে প্রকাশিত,
গড়ায় শুইয়া গোরুর শালায়,
জীর্ণ বস্ত্রে বস্ত্রান্বিত."

৩ কহেন দূত এ মঙ্গল সম্বাদ ;
দৈবাৎ স্বর্গ বাহিনী
হইয়া রাখালগণের সাক্ষাৎ,
গায় এই মঙ্গল কাহিনী·

" মহিমা সর্ব্বোপরিস্থের,
পৃথীবিতে শান্তিদান,
স্বর্গ হইতে প্রভু খ্রীষ্টের
প্রীতি থাকুক স্থানে স্থান."

C. W L

---

## ৮২

(7 ১)

১ গৌরবান্বিত মহারাজ,
নব জাত ভব মাঝ.
শুন, স্বর্গ বাহিনী
বলিতেছে কাহিনী.

২ শান্তি, কৃপা, প্রকাশ পায়,
নরে প্রভুর প্রণয় হয়,

সর্ব্ব দেশের মানুষ সব
উঠ, কর জয় জয় রব.

৩ দূতের সহ কাহিনী
ঘোষুক তাবৎ পৃথিবী :
জন্ম স্থান তাঁর বেথ্‌লেহেম,
দেখ তাঁহার মহা প্রেম.

৪ খ্রীষ্টের গৌরব স্বর্গ মাঝ!
খ্রীষ্ট অনন্ত ধর্ম্ম রাজ.
দেখ তাঁহার আগমন,
সময় যেমন নিরূপণ.

৫ স্বর্গে জাত শান্তিকর,
জয় জয় ধর্ম্ম দিবাকর!
আনেন দীপ্তি, জীবন বর,
তাঁহার কিরণ স্বাস্থ্যকর.

৬ ত্যজেন আপন মহিমা,
নরের তরে জন্মিয়া,
যেন তারা জীবন পায়,
নূতন জন্ম প্রাপ্ত হয়.

C. W. L

## ৮৩

(L.M.)

১ আঃ দূতগণ করে মিষ্ট গান,
আকাশে শুনি স্বর ঘোষান :
হের্ ঊর্দ্ধে আলো প্রকাশ পায়,
হের্ চারি দিগে দীপ্তি যায়.

২ মেষ পালক শুনে দূতের রব,
আর মনোযোগী হইয়া সব,
সুসম্বাদ তারা প্রাপ্ত হয়,
আর বেথেল্ল হইল মেষালয়.

৩ স্বর্গীয় দূতগণ মিষ্ট গায়,
রাখালের মনে পড়্যে যায় :
"যে ঊর্দ্ধে ঈশ্বর গৌরব পান.
ভূমণ্ডল হইবে সন্ধির স্থান."

৪ "নরগণের হউক অনুগ্রহ,
আর দয়া পাউক সমূহ."
সহস্র দূতের শব্দ এ
ঈশ্বর ও খ্রীষ্টের উদ্দেশ.

৫ আর দূতগণ স্বর্গে গেলে পর,
মেষ পালকেরা আইলে ঘর,
সব সৃষ্টির রাজা প্রত্যক্ষণ
গোশালার মধ্যে শোয়ান হন.

৬ স্তব স্তুতি প্রণাম করিলে,
যা দূতেরা প্রকাশিলে,
তা চারি দিগে ঘোষাইলেন.
আঃ খ্রীষ্টের সুন্দর জন্ম দিন !

F S.

---

(8. 7.)

## ৮৪

১ অদ্য কেমন শুভ দিবস
আমরা ভোগি সর্ব্ব লোক !
ঈশ্বর করেন আলো প্রকাশ,
তাতে মোদের অশেষ সুখ.

২ পরম দয়াল মানুষ বেশে
আইলেন ধন্যো য়েশূ নাম.
জন্ম লইলেন দাবিদ বংশে,
বেথলেহেমে ধন্য গ্রাম.

৩ শুন দূতদের জয় জয় ধ্বনি :
" ঊর্দ্ধে প্রভুর গৌরব হউক."
অবতার হন গুণ মণি,
" মর্ত্তো শান্তি প্রকাশ পাউক."

৪ শুন্যে তাহা রাখালগণে
উদ্দেশ পাইবার ত্রাণ কর্ত্তার,

করে গমন বেথলেহেমে,
তাতে দেখা পাইলেন তাঁর.

৫　মোদের প্রভু গৌরবান্বিৎ,
জন্ম লইলেন আজি, ভাই.
আমরা পূজি, তাদের সহিত
ঐক্য হইয়া সমুদায়.

বৈ.

---

## ৮৫

(মধ্যায় ২)

ঈশ্বর ইচ্ছা চিরস্থায়ী সেই মাত্র সার.
তদ্বিরুদ্ধে নরের চেষ্টা সকল অবিচার.

১　প্রভু য়েশূ প্রেমসিন্ধু, হইয়া পাপিজনের বন্ধু,
জন্ম নিলেন মর্ত্ত্যে নরে করিতে উদ্ধার.
তবু পাপী দুষ্ট নর, না চিনিয়া ত্রাণাকর,
তাঁর প্রতি কৈল নানাবিধ অত্যাচার.

২　পূর্ব্ব দেশের পণ্ডিতেরা, দেখি য়েশূর জন্ম তারা
অন্বেষণে আইল ত্বরায় খ্রীষ্ট অবতার.
হেরোদ রাজা সেই কারণ, হইয়া ত্রাসযুক্ত মন,
ভাবে সদা নিজে এবং যত পরিবার.

৩　হইলে খ্রীষ্টের অধিকার যাবে মম রাজ্য ভার,

এই শঙ্কা মনেং হইল তাহার.
তাহে বধিববারে য়েশূ, যিনি অবতীর্ণ শিশু,
এই রূপে বৃথা কল্প হইল রাজার.

৪ হেরোদ হইয়া পাপে মত্ত না পাইয়া যেশূর তত্ত্ব,
তবু বাঞ্ছা পূরাইবারে সেই দুরাচার,
পাঠাইয়া সৈন্যগণ, শিশু বালক অগণন,
বিনা দোষে বেথলেহমে করিল সংহার.

৫ আছে এই অবধার্য্য, ঈশ্বর বিরুদ্ধ কার্য্য,
ব্যর্থ হবে সর্ব্ব মতে সিদ্ধ হওয়া ভার.
আহা! পাপী নরগণে, রহিত হইয়া দিব্য জ্ঞানে,
অন্যায়েতে রত হয় কিবা চমৎকার.

৬ স্বর্গবাসী প্রভু যিনি, হাস্য করেন স্বয়ং তিনি,
দেখ্যে পাপির কৃত কর্ম্ম আদি ব্যবহার.
যদ্যাপিও হেরোদ রাজা, বধিলেক বালক প্রজা,
তবু রক্ষা পেলেন য়েশূ করুণা সাগর.

৭ হায়! আমার প্রিয় প্রভু, ভালবিনা মন্দ কভু
কর নাই কারু প্রতি আছে সুপ্রচার,
তবে তব বিপরীতে, মনুষ্যেরা নানা মতে,
কেন করে এই রূপ নিষ্ঠুর আচার?

P. B. No. 100

## ৮৬

চল গো রাখাল ভাইয়ে,
বেথলেহেমে দেখিব যাইয়ে.

১ অনাদি কাল স্থিতি যাঁর, নির্গমন হইল তাঁর.
সেই য়েশূ মোদের উপর, উদয় হইলেন আসিয়ে.

২ পূর্ব্ব লিখিত অনুসারে দাবিদের স্বনগরে,
ভগ্নগাঁথা উঠাইবারে, য়েহোবা জন্মেন আসিয়ে.

৩ পিতা আব্রাহামের প্রতি যে দিব্য করাইলেন স্থিতি,
যোষেফকে প্রত্যক্ষ করি, ইশ্রায়েলকে দিলেন তরাইয়ে.

৪ ইম্মানুএল নামে খ্যাত, ধর্ম্মাত্মাতে বালক জাত,
আশ্চর্য্যেতে এলিখিত, পূর্ণ হইল তাই দেখ গো চাহিয়ে.

৫ স্বর্গ পৃথ্বী যার ভরে, কম্পিত হয় থর হরে.
নিজ চক্ষে দেখিব তাঁরে, হাড়ঙ্গে রয়েছেন শুইয়ে.

৬ দাস গোঁয়ালে বন্দি নরে, প্রবল হস্তে তারিবারে,
দাবিদের নিজ ঘরে, ত্রাণের শৃঙ্গ দেন তুলিয়ে.

৭ সর্ব্বাধ্যক্ষের পুত্র বই, নর তারক কেহ নাই,
সত্য জানিলাম এই, উচিত মোরা যাইগো ধাইয়ে.

P. B. No 98.

## ৮৭

অবনীতে অবতার প্রেমের ঈশ্বর.

১ য়েশূ নাম জ্ঞাত, কৈল স্বর্গের দূত,
দিল মঙ্গল সমাচার.

২ ধর্ম্ম আত্মা হইতে, উদ্ভব কন্যাতে,
সচ্চিদানন্দ কুমার.

৩ অপূর্ব্ব কীর্ত্তন, আসি দূত গণ,
কৈল রাখাল গোচর.

৪ সভে এক সঙ্গে, দেখিল হারঙ্গে,
স্বর্গ মর্ত্যের ঈশ্বর.

৫ নিরানন্দ নাশি, আনন্দ প্রকাশি,
কৈলেন কাল নিশি ভোর.

৬ হয়্যে হরষিত, স্থির করি চিত,
গাও নিত্য গীত তাঁর.

P B No. 99.

## VI. খ্রীষ্ট প্রকাশ ও মন্দিরে উপস্থাপন।

---

### ৮৮

(C. M)

১ হে সর্ব্ব কর জয় ২ কার,
জয় ২ হউক য়েশূ নাম.
গান কর তাঁহার গুণ অপার,
জয় ২ হউক সর্ব্ব ধাম.

২ হে সর্ব্ব বিশ্বাস কারী লোক,
আনন্দে কর গান.
সর্ব্বত্রে য়েশূর জয় ২ হউক,
গাও য়েশূ মোদের ত্রাণ.

৩ হে সর্ব্ব অন্য দেশে জাত,
আনন্দে ছাড় ঘোর.
এ ত্রাণের কালের হইল প্রাত,
সেই য়েশূ দেখ ভোর.

৪ হে সর্ব্ব ভাষায় ভিন্ন লোক,
যে থাকে কোন স্থান,

তোমাদের মধ্যে জয় ২ হউক,
গাও য়েশূর পরম গান.

৫ যে কালে যেশূ আসিবেন
মেঘারূঢ়ে প্রচার,
হাঁ তখন যেন শরণ দেন,
এ মনের বাঞ্ছা মোর.

৬ তা হইলে আমি করি গান,
আনন্দে অবিরত,
অগণ্যের সঙ্গে স্বর্গ স্থান,
হে য়েশূ, গাইব গীত.

O. B. H. B. No. 63.

---

৮৯ (P. M. 8. 7. 7. 7)

উজ্জ্বল হও হে ভিন্ন জাতি,
উজ্জ্বল হও য়েরূশালেম:
উদয় হইল মহাজ্যোতি
ক্ষুদ্র পুরে বেথলেহেম.
জগৎ ত্রাতা দিবাকর,
প্রকাশ হইলেন নরেশ্বর.

২ ঐ স্থর্য্যোদয় হওন পূর্ব্বে,
সকল জগৎ আন্ধারময়,
দীপ্তি বিহীন ছিল সর্ব্বে,

এখন শুভ আলোদয়.
ত্রাণের দিন মধ্যাহ্ন ন্যায়
সকল দেশে প্রকাশ পায়.

৩ ধর্ম্ম ভানু অগ্রগামী
প্রভাত তারা প্রকাশ পায়:
পূর্ব্ব দেশের কতক জ্ঞানী,
তারা দেখ্যে হৃষ্ট হয়.
প্রস্থান করেন বেগেতে,
আইলেন য়হূদা দেশেতে.

৪ তদ্দেশীয় রাজার স্থানে,
করেন খ্রীষ্টের অন্বেষণ.
জিজ্ঞাস করেন ব্যগ্রমনে:
কোথায় পাই তাঁর দরশন?
ভাবিবাণী অনুযায়
বেথ্‌লেহেমে তাঁকে পায়.

৫ আপন অধিকারে আইলেন,
প্রভু নম্র ভাবেতে.
প্রজাগণ অনিচ্ছুক হইলেন
তাঁকে গ্রহণ করিতে.
করে তিমির অনুরাগ,
দীপ্তি করে পরিত্যাগ.

*৬ উদ্ধার করতে যাঁহার ইচ্ছা,

তোমা আমা সকলাকে.
  তাঁহার প্রেম না কর তুচ্ছ,
গ্রাহ্য কর তাঁহাকে.
  আইস তাঁহার দীপ্তিতে,
  ত্রাণ জ্ঞান পাইবা মনেতে.

৭ সবাই আইস তাঁহার নিকট,
করো প্রণাম দণ্ডবৎ.
  তাঁহার শিরে দেহ মুকুট,
রাজা প্রজা উচিত মৎ.
  পণ্ডিত যেমন দিলেন ধন,
  তেমন তোমরা দেহ মন.

(J. G. L

---

## ৯০

(P. M. 8. 7. 7. 7.)

১ ওহে প্রভো জগৎ জ্যোতিঃ,
ইশ্রায়েলের শান্তিকর.
  উজ্জ্বল কর মনের মতি,
যখন আইসি তোমার ঘর.
  শিমেওনের ভাগ্যের ন্যায়,
  তোমার দর্শন যেন পাই.

২ মরণ পূর্ব্বে জগৎ ত্রাতা

আপন নিকট প্রকাশমান
হইবেন, তাহার মনে আত্মা
দিলেন এই নিশ্চয় জ্ঞান.
যেন তাঁহারে পরিচয়,
মরণ পূর্ব্বে মোরও হয়.

৩ আত্মাতে আকর্ষিত হইয়া,
গেলেন ধর্ম্ম মন্দিরে,
যেশূ শিশুর দর্শন পাইয়া,
ক্রোড়ে লইলেন তাঁহারে.
তদ্রূপ প্রভো তোমারে
ক্রোড়ে করি অন্তরে.

৪ চর্ম্ম চক্ষুতে অদৃশ্য,
আছেন প্রভু সর্ব্বকার ;
জ্ঞানের চক্ষে যেন দৃশ্য
প্রভু হইবেন সভাকার.
হৃদে পাইলে খ্রীষ্ট ধন,
তৃপ্ত হইবে আমার মন.

৫ বৃদ্ধ শিমেওনের মতন,
শেষে যেন বলতে পাই.
" প্রভো তোমার দাসকে এখন
কর কুশলে বিদায়"
এতজ্জন্যে দয়াময়,
দেহ খ্রীষ্টের পরিচয়.

J. G. L

## ৯১

জগতে জীবন আস্যাছে;
তোমরা দেখ না বুঝে হৃদয় মাঝে.

১ অন্ধকারে যারা ছিল, ত্রাণের আলো দেখিতে
পাইল, ও ভাই মৃত্যুর ছায়া দূরে গেল, জ্ঞান
অন্ধে জ্ঞান পাইতেছে.

২ বুঝে দেখ হৃদয় মাঝে, পাষাণের ঠাকুর আর
কি সাজে, য়েশূ প্রেম সিন্ধু মাঝে ডুবিলে
পাপির প্রাণ বাঁচে.

৩ মিথ্যাশ্রয় ছাড়্যা দিয়া, সত্যাশ্রয় ধর গিয়া,
ও ভাই থাক প্রভুর শরণ লিয়্যা, দেখ্য না আর
চাইয়া পাছে.

৪ দীনহীনে এই ভাবিছে, বিনয় করি কহিতেছে
চল শীঘ্র য়েশূর কাছে, বিনা মূল্যে ত্রাণ
দিতেছে.

C. M. B. No. 115.

# VII. খ্রীষ্টের শিক্ষক পদ ও চরিত্রের বিষয়।

---

## ৯২

(L. M.)

১ খ্রীষ্ট যিনি ছিলেন স্বর্গেতে,
আমাদের রক্ষার নিমিত্তে
স্বর্গীয় বৈভব ছাড়িলেন,
ও দেহ ধরো মরিলেন.

দয়াতে পূর্ণ তাঁহার মন,
তাঁর ধর্ম্ম শাস্ত্রে পাইব জ্ঞান:
দরিদ্র, পীড়িত, যত লোক,
ঘুচাইলেন তিনি তাদের শোক.

৩ এ জন্যে দেশে ভ্রমিলেন,
যে অন্ধদিগকে চক্ষু দেন,
ও চলন শক্তি পঙ্গুতে,
হয় নির্ম্মল কুষ্ঠ কুষ্ঠিতে.

৪ তার মধ্যে দিলেন সুশিক্ষা:
কি রূপ হয় পালন ধর্ম্মাজ্ঞা.

হন নম্র প্রেমের সিন্ধু বৎ,
ও ছোট শিশুর বন্ধু মত.

৫ হায় কেমন নিষ্ঠুর মরণ তাঁর !
তাঁর প্রাণ সে গেল ক্রুশোপর !
যে হস্ত দিল আশীর্ব্বাদ,
সে এখন পেকে বিদ্ধিৎ হাত.

৬ জ্ঞান দিতে ভ্রমেন দেশেতে,
ত্রাণ দিতে মরেন ক্লেশেতে.
এ প্রকার ছাড়েন স্বর্গালয়,
যে মোদের পাপের ক্ষমা হয়.

C. M B. No. 1·

---

## ৯৩

(7s.)

১ নরের বন্ধু যেশূতে,
ধর্ম্ম আত্মার অধিষ্ঠান,
তাঁহার সকল ক্রিয়াতে
তাহা হইল প্রকাশমান.

২ ব্যক্ত কৈলেন স্বর্গ লোক
মানুষগণের মধ্যেতে.
তিনি দুঃখিদিগের শোক
ব্যস্ত ছিলেন নাশিতে.

৩ নম্র হইয়া মনেতে
হইলেন তিনি শিষ্যের দাস,
আহা! তাদের সেবাতে
কিবা দয়া সুপ্রকাশ:

৪ দুর্জ্জন কৃত তিরস্কার
মৃদু ভাবে সহিলেন,
উদ্যত্ হইলে বধে তাঁর,
তবু তিনি ক্ষমিলেন.

৫ নরের পাপের ভারেতে
হইয়া অতি ব্যথিত কায:
কহেন পিতার অগ্রেতে:
"পূরুক তোমার অভিপ্রায়."

৬ য়েশূর গুণের অনুসার
আইস মোরা কাল কাটাই,
করো তদ্রূপ ব্যবহার,
যেন তাঁহার দর্শন পাই.

P B 248

---

## ৯৪

চিন্তামণি য়েশূ গুণময়,
তে কারণে এ ভুবনে তব যশঃগায়.

১ নাশিতে নরের নাশ, দয়াতে হল্যে প্রকাশ, হে
জ্ঞানের অগোচর এই মহৎ উপায়.

২ করিলে আশ্চর্য্য কায, বিপক্ষগণ সমাজ, হে
খল জনে অন্বেষণে, ছল নাহি পায়.

৩ মর্ত্ত্যে প্রকাশি প্রতাপ, নাশি নরকের তাপ, হে
আনন্দে স্বর্গেতে গেলেন করি শত্রু জয়.

৪ ক্রোধের নাহিক লেশ, করুণা অপরিশেষ, হে
শীতল চরণ তলে রাখিও আমায়.

C M B. No. 99.

---

## ৯৫

সাধু সঙ্গ কথা কহিতেছে জগজ্জনে.
সুমতি হয় নাই য়েশূ খ্রীষ্ট সাধু সঙ্গ বিনে.

১ জগতে না ছিলেন সাধু, অবতীর্ণ ত্রাণের সিন্ধু.
খ্রীষ্ট য়েশূ পাপির বন্ধু, আইলেন পাপির ত্রাণ
কারণে.

২ সাধু সঙ্গে সর্ব্বসিদ্ধি, সর্ব্ব শাস্ত্রে আছে বিধি,
রোগী শোকী আইল যত শান্তি পাইল সাধু সঙ্গ
গুণে.

৩ বোবা বলে পঙ্গু চলে, কুষ্ঠী সুস্থ সাধুর বলে,

অন্ধ জনে নয়ন পাইল, জীবন পাইল কত মৃত
জনে.

৪ য়েশূ নিত্য সুখ ত্যাগিয়া, নর দুঃখে দুঃখী হইয়া,
পাপির পাপ আপনি লইয়া, ভুগিলেন পাপের
দণ্ড নিজ প্রাণে.

P. B No. 68

## VIII. খ্রীষ্টের দুঃখ ভোগের বিষয়।

### খ্রীষ্ট্‌ দুঃখ ভোগের বিষয় চিন্তন

---

### ৯৬

(৯. M)

১ যে প্রভু য়েশূর নাম
নিতান্ত করে সার,
সে পাবে সুখে স্বর্গধাম,
তার অবশ্য নিস্তার.

২ পাপ পর্ব্বত সমান ভার,
তার যদি থাকে, ভাই,
তথাপি য়েশূ বন্ধু তার.
ও খণ্ডেন পাপের ভয়.

৩ খ্রীষ্ট য়েশূর মরণের
হয় অতি পরম ফল.
সেই সত্য আশ্রয় পাপিদের,
আর ভক্তগণের বল.

৪ খ্রীষ্ট য়েশূ আপন প্রাণ,

মোর তারণ করিবার,
নিজ গুণে স্বয়ং দিলেন দান,
এই দেখ, প্রেম অপার!

৫ হে সর্ব্ব ভক্তগণ,
এ প্রেমে মগ্ন হও.
নিরন্তর গাও য়েশূর গুণ,
ও হৃষ্ট চিত্তে রও.

C. M. B. No. 53.

---

## ৯৭

(8 7. 4)

১ এখন বুঝ পাপী সবে,
আমাদের দুরন্ত পাপ.
জগৎ আছে পূর্ণ পাপে,
তাহার উপর প্রভুর শাঁপ.
য়েশূ বিনা, য়েশূ বিনা,
রক্ষা নাহি কোন রূপ.

২ তিনি মোদের পাপের দণ্ড
ক্রুশের উপর ভুঞ্জিলেন,
দ্বেষ ও নিন্দা, দুঃখ অত্যন্ত,
কলেবরে সহিলেন.
য়েশূ আপন দেহ হইতে
রক্ত পতিত করিলেন.

৩ দেখ এত দুঃখ ভোগ কেহ
পারে সহ্য করিতে?
যেশূ দিয়া প্রাণ ও দেহ,
পারেন উদ্ধার করিতে.
যেশূ বিনা আর কে পারে
পাপির তরে মরিতে?

৪ শূন্যে তাঁহার ক্রুশে মরণ,
পাপের বিষয় মৃত হও.
লইয়া যেশূ খ্রীষ্টের শরণ
সত্য বিশ্বাস কর্য্যে রও.
দয়াল যেশূ, দয়াল যেশূ,
পাপিগণে মুক্তি দেও.

C. M. B. No 82.

---

## ৯৮

তোমরা সভাই চল তাঁর কাছে,
যে জন পাপির কারণ প্রাণ দিয়াছে,
যায় যদি মৃত্যু লোকে তবু পাপির জীবন বাঁচে.

১ করিবারে পাপির ত্রাণ, আস্যে দিলেন দরশন,
সেই মহাজন,
যেশূ খ্রীষ্ট তাঁহারি নাম জগতে প্রকাশ হইয়াছে.

২ কুমারীর উদরে জাত, য়েশূ খ্রীষ্ট পাপির নাথ,
সেই ত্রাণের পথ,
তাঁহা বিনা এ ভুবনে যত দেখ সকল মিছে.

৩ আসি তিনি এ সংসারে, বেড়াইলেন ঘরে ২,
পাপির তরে,
অনন্ত মুক্তি লয়্যা ধর ২ বলি যাচে.

৪ হাতে পায়ে পেরেক গাঁথা, তাতে পাইলেন কত ব্যথা
জগত্ত্রাতা,
পাপী তাপী নিস্তারিতে টাঙ্গান গিয়াছিলেন গাছে.

C M B No 64.

---

## ৯৯

আমার মন ২ কর খ্রীষ্টের ক্রুশ ভাবনা,
যিনি ছাড়ে স্বর্গের বৈভব আপনি লইলেন যাতনা.

১ স্বর্গের ঈশ্বর যিনি, আইলেন মর্ত্ত্যভুবনে তিনি,
তোমায় দিতে অনন্ত সুখ, নিজ পিতায় করেন সাধনা.

২ তত দুঃখে থাকিয়া, তিনি ঈশ্বরে কহিলেন আপনি·
তব ইচ্ছা মত হউক এই আমার প্রার্থনা.

৩ য়েশূ যখন ক্রুশের উপর দেখিলেন দুঃখ হইল বিস্তর,

বলিলেন ডাকিয়া, পিতা আমায় ছাড়ি দিও না.

৪ ঈশ্বরাত্মা ঈশ্বর তিনি, নরাধম পাতকী তুমি,
স্বয়ং ঈশ্বর হইয়া তোমায় করিতেছেন করুণা.

C. M. B. No 42.

---

## গেথ্‌সেমানে।

১০০ (P. M.

১ একটা বিষয় প্রথমে মোর ইষ্ট,
একটা ভিক্ষা সর্ব্বদায়:
শোকের জগতে মন হইবে হৃষ্ট,
সেটা যদি সঙ্গে যায়:
যিনি রক্তের ঘাম ও যাতনাতে,
উবুড় হইয়া পড়ে প্রার্থনাতে,
পিতার বাটী করেন পান:
ভোজন পান মোর তাঁহার ধ্যান.

২ আমার গোচর সদা যেন থাকে,
কেমন মৌনি মেষের ন্যায়,
ক্রুশে রক্ত যুক্ত দেখি তাঁকে
মরণের যে বেদনায়.
বেতন রূপ যে আমাকে না হারান,
তৃষ্ণা সহেন মম ত্রাণের কারণ,

"সাঙ্গ হইল" কহিলেন,
আমায় স্মরণ করিলেন.

৩　যেশূ, আমার ঘাইট ও তোমার দয়া
রৌক মোর মনে অবিরাম;
যখন ভোগিলাম এ জগৎ মায়া,
প্রকাশ ছিল তোমার প্রেম:
যখন তোমার রব নাহি করি মানন,
তোমার মেষের করিলা অন্বেষণ.
আপন রক্তের মূল্যদান
করিল মোর পরিত্রাণ.

৪　আমি তোমার, "আমেন" বল ইতে,
তুমি আমার, যেশূ হে.
তোমার ধন্য নাম মোর হৃদয় মধ্যে
মুদ্রিত কর গম্ভীরে.
তোমার সহিত সকল ছাড়ি, করি,
তোমায় বাঁচি তোমাতেও মরি:
মৃত্যু কাল পর্য্যন্ত তা
থাকুক মোদের বন্ধুতা.

C. W. L.

---

১০১

যেশূ খ্রীষ্টের দুঃখ কেন স্মর না,

পাপেতে সদত থাক হইয়া মগনা?

১ য়েশূ খ্রীস্ট ভবে আসি, অনন্ত পাপ বিনাশি,
মোদের জন্য ভুঞ্জিলেন যন্ত্রণা.

২ শিষ্যগণ তাঁর সাতে, গেথ্‌সেমানে বাগানেতে,
শোকাকুল হইলেন. তা দেখ না?

৩ সেনাগণে যষ্ঠি হাতে য়েহুদি পদাতিক সাথে,
ধরিতে আইল সবে, করি মন্ত্রণা.

৪ এই মতে ধরি তাঁকে দোষী কৈল নির্দ্দোষিকে,
কাঁটার মুকুট দিয়া, করে লাঞ্ছনা.

৫ ক্রুশ নামক দুঃখ যন্ত্রে রক্ত জল বহে গাত্রে,
পাপের জন্যে হয় তাহা কি জান না?

৬ প্রায়শ্চিত্ত পাপ জন্য, ধন্য ২ তিনি ধন্য,
যাঁর দুঃখে পাপী পায় সুখ সান্ত্বনা.

প· আং ব·

## খ্রীষ্ট ক্রুশোপর।

## ১০২

(148th)

১ আমাদের পাপের ফল,
সে ঘটে য়েশূকে.
ঈশ্বরের কোপানল,

তা দহে তাঁহাকে.
হায়! তখন দুঃখিত য়েশূর মন,
হয় ব্যাকুল, ক্লেশে কম্পবান.

২ প্রেক বিন্ধে চরণ, হাত,
তায় ক্রুশে বড় ক্লেশ.
ও কত রক্তপাত!
তাঁর দুঃখের নাহি শেষ.
খ্রীষ্ট আপনি হইয়া বলিদান,
প্রায়শ্চিত্ত দ্বারা করেন ত্রাণ.

৩ হায় দারুণ ভয়ানক
মোর পাপের যাতনা;
বিদরে চিন্তায় বুক.
না থাকে চেতনা.
হায়, এমন দুঃখ খ্রীষ্ট ভোগিলেন!
প্রাণ মোদের তরে হারাইলেন.

৪ পাপ তিক্ততাকে ভোগ
স্বদেহে করিয়া.
প্রাণ করিলেন বিয়োগ,
ত্রাণ কর্ম্ম সাধিয়া:
ত্রাণ অদ্ভুত সিদ্ধ হইল তায়,
বিশ্বাসী লোক তা প্রস্তুত পায়.

৫ হে শুন পাপিগণ,
বিশ্বাসী খ্রীষ্টে হও.
পাপ হইতে ফিরাও মন,
তাঁর পরিত্রাণ হে লও.
হে য়েশূ, তব ভরসায়
রই আমরা ত্রাণের প্রত্যাশায়.

C. M. B. no 102.

---

(8.7. double)

## ১০৩

১ ক্রুশে যিনি হত হইলেন,
তিনি আমার প্রিয়তম ;
আমার হৃদয় তিনি লইলেন,
তাহাতে সুশান্ত মন.
এতদ্রূপে অবিরত,
ইহা নিয়ম করিলাম :
ক্রুশে যিনি হইলেন হত,
তিনি আমার প্রিয়তম.

২ প্রিয়ের কারণ ক্লিষ্ট হইব,
তাহা নিশ্চয় জানিলাম.
লজ্জা, হেলন, তাড়ন, পাইব,
সংসার সাক্ষাৎ দুষ্ট নাম.
আরও মৃত্যু সহ্য করণ,

তাঁহার যদি ইচ্ছাক্রম,
আমি ভয় না করি মরণ:
তিনি আমার প্রিয়তম.

৩ য়েশূর প্রেম ভোগ করণ জন্য,
হৃষ্ট মনে তাড়ন খাই.
তাঁহার শিষ্য নিত্য ধন্য,
সত্য আহ্লাদ ক্রুশের ঠাঁই.
আইস দুষ্ট, কর ঠাট্টা,
আমাকে দেও তুচ্ছ নাম.
ক্রুশে যিনি হইলেন হত,
তিনি আমার প্রিয়তম.

৪ জান তোমরা, দুর্ব্বল আমি,
কিসে পাইলাম এমন বল?
কেন হাস্য করি আমি
সংসার, শয়তান, মৃত্যুর ছল?
য়েশূর প্রেমে আছে রত,
আমার হৃদয় অবিশ্রাম
ক্রুশে যিনি হইলেন হত,
তিনি আমার প্রিয়তম.

৫ প্রেমের ফল সে অদ্ভুত কেমন,
তাহা শেষে প্রমাণ পায়;
শিরে মুকুট, অশেষ জীবন,

খ্রীষ্টের নিকট পাওয়া যায়.
যারা পাপে আছে রত,
তারা করুক এই নিয়ম.
ক্রুশে যিনি হইলেন হত,
তিনি আমার প্রিয়তম.

J J W.

---

## ১০৪

(L. M)

১ হে সংসার, জীবন দাতা হন
শাঁপগ্রস্ত কাঠে টাঙ্গান.
যে সহেন প্রহার অপমান,
তাঁর আছে প্রতাপ প্রাধান্য.

২ তাঁর পুণ্য দেহে দেখ ঘাম,
তাঁর রক্তের ফোঁটা পড়ে যায়.
ও গভীর কোঁকান্ অনুপম
তাঁর শুদ্ধ মনে উত্থিত হয়.

৩ আঃ কেমন নিষ্ঠুর ব্যবহার !
কোন্ দুষ্ট লোকে করিলে ?
না তোমাতে লেশ দুষ্টাচার.
এক অপরাধ না জানিলে.

৪ হায় ! আমি ও মোর অপরাধ,

যা বালির ন্যায় না গণা যায়,
তাই কৈল তোমার প্রাণ আঘাত,
মন কোঁকানের এই অভিপ্রায়.

৫ হাত পায়ে বদ্ধ হইয়া যে
ঘোর নরকে পড়িয়া যাই,
মোর পাপের হইত বেতন এ,
মোর বদলে সহিলা তাই.

৬ মোর বোঝার ভার যে যাঁতার ন্যায়,
সেই আপন পিঠে বহিলে,
মোর জন্যে কৈলে রক্ত ব্যয়,
পাই আশীর্ব্বাদ শাঁপ বদলে.

৭ হে য়েশূ, আমার জামিন বীর,
স্বরক্ত করিয়াছ পাত.
আর কাঁটার মুকুট ধর্য়ে শির,
যে আমার হইবে মুক্তির পদ.

J. W.

---

## ১০৫ (C. M.)

১ উঃ তাবক রক্ত পাতিলেন,
মোর রাজা দিলেন প্রাণ!
শত্রুদের ত্রাণের জন্যেতে
আঃ আপনি বলিদান!

২ কি স্রষ্টা আপ্নি ভোগিলেন
স্বসৃষ্ট নরের পাপ?
তা সূর্য্যের দৃষ্টি সাধ্য নয়,
লুকাইল নিজ প্রতাপ.

৩ মোর সুখের অতি বড় লাজ
তাঁর ক্রুশের দর্শনে;
মোর অন্তর স্তবে গলিত হউক,
মোর নেত্র জলেতে.

৪ হাঁ নেত্র জল না শুধিবে
মোর প্রেমের দেনার ভার.
প্রাণ শুদ্ধ, য়েশূ, তোমায় দিই.
নাই আমি পারি আর.

O. B. H. B No.

---

## ১০৬

আইলেন সর্ব্বাধ্যক্ষ ভুবনে.
ও মন মানবরূপী হইলেন তিনি তারিতে সব নরগণে.

১ প্রভু গেথ্‌সেমানে বাগানে, ভোগিলেন দুঃখ সেখানে
মন রে,
তিনি পায়্যা দুঃখ নিজ প্রাণে, গেলেন ধ্যানের কারণে

২ আমাদের পাপের ভরে, চেপ্টা হইলেন কলেবরে,
মন রে,

তাঁহার নিজ শরীর হইতে রুধির বাহির হইল তৎক্ষণে.

৩ অবশেষে পাপের তরে, সোঁপিলেম প্রাণ ক্রুশোপরে,
মন রে,
দেখ দিবস অন্ধকার হইল গুণমণির মরণে.

৪ যখন প্রভু ছিলেন ক্রুশে, বর্ষা মারিল কুক্ষি দেশে,
মন রে,
তাঁহার দুঃখ দেখ্যে মনের শোকে কান্দিল নারীগণে.

৫ তাঁহার সঙ্গে দস্যুগণ, হত হইল দুই জন, মন রে.
দেখ এক জনা বিশ্বাসী হইয়া গেল প্রভুর সদনে.

৬ নানা মত আপদ আছে, সদাই যাও খ্রীষ্টের কাছে,
মন রে,
তিনি হয়্যা সদয় নিজ কৃপায় স্থান দিবেন চরণে

P B No 101.

---

## ১০৭

যেশূর প্রেমের তুলনা দিব কিসে?
খুজিলে এমন মিলিবে না কোন দেশে,
করিতে পাতকির ত্রাণ, প্রাণ দিলেন অবশেষে.

১ পাপিগণে উদ্ধারণে, আইলেন নরের বেশে,
এই যে প্রায়শ্চিত্ত করণ কারণ মরিলেন বিষম ক্রুশে.
জগৎ বাসী অভিলাষী তারা রয়েছে পাপের বশে,

এই যে সত্য সেবা না করিয়া মরিবে আপন দোষে.

২ দ্বেষ করিয়া যেহুদীরা তাঁরে বধ কৈল বিনা দোষে,
এই যে তিন দিবসে জীবিত হইলেন রহিলেন না
মৃত্যুর বশে.
দুই জনা চোর হত হইল খ্রীষ্ট য়েশূর দুই পাশে,
তার এক জনা প্রত্যয়ের গুণে গেল সে প্রভুর সংসর্গ
বাসে.

৩ উত্থান হইয়া স্বর্গে গিয়া পিতার দক্ষিণে আছেন বস্যে
এই যে করিতে জগতের বিচার আসিবেন সকল শেষে.
অদৃশ্য প্রভুর চরণ বিশ্বাসে ধর কস্যে,
অধীন কাঙ্গাল বলে ছাড়্যে দিলে তুফানে যাবে ভাস্যে.

C. M. B. No 74.

---

## ক্রুশের উপরে কথিত সাত বাক্য.

### ১০৮

(8.7. double)

১ ওহে পাপির প্রতিনিধি,
যাদের হাতে ক্রুশার্পিত্,
তাদের জন্যে এই বিনতি
করিয়াছ স্নেহান্বিত্:
"ক্ষমা কর তাদের, পিতা,
জানে না নিজ অপরাধ:"

আমার জন্যে প্রিয় ত্রাতা,
স্বর্গে কর প্রতিবাদ.

২ ক্রুশের নীচে প্রিয় শিষ্য
ও মারীয়া দাঁড়াইয়া,
"তোমার মাকে কর দৃশ্য,"
বলিলা, প্রেম দেখাইয়া.
সে মত্ শেষ পর্য্যন্ত প্রীত
আপন লোকের চেতনা :
তুমি কর মোকে স্মৃত,
কভু বিস্মরিও না.

৩ অপরাধী ক্রুশার্পিত
চোরে দিলা এ সম্বাদ :
"অদ্য তুমি হইবা স্থিত
সুখ স্থানে আমার সাত."
তুমি স্বর্গদ্বার ও মুক্ত
আমার জন্যে করিলা,
মৃত্যুর দণ্ডে পরিত্যক্ত,
নরক গুহায় পড়ি না.

৪ "এলি লামা শাবাকথানি"
মহাশোকে ডাকিলা :
ইহার অর্থ এ যে বাণী :
কেন মোকে ত্যজিলা?

যেশূ তোমার শোকের বাণী,
ক্রুশের বহন শোকেতে,
আমি সান্ত বাক্য মানি,
না হই ত্যক্ত ক্লেশেতে.

৫ "আমি হইলাম পিপাসিত."
সেনা দিল অম্লরস,
তাতে হইল প্রায়শ্চিত্ত
মোর পাপ অভিলাষের দোষ.
তিক্ত বাটী. প্রিয় যেশূ,
নিঙ্গড়িয়া পান করিলা.
মৃত্যু যোগে তোমার শিষ্য
লইবে তাতে সান্তনা.

৬ "এখনি সমাপ্ত হইল,"
শুন স্বর্গ মর্ত্ত্য সব;
ত্রাণের কার্য্য সাধন পাইল.
এই তো আছে জয়ের রব.
শয়তান কাঁপ ! নরক ভীত!
চূর্ণ হইল সর্পের শির.
মৃত্যু দ্বারা পরাজিত,
জয়ী হইলেন যুদ্ধের বীর.

৭ "প্রিয় পিতা তোমার হাতে
আত্মা করি সমর্পণ."

তাহা কৈলে মোক্ষের ঘাটে
পঁহুছিল তাঁর পুণ্য মন:
আমার প্রাণের বিয়োগ সময়
করিব এ নিবেদন:
করি, প্রিয় য়েশূ, তোমায়
আমার আত্মা সমর্পণ.

J. J. W.

---

## খ্রীষ্ট মরণের লাভ প্রাপ্তি, ও তৎ প্রযুক্ত ধন্যবাদ দেওন।

### ১০৯

(L. M.)

১ হে য়েশূ, তোমার পুণ্যতা
ও রক্ত হয় মোর সুশোভা:
সব জগৎ যদি লুপ্ত হয়,
ঐ রক্তে আমার ভরসা রয়.

২ বৈভবের স্থানে যখন যাই,
ও মৃত্যু হইতে উত্থিত হই,
মোর আত্মা তখন বলিবেন:
মোর জন্যে য়েশূ মরিলেন.

৩ এই রূপে যত সাধুগণ

ঐ রক্ত দ্বারা মুক্ত হন,
স্বর্গালয় পাইলে তারা কয়:
খ্রীষ্ট রক্তে মোদের মুক্তি হয়.

৪ ঐ বিচার দিনে সাহস পাই,
যে কেহ দোষী করবে নাই;
যেহেতুক তোমার রক্ত দান
মোর অন্তঃকরণ করায় স্নান.

৫ ঐ পুণ্য রূপ যে পরিধান
হয় কভু নাহি পুরাতন.
মোর যত বিষয় পাইবে ক্ষয়,
ঐ পুণ্য বস্ত্র নিত্য রয়.

৬ যে লোকে পাপে মৃত হয়,
সে সকল যেন জীবন পায়,
ও স্বীকার করে সর্ব্বদা:
যে য়েশূ মোদের পুণ্যতা.

C. M. B. no 19.

---

## ১১০

(P. M.)

১ দুঃখিত্ য়েশূ, যে জন তোমার সুখিত্,
সে জন তোমায় ভুলে না.
তোমার মহা প্রেমের পণ যে স্থাপিত্,
করি তার আলোচনা.

তাহাতে মন নিত্য তৃপ্ত হইবে,
মোদের কর্ণে তাহা মিষ্ট রইবে,
প্রিয় য়েশূ, সর্ব্বদা
করি তোমার প্রশংসা.

২　তোমা ছাড়া আমরা কি হইতাম,
দুঃখি, তাহা জান হে.
তোমার হৃদয়, প্রেমে পূর্ণ, প্রথম
মোদের উদ্দেশ পাইয়াছে,
তোমার দুঃখের ফল মোদিগকে ভোগাও,
ক্রুশের পানে মোদের চিন্তা লওয়াও,
মরণ দিন পর্য্যন্ত হই
তবে সুখের ভাগী, ভাই.

৩　যত ভাই লোক আমরা হই সভাস্থ,
নিয়ম ইহা করিব:
তোমার দুঃখের গুণেতে বিশ্বস্ত,
তোমার সেবায় রহিব.
এমন কার্য্যে তুমি যে সন্তুষ্ট,
প্রমাণ স্বরূপ মনকে কর্য়ো হৃষ্ট,
বল "আমেন," মঙ্গল হউক!
শান্তি তোমাদিগের হৌক."

F. S.

## ১১১

(P. M. 10th

১ খ্রীষ্ট য়েশূর যে দুঃখ, সে চমৎকারময়;
ত্যাগ করিলেন সুখ, যে স্বর্গেতে হয়.
এই জগতে আইসেন, দেখাইবারে প্রেম,
পাপ খণ্ডিবার মৈলেন, না হইবে তাঁর সম.

২ যে ধর্ম্ম, যে প্রেম, খ্রীষ্ট য়েশূতে হয়,
তা জিনিবে হেম, অতুল্য অক্ষয়.
পাপ কারিদের জন্য কে দিবে নিজ প্রাণ?
না পারিবে অন্য, অসাধ্য এ দান.

৩ খ্রীষ্ট য়েশূর যে নাম, সে ঘোষিত হউক,
সে ব্যাপিবে ধাম, ত্রাণ করিবার লোক.
তাঁর অদ্ভুতময় কর্ম্ম, সব হইবে প্রচার,
তাঁর কৃপা ও ধর্ম্ম, অনন্ত, অপার.

৪ খ্রীষ্ট য়েশূতে ত্রাণ, যে হইবে নিশ্চয়,
এই বাক্যের প্রমাণ, তার খণ্ডন না হয়.
যে করিবে আস্থা, সে লঙ্ঘিবে দায়,
সে স্বর্গ স্থানস্থ এক অধিকার পায়.

৫ গাই আমরা এই গান, আনন্দময় গীত,
যার থাকিবে প্রাণ, সে করিবে প্রীত.
এ তারকের প্রতি না করিও আন;
আনন্দময় স্তুতি, তাঁর জ্ঞান বিধান.

৬ জয় ২ ধ্বনি হউক, খ্রীষ্ট যেশূর যে স্তব
যে করিবে লোক, জয় ২ কারী রব.
এ ভুবন কি স্বর্গে যে যত প্রকার,
যে হউক কোন বর্গ, খ্রীষ্ট করুক সে সার.

C. M. B. No 115

---

## ১১২

১ খ্রীষ্ট যেশূর ক্রুশ ও মরণে
লই প্রত্যেক দিন এ উপদেশ,
পাপ কেমন ঘৃণ্য বস্তু হয়,
উৎপন্ন করে ক্রোধ অশেষ,

২ মোর অন্তরে কি প্রয়োজন,
তার প্রভুর মরণ অভ্যাস দেয়,
সে আছে নম্র কোমল মন,
ও শত্রুর প্রেমে মনকে লয়.

৩ মোর শারীরিক কুঅভিলাষ
সব ক্রুশে টাঙ্গান করিব,
না কভু থাকি পাপের দাস,
অন্ধকার কর্ম্ম ছাড়িব.

৪ আঃ প্রিয় ভ্রাতা তোমার শোক,
ও কোঁকান এবং নেত্রজল,

মোর সুদর্শন ও শান্তি হউক,
ও মৃত্যুর ভয়ে দৃঢ় স্থল.

J. J. W.

---

## ১১৩

ধন্য ঈশ্বর নন্দন, পাপ বিনাশ কারণ,
অধম তারণ হে য়েশূ হে !

১ অখিল ব্রহ্মাণ্ডের প্রতি য়েশূ দয়াবান,
সর্ব্বব্যাপী সর্ব্বদর্শী সর্ব্বশক্তিমান,
প্রকাশিয়া নিজ দয়া. নর অবতার হইয়া,
এ জগতে আসিয়া দিলা দরশন,
পতিত পাবন হে য়েশূ হে.

২ সত্য দয়া ক্ষমা, এই ত্রিগুণের আধান,
অনাদি অনন্ত য়েশূ সকলের প্রধান,
পিতৃ বক্ষঃস্থল ত্যাগি, পাপিষ্ঠ নরের লাগি,
হইয়া প্রভু অনুরাগি, লভিলা নিধন,
প্রায়শ্চিত্ত কারণ হে য়েশূ হে.

৩ তুমি ভূত তুমি ভব্য তুমি বর্ত্তমান,
তুমি ত্রিলোকের পতি স্বয়ং সনাতন,
কে জানে তোমার মর্ম্ম তুমি জগতের ধর্ম্ম,
তুমি খ্রীষ্ট পূর্ণব্রহ্ম, করণ কারণ,
পাপ বিমোচন হে য়েশূ হে,

৪ কাতর কিঙ্করে কর করুণা প্রদান,
অন্তে যেন শান্তি পাইয়া পাই পরিত্রাণ,
আমি অতি মূঢ় মতি, কি জানি স্তব বিনতি,
স্বর্গদূত তব স্তুতি করে অনুক্ষণ,
দেহি ধর্ম্ম মন হে য়েশূ হে.

P. B. No 64.

---

## ১১৪

খ্রীষ্ট প্রেম রাখ মনেতে,
পড়ে পাপ জালে, ঈশ্বরে ভুলিলে,
কি হইবে তোমার মরণেতে?

১ এ পাপ সংসার সকলি অসার,
খ্রীষ্টের মরণ তাহে পারাবার,
হইয়া সুস্থির রাখ নিরন্তর,
খ্রীষ্টের মরণ হৃদেতে.

২ খ্রীষ্টের কিবা প্রেম শুন বন্ধুজন,
নিজ প্রাণ দিলেন পাপির কারণ,
হেন জন প্রতি রাখ রতি মতি,
পরিত্রাণ পাইবে নরক হইতে.

৩ ভাই বন্ধু পুত্র আছে যতেক,
সময়েতে সব বুঝিয়া দেখ.
অসময়ে তোমার কে করে নিস্তার?

যেশূ বিনা নাহি তারিতে.

৪ জগতে খ্রীষ্টের প্রেম প্রবল,
অন্য দেব দেবী সব বিফল.
খ্রীষ্ট আশ্রয়েতে স্বর্গে যাইবে চল্যে,
যেশূ প্রেম জান সবেতে.

C. M. B. No 85.

---

## ১১৫

আমি বারে ২ করি মানা; হইও না হে অচেতন.
লও ২ যেশূর শরণ, পামর মন রে.

১ পাপির ত্রাণ না দেখিয়া, দয়াতে পূর্ণিত হইয়া, সেই স্বয়ং সনাতন, তিনি স্বর্গ ত্যজি, নর পুরে করিলেন হে আগমন.

২ ভক্তি ভাবে যে ভজয়ে, অভয় পদ দিবেন তারে, সেই ক্রুশে হত জন, তিনি মহা প্রেমী, অন্তর্যামী, দিতেছেন হে মোক্ষ ধন.

৩ পাপী হইয়া যারা যাইবে, অবশ্য তারিবেন তারে, সেই প্রেম সিন্ধু জন, এখনতাঁরে ভজি, পাপ ত্যজি, কর স্বর্গ আরোহণ.

C. M. B. No. 44.

# IX. খ্রীষ্ট পুনরুত্থান বিষয়।

---

## ১১৬

(ইং.)

১ য়েশূ আজি উঠিলেন, হাল্লেলুযা.
ইহা মোদের জয়ের দিন.
ক্রুশ ও কবর সহিলেন,
পাপি লোক উদ্ধারিলেন-

২ দেখ প্রভুর মহা বল
ভগ্ন করেন মৃত্যুর হুল.
তৎপর স্বর্গে উত্থিত হয়,
কবর হে, কই তোমার জয় ?

৩ পাপির দেনা পরিশোধ
ঈশ্বর শান্তি দেন প্রবোধ.
য়েশূর সহিত উত্থিত্ হও,
অঙ্গীকৃত রাজ্য লও.

৪ য়েশূ আজি উঠিলেন,
ইহা মোদের জয়ের দিন.
জয়ের কীর্ত্তন কর গান,
মোদের হইল পরিত্রাণ-

J. J. W.

## ১১৭

(C. M)

১ সঙ্কীর্ত্তন কর ভ্রাতৃগণ,
ত্রাণকর্ত্তা কৈলেন জয়.
পরাস্ত হইল শত্রুগণ,
দূর কর আপন ভয়.

২ খ্রীষ্ট য়েশূ আছেন বাঁচিয়া,
তাঁর রাজ্য পাইল বল.
সব সংসার গাও হাল্লেলুয়া,
হয় ভগ্ন মৃত্যুর হুল.

৩ খ্রীষ্ট করেন শয়তান, মৃত্যুর, নাশ,
ঘোর নরক বদ্ধ হয়.
ত্রাণ আশ্রয় পায় শাঁপগ্রস্ত দাস,
দণ্ডাজ্ঞা হইবে কৈ?

৪ শোধ কৈলেন জামিন মোদের ঋণ
নিজ রক্ত মূল্যের ব্যয় ;
সম্মিলনের এ হইল দিন,
হাল্লেলুয়া সব গায়-

৫ খ্রীষ্ট মণ্ডলী হয় পুণ্যবান
তাঁর বাক্যের ধোওনে.
খ্রীষ্ট করিলেন তার পরিধান
নিজ গুণ বিভূষণে.

৬ এক্ষণে মৃত জীবন পায়,
খ্রীষ্ট্ সঙ্গে উঠিয়ে.
স্বর্গীয় গুণের জন্ম লয়,
পূর্ণাহ্লাদ হৃদয়ে.

৭ তদকারণ মন ও জিহ্বাতে,
হউক মহা কীর্ত্তন গীত,
হাল্লেলুয়া খ্রীষ্ট্ প্রভুতে,
যে হন পুনরুত্থিত.

J. J. W.

---

## ১১৮

(S. M. double.)

হে আইস প্রিয় ভাই, স্তব স্তুতি করিতে.
খ্রীষ্ট কবর স্থানে যাই, এই আহ্লাদ দিনেতে.
আঃ দেখ সূর্য্যোদয়, কি তেজ কি মহিমা!
সমস্ত সৃষ্টি নূতন প্রায়, সব মুখ চায় মুচ্কিয়া.

আজ প্রভু উঠিলেন, নিতান্ত জীবমান;
ত্রাণ নিয়ম মোহর করিলেন, তাহাতে মোদের প্রাণ.
বিশ্বাসের স্থিরতা, খ্রীষ্টের উত্থানে হয়;
অনন্ত সুখ, অস্থতা, ভয় গেল, শান্তি রয়.

যে কেহ খ্রীষ্টের ন্যায়, পাপ প্রতি মরিবে,
সে মৃত্যু বশে থাকে নাই, যাথার্থ্যে উঠিবে.

মোর শত্রু আইস হে, ও কর অপবাদ,
দণ্ডাজ্ঞা এখন করে কে? কে দেখায় অপরাধ?

বিলম্ব কিঞ্চিৎ, ভাই, তদপরে য়েশূর লোক,
হয় মৃত্যু জয়ী তাঁহার ন্যায়, তাঁর সদন ভোগে সুখ.
হে ধন্য য়েশূর নাম; সব ধার্ম্মিক কর গান:
জয়কারী তিনি অনুপম, হয় প্রমাণ তাঁর উত্থান.

J. I. W

---

## ১১৯

ধন্য প্রভু মৃত্যুঞ্জয়,
করিয়াছ পুনর্জীবন দান.

ধন্য পিতা পরমেশ্বর, অক্ষয় নির্ম্মল অধিকার, দিতে হে,
নিশ্চয় করো মরণ হইতে তুমি করাইলা খ্রীষ্টের পুনরুত্থান.

১ করিবারে বিশ্ব ত্রাণ, যিনি দিলেন নিজ প্রাণ,
দয়াতে, পায়্যা জীবন পুনর্ব্বার, উঠিলেন তিনি
চমৎকার কবর হতো, মৃত্যু পাপ ও নরক বশে রাখ্যো
জয়ির তুল্য হইলেন প্রকাশমান.

২ আসিয়া তাঁহারি দূত, তেজে হইয়া আবির্ভূত, অকস্মাৎ,
কবর দ্বারের যে প্রস্তর, সরাইয়া তদুপর, বসিলে,
দেখ্যো তাহা সেনাগণে ভয়ে ত্বরায় পলায় হইয়া
কম্পবান.

৩ কোন দ্রব্য বিনা যিনি, স্বজিলেন এ ধরণী, বাক্যেতে,
তিনি দীন হীন পাপী নরে, ত্রাণাধিকার দিবার তরে,
দেখ হে, নিজ রক্তপাতে মৃত্যুর বাঁধন ছিঁড়ে,
করিলেন স্বর্গেতে প্রস্থান.

৪ ওহে ঈশ্বর সন্তানগণে, দৃষ্টি কর স্বর্গপানে,
ত্যজে শোক, তথা উচ্চ সিংহাসনে, আলোর বসন
পরিধানে, বসিয়া, আছেন মোদের প্রভু সর্ব্ব প্রধান
করিবেন তিনি শীঘ্র ভক্তের আহ্বান.

এখন নিজ দাসের প্রতি, দেখেন সদা ত্রাণের পতি,
প্রেমেতে, আহা! আপন ভক্তগণ, জ্ঞান করেন শিরো
ভূষণ তুল্য হে, তাদের দুঃখে দুঃখী, সুখে সুখী হইয়া
সঙ্গে দিবেন বাসস্থান.

P. B. No. 105.

---

## ১২০

প্রভু য়েশূর পুনরুত্থান স্মরণ কর সর্ব্ব জন,
ভক্তগণে জীবন দানে, তাঁর পুনরুত্থান প্রয়োজন.

১ প্রভু ছিলেন কবরে শয়ন, মৃত্যু নাশি হইলেন উত্থান,
সেই ভাবেতে হয় শয়ন, প্রভুর সব সত্য ভক্তগণ.

২ কবর দর্শনেতে বন্ধুগণ, সুসান্ত্বনাতে শান্তিত মন,
অক্ষয় সুখি অন্তঃকরণ, পুনরুত্থান জীবন কারণ.

৩ মহা বিচার হবে যখন, খ্রীষ্টের রব শুনি তখন,
যে যে স্থানের যত জন, উঠ্‌বে সব প্রত্যেক জন.

৪ পুণ্যাত্মাদের অক্ষয় জীবন, উঠে তারা সুখের কারণ,
দুরাত্মাদের হইলে উঠন, অনন্ত দুঃখে হবে ঘটন.

৫ প্রভু কর শক্তি প্রদান, ভাল কার্য্যে করি যতন,
সাধু জনের সঙ্গি হওন, আমার আশা কর পূরণ.

ফ. ক. ম.

# X. খ্রীষ্ট স্বর্গারোহণ ও স্বর্গীয় বিভব।

---

## ১২১

(L. M.)

১ খ্রীষ্ট কবর হইতে উঠিয়া,
নিজ শিষ্যদিগকে চল্লিশ দিন
দেন শাস্ত্রের অর্থ বুঝাইয়া,
তাদিগকে করেন সংশয় হীন.

২ নিজ শিষ্য সঙ্গে করিয়া,
তৎপরে গেলেন পর্ব্বতে.
স্বর্গারোহণ কাল জানিয়া,
এই আজ্ঞা দিলেন তথাতে

৩ "যে তোমরা সব দেশে যাও,
সমস্ত প্রাণির স্থানেতে
মোর মঙ্গল সমাচার শুনাও,
মোর রাজ্য বাড়াও ভবেতে."

৪ খ্রীষ্ট তখন সভার সাক্ষাতে
মেঘারূঢ় হইয়া স্বর্গে যান,

আর ঈশ্বরের দক্ষিণেতে
হন প্রাপ্ত সিংহাসনের স্থান.

৫ আর নরের তরে সর্ব্বদা
নিজ কার্য্য করেন সুসাধন.
সব উপর তাঁহার কর্তৃতা,
ও করেন শান্তি বিতরণ.

C. M B no 106

---

১২২ (C M)

১ হে খ্রীষ্টের লোক, আনন্দিত হও,
গান কর তাঁহার নাম.
আজ পর্ব্ব আছে, হৃষ্ট হও,
হয় মুক্ত স্বর্গধাম.

২ খুলিয়া দেও অনন্ত দ্বার,
স্বর্গালয়ের প্রবেশ;
হন আমাদের ধর্ম্মাবতার
রাজাধিরাজ অশেষ.

৩ যে ক্রুশের উপর মরিলেন,
উচ্ছিষ্ট লজ্জাতে,
গৌরবে তিনি উঠিলেন,
জয়কারির তেজেতে.

৪ ত্রাণ কার্য্য সাঙ্গ করিলেন
শাঁপগ্রস্ত কাষ্ঠেতে.
তৎপরে স্বর্গে ফিরিলেন
নিজ পিতার সাক্ষাতে.

৫ এক মেঘে করে আরোহণ,
আনন্দে হন উত্থিত.
সব শিষ্য পাইল তাঁর দর্শন,
হন হঠাৎ অন্তর্হিত.

৬ সংকীর্ত্তন করে স্বর্গ দূত,
জয় ২ হাল্লেলুয়া.
যে শত্রু কৈলেন পরাভূত,
সে পাইলেন মহিমা.

৭ ভাই আইস, আমরা পাছে যাই,
না থাকি জগতে;
ত্রাণ কর্ত্তার সাক্ষাৎ যেন পাই
বাস স্বর্গের তেজেতে.

৮ হে প্রভো কর আকর্ষণ
প্রেম পূর্ব্বক মোদের মন.
তৎপরে তোমার সুদর্শন
পাই, এবং অক্ষয় ধন.

J. J W.

## ১২৩

(P. M)

১ খ্রীষ্টের স্বর্গারোহণ, গান কর আমার মন,
অদ্য যে দিন.
মোদের ধর্ম্মাবতার, খুলিলেন স্বর্গ দ্বার,
পাইয়াছেন রাজ্যভার, জয় করেন দান.

২ প্রেরিত যে একাদশ, তদ্ভিন্ন প্রভুর দাস,
বিশ্বাসী ভাই.
তিন কুড়ি দশ এক জন, সব সমাগত হন,
আজ হইবে কি ঘটন? চমৎকার হয়.

৩ "আইস মোর প্রিয়েরা, যাইব বেথানিয়া,
প্রিয় যে গ্রাম".
পর্ব্বতের উপরে আরোহণ করিতে,
আশীর্ব্বাদ দিয়াছে, দেখাইয়া প্রেম.

৪ দেখ মেঘ দীপ্তিময়, প্রভুর সন্নিকট রয়,
এতদ্ সময়.
খ্রীষ্ট করেন আরোহণ, মেঘেতে উঠিত হন,
চমৎকার শিষ্য গণ, নাই দেখা পাই.

৫ তৎসময় অকস্মাৎ, দুই জন দূত হয় সাক্ষাৎ,
অনপেক্ষিত.
"হে গালিলীয় জন, কি কর নিরীক্ষণ,
আকাশে উর্দ্ধতম? তা অনুচিত.

৬ য়েশূ রাজাধিরাজ, উঠিলেন স্বর্গ মাঝ,
তোমাদের ঠাঁই.
"যে প্রকার উঠিলেন, পুনশ্চ ফিরিবেন,"
চক্ষু সব দেখিবেন, তাহা নিশ্চয়.

৭ হে প্রভো প্রিয়তম, করহ আকর্ষণ
আমাদের মন.
তাহাতে আমরাও, পাপ প্রতি মরিব,
খ্রীষ্ট সহিত উঠিব, পাই পরিত্রাণ.

J. J. W.

---

## ১২৪

(8.7. double.

১ যিনি প্রতিনিধি হইয়া,
সিংহাসনে উপস্থিত,
আপন দাসদের করেন দয়া,
তাদের ক্লেশে করেন হিত,
তাঁকে তাবৎ স্বর্গের সৈন্য,
এবং পৃথিবীস্থ নর,
ডাকে ধন্য ধন্য ধন্য;
তাঁহার স্তব হউক নিরন্তর.

২ ভবে তোমার ত্রাণের কর্ম্ম,
তোমার বলি কৃত হয়.

প্রকাশ পাইল ত্রাণের মর্ম্ম
আপন প্রেম ও করুণায়.
শান্তি এবং অনুগ্রহ,
এবং তাবৎ উত্তম দান,
আনিয়াছ তব সহ;
তাতে পাইলাম মুক্তির স্থান.

৩ এক্ষণ তোমার কর্ম্ম হইয়া,
সিংহাসনের নিকেতন,
তুমি মঙ্গল সম্বাদ লইয়া
কর শক্তি বিতরণ:
যারা দয়ার সিংহাসনে
আইসে, হইয়া খিদ্যমান,
তারা পাইবে ঘনে ঘনে
আত্মা, জীবন, শক্তি, ত্রাণ.

৪ মহা যাজক তুমি হইয়া,
তোমার বুকে তাদের নাম.
তারা তোমার আশ্রয় লইয়া.
পুরে তোমার মনস্কাম.
কেহ তোমার হস্ত হইতে,
ওহে যেশূ শক্তিমান,
নারে তাহাদিগকে লইতে.
তাতে নিশ্চয় মোদের ত্রাণ.

৫ এবং যারা সংসার সেবক,
তারাও তোমার মনে রয়,
তারা আত্ম সর্ব্বনাশক,
তাতে তোমার দুঃখ হয়.
তাদের ক্রিয়া অনুসারে
পিতা প্রতিফল না দেন,
কিন্তু মন ফিরাইতে পারে,
ইহা তোমার নিবেদন.

৬ যখন উত্তরিলা হেথা,
এবং তাবৎ নরের পাপ
তোমার উপর রৈল চাপা,
করিয়াছ মনস্তাপ,
এবং ক্রন্দন বিনয় পূর্ব্বক
মধ্যস্থালী করিলা,
তখন ওহে অনুগ্রাহক,
কেমন সুহৃ আছিলা.

৭ কিন্তু এখন তুমি রাজা,
তুমি সর্ব্বশক্তিমান.
স্বর্গ দূতগণ তোমার প্রজা,
মানুষ ঈশ্বর প্রকাশমান.
ভ্রাতৃগণের অপবাদক
চুপে তোমার তেজেতে.

তোমার রক্ত সিদ্ধি কারক,
মোদের বিবাদ খণ্ডিতে.

C. W. L.

---

## ১২৫

তোমার রাজ্যের নহিবে শেষ,
বিনা সংগ্রামেতে জয়ী সর্ব্ব দেশ.

১ কেহ নহে মান্য, কেবল য়েশূ ধন্য,
দেবের পরাক্রম হইবে বিনাশ.

২ এ দেশে দেবতা রাজা, কে করিবে তার পূজা,
দিনে দিনে প্রজা হয় এখন তব বশ.

৩ তব যথার্থ বিচার, জগতে হইল প্রচার,
পাপের অত্যাচার হইতেছে এখন হ্রাস.

৪ য়েশূ তব রাজ দণ্ডে, পরাক্রান্ত রিপু খণ্ডে,
দীন হীন ক্ষীণের দূর হয় সকল ক্লেশ.

P. B. no 41

# XI. পবিত্র আত্মার বরিষণ বিষয়।

---

## ১২৬

(L. M.)

১ হে পরমাত্মা কৃপাময়,
চমৎকার কার্য্য তোমার হয়,
যে কিছু পিতা করেন দান,
তোমারি শক্তি ভোগ করাণ.

২ তোমারি তেজে সবাকার
ঘুচিয়া থাকে অন্ধকার,
তোমারি দত্ত উপদেশ
পাপ ও উপায় জানায় বিশেষ.

৩ মনেতে দারুণ পাপের বাস,
তোমারি শক্তি করে নাশ.
হয় তাহে নূতন মনোদয়,
লোভাদি ভাবও দমন হয়.

৪ সম্পূর্ণ রূপে তোমার স্বর
উদ্বিগ্ন মনের শান্তিকর,
ও ঝড়বৎ চিন্তার করে শেষ,
না থাকে মনে দুঃখের লেশ.

P B no 222

## ১২৭

(8. 7. 4.)

১ আইস ২ জীবন বাতাস,
ঈশ্বর আত্মা ধর্ম্মময়.
তোমার সাধ্য কর প্রকাশ,
তোমা বিনা সকল ক্ষয়.
প্রবোধকর্ত্তা, সত্য আলো,
মোদের মনে হও উদয়.

২ জ্ঞান ও ধৈর্য্য প্রদান কর
মোদের অন্তঃকরণে.
সুবিবেকে তাহা ভর,
আরো সৎপরামর্শে.
প্রবোধকর্ত্তা, দূরে কর,
পাপের ভ্রম ও অন্ধকার.

৩ ঈশ্বর সন্তান আমরা হইলাম,
ওহে তাহার সাক্ষ্য দেও.
বহু মূল্য আছে এই নাম,
স্বর্ণ রূপা অপেক্ষা.
প্রবোধকর্ত্তা, নিত্য কর,
মোদের হৃদয় আকর্ষণ.

৪ আমরা যেন হৃষ্ট মনে,
প্রভু পিতার সাক্ষাতে

যাইতে পারি সর্ব্বক্ষণে,
পুরাও মনকে সাহসে.
প্রবোধকর্ত্তা, "আব্বা পিতা",
শিক্ষা দেও এ প্রার্থনা.

J. J W.

---

## ১২৮

(8 7 4.)

২ ধর্ম্ম আত্মা, তাবৎ মঙ্গল
মনে সাধন হে করাও.
ধর্ম্ম যুদ্ধের বিষয় দুর্ব্বল,
শত্রুর জয় আমাকে দেও.
দুর্ব্বল আমি অস্ত্র ধরি,
শত্রু করি পরাভূত.

২ শোকে যখন মগ্ন হয় মন,
নাই পাই সাধ্য প্রার্থনার,
কোঁকাইয়া করি গমন,
আশা গেল সান্ত্বনার,
দয়াল আত্মা, তবে সাহস
মোকে দেও, সহিষ্ণুতা.

৩ বাজে যখন প্রাণের বিয়োগ
ঘণ্টা দেহ পুঁতিবার,
তবে মনে দেও এই জ্ঞানযোগ:

স্বর্গে তোমার অধিকার.
অশেষ বৈভব, অদ্ভুত সম্ভ্রম
প্রস্তুত করেন ত্রাণকর্ত্তা.

J. J. W.

---

## ১২৯

(8 7, double

১ সাধু দান পবিত্র আত্মা,
মনের শান্তি, সান্ত্বনা,
অঙ্গীকৃত শস্যের দাতা,
পুণ্য লোকের বাসনা,
পিতা পুত্রের প্রেরিত তুমি,
দুইয়েতে নির্গত হও,
সর্ব্ব মঙ্গল দানের স্বামী,
মোদের উপর ঢালিত হও.

২ পঞ্চাশ নামক দিনের সময়
ঝড়ের মতন নামিলা,
অগ্নি নির্ম্মিত খণ্ড জিহ্বায়
তোমার গৌরব দেখাইলা.
বিনা আকার তুমি এক্ষণ,
পৃথিবীতে ব্যাপ্তমান,
নিকট দূরে বিনা বহন
মানব কর পুণ্যবান.

৩　যিনি ইস্রায়েলি দেশে
দীনহীন হইয়া ভ্রমিলেন,
　মধ্যস্থালি করো, ক্রুশে
যিনি জীবন ত্যজিলেন,
　তাঁহার গৌরব প্রকাশ করণ,
তাঁহার প্রেমে আকর্ষণ,
　পাপি লোকের হৃদয় হরণ,
তাহা তোমার কার্য্য হন.

৪　সংসার প্রতি যাহা গুপ্ত,
না হয় সাক্ষাৎ নয়নে,
　নম্র মন হয় তাহা প্রাপ্ত,
লৌকিক লোভ ত্যাগ করণে.
　ক্রুশে আছে শান্তির উন্নুই,
ক্ষান্ত হয় সব বেদনা,
　সেথায় আত্মা করুণাময়
বিশ্রাম দেন : হাল্লেলুয়া !

৫　শিক্ষা যাঁহা না দেয় জগৎ,
তুমি দিলা, ধর্ম্মাত্মা :
　বিশ্বাস পূর্ব্বক পিতার সাক্ষাৎ
করণ সরল প্রার্থনা ;
　আরো সুস্থির মনে করণ
অঙ্গীকারের অপেক্ষা ;

ধর্ম্ম বাক্য হস্তে ধরণ
আত্মার শ্রেষ্ঠ পণ ইহা.

৬ উজ্জ্বল বিদ্যুৎ মেঘে যেমন
সংসার করে কম্পবান,
দর্পি লোকের হৃদয় তেমন
চূর্ণায় আত্মা বলবান.
ও হে প্রভু পিতার আত্মা,
কর আমার মনে বাস.
তুমি নূতন জন্মের দাতা,
কর ধার্ম্মিক তোমার দাস.

---

## ১৩০

নিজ আত্মা, ও হে প্রভো, ঢাল সভার উপর,
তাহে যেন সর্ব্ব জনের জুড়ায় তৃষিত অন্তর.

১ তুমি সর্ব্ব শক্তিমান, গুণেতে অপরিমাণ,
দযার নাহি তুলন, ত্রিজগৎ মধ্যেতে.
এখন করি হে প্রণতি, নিজ সেবকগণ প্রতি,
হইয়া দয়াবান অতি, জুড়াও আত্মা কলেবর.

২ ওহে প্রভু সনাতন, হও এখন অধিষ্ঠান,
পুরাইতে সর্ব্বক্ষণ, সেবকগণের মনন.

ওহে প্রভু দয়াময়, অসাধ্য তো কিছুই নয়.
ধরি তোমায় এ আশায়. ওহে প্রভু কৃপা কর.

৩ তব নিজ প্রেমের গুণে, আনাইয়া সেবকগণে,
করিয়াছ একই স্থানে, করিতে হে সঙ্কীর্ত্তন.
আমরা অধম জন, অযোগ্য পাইতে দান,
তথাচ হে কৃপাবান, দেহ ধর্ম্মাত্মা বর.

৪ পঞ্চাশৎ যে দিবসেতে, ধর্ম্মাত্মা স্বর্গ হইতে,
হইল শিষ্যগণের সাথে, করিতে সান্ত্বনা.
সেই মত এইক্ষণে, ধর্ম্মাত্মা তব দানে,
উল্লাসেতে সর্ব্বজনে, করাও তব জয় ২ কার.

P. B. No 23.

---

## ১৩১

প্রভু হে করি নিবেদন,
এখন এ সভাতে আসি দেহ দরশন,
তোমায় করি এ সাধন.

১ পঞ্চাশ নামক দিবসেতে, আছিলা শিষ্যগণের সাথে,
সেই মত ধর্ম্মাত্মাতে, পুরাও সভার মন.

২ সভা বৈসে এই আশে, তোমার রাজ্য সর্ব্ব দেশে
বাড়ুক এখন অনায়াসে, না হউক নিবারণ.

৩ এখন আছি যত জনে, ইহা হইতে বহুগুণে,

ধর্ম্ম আত্মা রূপ যে দানে করাও দরশন.

৪ তব ধর্ম্ম মহাশ্চর্য্য, সর্ব্ব লোকে করুক গ্রাহ্য

প্রভো বাড়াও আপন রাজ্য, ব্যাপিয়া ভুবন.

৫ জগতের মনুষ্য যত, সভে হউক অনুগত.

না থাকুক আর অন্য মত; দেহ নতন মন.

P. B. No. 2

## XII. খ্রীষ্টের মণ্ডলীর বিষয়।

---

১৩২ (৭. ৭. ৭.)

১ শুন ওহে পাপি নরগণ,
শুন আমার উপদেশ :
খ্রীষ্টের সভার মধ্যে এক্ষণ
ত্বরায় করহ প্রবেশ.
তারক য়েশূ, ৩
করেন তোমাদের উদ্দেশ.

২ খ্রীষ্টে সব এক মনা হইয়া,
মণ্ডলীতে থাক স্থির.
পালের মধ্যে ঐক্যে রহিয়া,
রক্ষা করেন সভার শির.
শয়তান ব্যাঘ্র, ৩
তবে করে না অস্থির.

৩ য়েশূ মণ্ডলীর যে পালক,
চল তাঁহার আজ্ঞাতে.
সকলে হও প্রেমে মিলক,
পরিত্রাণের আশাতে.

দয়াল য়েশূ, ৩
মুক্তি দাতা জগতে.

৪ য়েশূ ডাকেন পাপিদিগকে
মণ্ডলীতে আনিবার.
শান্তি দিয়া তাহাদিগকে
শেষে খুলেন স্বর্গ দ্বার.
প্রভু দিবেন, ৩
আপন লোকেরে উদ্ধার.

C. M. B. No 76.

---

## ১৩৩

(৪. 7. double)

(গীত সং. ৪৭, ৩.)

১ ওহে সীয়োন প্রতাপান্বিত,
মোদের প্রভুর বাসস্থান,
তোমার কীর্ত্তি হইল ব্যাপিত,
পূর্ব্ব পশ্চিম প্রকাশ মান.
নিত্য প্রস্তরে নির্ম্মিতা
তুমি চঞ্চল হইবা না,
ত্রাণ রূপ দেয়ালে ঘেরিত হইয়া,
শত্রু তোমায় ছুঁইবে না.

২ জল অমৃত পূর্ণ স্রোতে
প্রেম রূপ উন্মুই হইতে বয় :

হেথায় আইস কোন মতে
তৃষিত্ দুঃখিত্ সমুদায়.
মূর্চ্ছাপন্ন কিম্বা শ্রান্ত
হেন স্থানে কেহ নাই,
প্রভুর ন্যায় সে স্রোত অনন্ত,
নিত্য তাহার বহন হয়.

৩ ওহে প্রভু, মোদের স্মরণ
সীয়োন পুরে যদি হয়,
তবে সংসার করুক তাড়ন,
লজ্জা সহিব নির্ভয়.
পাপির আহ্লাদ সে অনিত্য,
ছায়া রূপ তার খেলনায়.
অক্ষয় সুখ, ঐশ্বর্য্য নিত্য,
কেবল সীয়োন সন্তান পায়.

J. J. W.

---

## ১৩৪ (L. M)

১ খ্রীষ্ট মণ্ডলী সে পুণ্যবান,
বিশ্বাসী সত্য খ্রীষ্টীয়ান,
প্রেম বন্ধন দ্বারা মিলিত্ লোক
পায় সভে আশা স্বর্গের সুখ ;

আর তারা নিত্য চেষ্টা পায়,
ধর্ম্মাজ্ঞা যেন পালিত হয়.

২ সে ধর্ম্ম সভা সমুদায়
সব ক্ষিতির উপর ব্যাপ্ত হয়:
ও পশ্চিম পূর্ব্বে করে বাস,
হয় উত্তর দক্ষিণে প্রকাশ.
প্রেম করণ নিত্য পরস্পর,
সে আছে তাদের লক্ষণ সার.

৩ সে সভার অঙ্গ যদিও
না দেখে সকল অন্যান্য,
তথাপি তাদের মিত্র ভাব,
এক আত্মায় প্রেমে মিলিত সব.
এ পারমার্থিক মিলন যোগ
দেয় তাদের আহ্লাদ শান্তি ভোগ.

৪ এক পিতার করে ভজনা.
ত্রাণ কর্ত্তা এবং ধর্ম্মাত্মা
রাজত্ব করেন মণ্ডলীর.
প্রত্যয়ে তারা থাকে স্থির.
হউক জীবন, আইস্লুক মৃত্যুর দূত,
সে প্রভুর থাকে বশীভূত.

৫ নিজ রক্তে য়েশূ কৈলেন ক্রয়,
সে মণ্ডলীর উদ্ধার ও জয়.

ও তাহা করেন পবিত্র,
বাপ্টিসম্ দ্বারা সর্ব্বত্র.
বিশ্বাসে দৃঢ় তাহার মন,
খ্রীষ্ট্ য়েশূর প্রেমে মগ্ন হন.

৬ আর সূর্য্য যেমন গ্রহ মাঝ
বেড়াইয়া থাকে করে কায,
খ্রীষ্ট্ প্রভু তেমনি আত্মাতে
বেড়াইছেন আপন সভাতে,
দেন দুর্ব্বল লোককে সান্ত্বনা,
আর মৃত লোককে জীয়াইয়া.

৭ হে প্রভো আত্মা, জীবন সার,
বোধ প্রদান কর নিজ সভার.
তা হইলে ভোরের শিশির ন্যায়
তোমারি সন্তান জন্ম পায়.
আর প্রভুর জ্ঞানের মহিমায়
সমস্ত সংসার পূর্ণ হয়.

J. J. W.

---

## ১৩৫ (P. M)

১ য়েশূর যে লোক সকল, রাখালের প্রিয় পাল,
অগ্রসর হও.

আপনার দীপ জ্বালাও, মশালে তৈল ও দেও,
আর কভু না ঘুমাও, জাগ্রৎ রও.

২ হে প্রভুর মণ্ডলী, ছাড় না তোমারি
আদিকাল প্রেম.
যে উনুই দেন জীবন কর তা অন্বেষণ,
পিও জল সর্ব্বক্ষণ, ছাড় সব ভ্রম.

৩ সীয়োন হে সহ দুঃখ, শোক পরে হইবে সুখ
স্বর্গালয়ে.
হেলন ও তাড়না, বিদ্রূপ ও যাতনা;
ভয় কভু কর না : স্বর্গের পথ এ.

৪ হে প্রভুর প্রিয় লোক সুখ হউক, কি হইলে শোক,
বিশ্বস্ত হও.
করিলে পরাজয়, স্বর্গ দূত আহ্লাদ পায়,
খ্রীষ্ট্ বলেন দয়াময়, মুকুট হে লও.

৫ বৃথা এই জগৎ সব, না শুন তাহার রব;
মহা বিপদ!
না মান তাহার ধন, না লও তার নিমন্ত্রণ;
নাশ আছে পাপ বেতন, অনন্ত ক্রোধ.

৬ হে যেশূর প্রিয় লোক, তোমাদের সদা হৌক
প্রেমের এক ভাব.
ঈশ্বরের সদ্গুণে, সাধু প্রেম বন্ধনে,
ভ্রাতাদের মিলনে, ভূষিত হও সব.

৭ ধৈর্য্য হও মণ্ডলী, সর্ব্বত্র প্রত্যয়ী,
সুদৃঢ় দাঁড়াও.
পরাভব শত্রুগণ, ইন্দ্রিয় সুখ দমন,
কর পবিত্র মন, জয়কারী হও.

J. J W.

---

## ১৩৬

ওহে য়েশূ তব বাক্য কর সম্পূরণ.
তিমির নাশি দীপ্তি দিয়া তার জগজ্জন.

১ ভাবি বাক্য শাস্ত্রে বলে, ঈশ্বর গৃহ শেষ কালে,
সর্ব্বাপেক্ষা উচ্চাচলে, হইবে স্থাপন.

২ সর্ব্বজাতি বহুনরে, ধর্ম্ম বিধি পাইবারে,
করিবেক বেগভরে তাহে আরোহণ.

৩ অন্যের প্রতি সবিনয়ে, কবে তারা সে সময়ে,
সঙ্গে চল প্রভুর গৃহে পাইবে তারণ.

৪ সেথা গেলে ধর্ম্ম নাথ, শিক্ষা দিবেন নিজ পথ.
তাঁহার বশে থাকি মোরা পাব বিমোচন.

৫ দেখ কিবা সুবিচার, বিস্তার হইলে বাক্য তাঁর,
হিংসা ত্যজি পরস্পর করে সম্মিলন.

৬ কেহ তখন কার প্রতি না করিয়া অপকৃতি,
যুদ্ধ অস্ত্র ভাঙ্গি হাল করয় গঠন.

P. B, no 47.

## ১৩৭

প্রভু তুমি সত্য রাখাল হইয়া,
তোমার পালকে রক্ষা কর হে.

১ তোমার আশ্রয় ভিন্ন, হইয়া গেল ছিন্ন,
পাল অরক্ষক হইয়া প্রভু হে.
কর তাহার চেষ্টা নহিলে হবে নষ্টা,
দয়াল রাখাল কেবল তুমি হে.

২ বেতন জীবি জন, করে পলায়ন,
মেষের কোন আপদ হইলে হে.
করিবারে ত্রাণ, তুমি আপন প্রাণ,
মেষের কারণ আপনি দিলা হে.

৩ খুজ তোমার মেষ, ব্যাপিয়া সকল দেশ,
পরের অধীন সর্ব্ব আছে হে.
তোমার সত্য বাক্য, যখন হয় প্রত্যক্ষ,
তখন তোমার আশ্রয় লইবে হে.

৪ শুনি সম্বাদ মঙ্গল, ছাড়া যাবে জঙ্গল,
রম্য স্থলের মধ্যে চরিবে.
রক্ত কৃত পাল পাল সর্ব্ব কাল,
বাড়াও সর্ব্ব স্থানে প্রভু হে.

P. B. No. 83.

# XIII. মঙ্গল সমাচারের ব্যাপন।

---

## ১৩৮

(C. M.)

(গীত সংহিতা ২.)

১ মোর য়েশূর কখন হইবে রাজ,
সর্ব্বত্র পাইবেন জয় ?
পাপ আত্মার রাজ্যে পড়ুক বাজ !
আর পাপ আচার না হয়.

২ হে প্রভু, তুমি মহারাজ,
নিতান্ত তুমি নাথ.
দূর কর সকল দুষ্ট কায,
ও জানাও ত্রাণের পথ.

৩ যে প্রেমে তুমি মরিলা
সব পাপী তারিতে,
আশ্চর্য্য প্রেম প্রকাশিলা
লোক সকল লওয়াইতে.

৪ সেই প্রেমে এখন সব লওয়াও,
সব লোককে দেহ জ্ঞান.

থ

আর অনুতাপ ও বিশ্বাস দেও,
হে সর্ব্বশক্তিমান.

C M B no 10.

---

## ১৩৯

(8 7 doubl

১ প্রভু বাড়াও রাজ্য আপন,
করাও দেবের সর্ব্বনাশ.
আপন সেবা কর স্থাপন,
সয়তান করুক আর না গ্রাস.
হউক সর্ব্বত্রে তোমার স্তুতি.
তুমি সর্ব্বশক্তিমান.
ফিরাও যেশু, সভায় মতি,
প্রভো কর সভার ত্রাণ.

২ প্রেরণ কর মঙ্গলাখ্যান,
সর্ব্ব লোকে ঘোষাও ত্রাণ.
তাবৎ প্রাণী পাউক কল্যাণ,
ফুটুক সভার দিব্য জ্ঞান.
ফলুক সভার প্রেম ও ভক্তি,
আমোদ বহুক মনোহর.
দয়াল যেশু, নরের মুক্তি,
হইবে তোমার তুষ্টিকর.

৩ আমরা যেন যাবজ্জীবন

হর্ষে করি তোমার নাম,
সচেতনে থাকি এখন
শেষে পাইব স্বর্গ ধাম;
স্বর্গে থাকি কাল অনন্ত,
য়েশূর সুখে সুখময়.
ওহে প্রভু কৃপাবন্ত,
তোমায় হইব মৃত্যুঞ্জয়.

C. M. B. No 11.

---

১৪০ (S. M.)

১ এই জগৎ শীঘ্র হউক
খ্রীষ্ট য়েশূর অধিকার.
হে প্রভো শীঘ্র প্রকাশ পাউক
স্বকৃপার অঙ্গীকার.

২ এ দেশে এতো দিন
শয়তানের মেলা বাস;
নিবাসি সকল হয় জ্ঞানহীন,
পাপাত্মার বদ্ধ দাস.

৩ ফিরাও এ লোকের মন,
দেও দিব্য সত্য জ্ঞান.
হউক পাপের ঘৃণা সর্ব্বক্ষণ,
এই মোদের নিবেদন.

৪ এ কার্য্য করিতে,
প্রবৃত্ত হও হে নাথ,
ও মোদের আশা পুরিতে
নিষ্কণ্টক কর পথ.

৫ হে সর্ব্বশক্তিমান,
পবিত্র আত্মাতে,
হে জানাও খ্রীষ্টে কৃত ত্রাণ,
সমস্ত জগতে.

C. M. B. No. 16

---

## ১৪১

(L. M.)

১ হে য়েশূ খ্রীষ্ট, নিজ কৃপাতে
পাপিষ্ঠ লোক নিস্তারিতে,
যে করিয়াছ রক্ত পাত,
তার দ্বারা বাঁচে সব অনাথ.

২ এই দেশের লোককে প্রসাদ দেও,
ও শীঘ্র তাদের মন ফিরাও.
হে প্রভু আন তোমার ঠাঁই
যে সকল লোকে ত্রাণহীন হয়.

৩ এক্ষণে পাপ রূপ সমুদ্রে
রয় মগ্ন মানুষ সর্ব্বত্রে.

পাপ ক্ষমা দ্বারা যাইবে পার,
তা বিনা তরণ নাহি আর.

৪ স্বরাজ্যের বৃদ্ধি করহ,
পাপ ধ্বংসের ভাবে পুরহ,
সব লোকের যেন মনে হয়:
খ্রীষ্ট্ যেশূ দ্বারা পাপের ক্ষয়,

C. M. B No. 18

---

## ১৪২

(8. 7.)

১ প্রভু যেশূ, আপন রাজ্য
সর্ব্ব জগতে বাড়াও.
তোমার পরিত্রাণের কার্য্য
সকল লোকেরে জানাও.

২ ধ্বংস কর দেবের পূজা,
দেবতা সর্ব্ব ভুলা যাউক.
তুমি সকল লোকের রাজা,
সর্ব্বে তোমার শরণ লউক.

৩ যে পর্য্যন্ত তোমার স্তুতি
না সর্ব্বত্রে করা যায়,
সকল প্রাণী তোমার প্রতি
হৃষ্ট মনে গীত না গায়,

৪ তাবৎ শুনাও মঙ্গল সংবাদ
তাতে সভার মন লওয়াও.
পূর্ব্ব ইস্তক পশ্চিম লাগাইদ,
সর্ব্ব দেশে জয়ী হও.

৫ রাজ্যের অধিকারী তুমি,
সত্বর আপন রাজ্য লউন,
স্বর্গে যেমন, তেমন ভূমি
আপনি সর্ব্বের রাজা হউন.

C. M. B No 22

---

## ১৪৩

(8. 7 4)

১ ওহে য়েশূ, ধর্ম্মের রাজা,
আপন কার্য্যে চেষ্টিত্ হও.
নষ্ট কর দেবের পূজা,
শীঘ্র আপন রাজ্য লও.
প্রভু য়েশূ, ৩
সর্ব্ব রাজ্যে প্রকাশ হও.

২ তুমি কেবল সত্য আলো,
ঘুচাও মনের অন্ধকার.
সকলে ধর্ম্মাত্মা ঢালো,
সৎজ্ঞান পাউক এ সংসার.

ধর্ম্ম দীপ্তি২ উদয় হউক,
সভার মনে সূর্য্যবৎ.

৩ তোমার মঙ্গল তত্ত্ব বাক্য,
যখন লোককে বহা যায়,
কর তার প্রমাণ প্রত্যক্ষ,
যাতে লোক লওয়ান যায়.
তারক ব্রহ্ম, ও
পাপি লোকের মন ফিরাও.

৪ প্রভো কর মহাযুদ্ধ,
হউক সর্ব্বত্রে তোমার জয়.
শীঘ্র কর শয়তান বদ্ধ,
দূরে রাখ ভক্তের ভয়.
প্রভু য়েশূ, ও
আপন রাজ্যে জয়ী হও.

C. M. B. No. 52

---

## ১৪৪

(L. M.)

১ হে য়েশূ, কখন তোমার নাম
সর্ব্বত্রে হবে সুপ্রচার,
আর যেন প্রতি নগর গ্রাম
পায় শ্রবণ মঙ্গল সমাচার?

২ সব লোকের আছে অন্ধকার,
অত্যন্ত বিষম অতি ঘোর,
হে যেশূ, তুমি দিবাকর,
তা নষ্ট করি, কর ভোর.

৩ হে ধর্ম্ম ভানু, উদয় হও,
ত্রাণ দীপ্তি কর সুপ্রকাশ.
সব জগৎ দীপ্তিময় করাও,
আর যেন না হয় পাপের দাস.

৪ হে সত্য দয়ার সমুদ্র,
পাপিষ্ঠ লোকের কর ত্রাণ.
জ্ঞান আলো দিয়া সর্ব্বত্র,
হউক শান্তি যুক্ত প্রত্যেক স্থান.

C. M. B. No. 55.

---

## ১৪৫

(8. 7. double.)

১ প্রভু যেশূ, হইয়া ব্যগ্র,
নষ্ট কর দেবের স্থান.
আপন রাজ্য বাড়াও শীঘ্র,
ঘোষাও আপন নামে ত্রাণ.
তুমি রাজাগণের রাজা,
স্বর্গ মর্ত্য তোমার ধাম.

নাশ সর্ব্ব মিথ্যা পূজা,
জানাও সভে তোমার নাম.

২ প্রতি সহর, প্রতি গ্রামে
লোকে করুক তোমার গান.
প্রত্যয়কারী তোমার নামে
নিশ্চয় পাইবে পরিত্রাণ.
উজ্জ্বল কর ধর্ম্ম দীপ্তি,
যেন জগৎ দীপ্ত হয়.
প্রত্যয় কারির হইবে তৃপ্তি,
যখন দেখে তোমার জয়.

৩ য়েশূ শব্দ পরিত্রাতা,
হর্ষ দায়ি তাঁহার গুণ.
তাঁহার কীর্ত্তন করুক সদা
সর্ব্ব স্থানে সর্ব্ব জন.
পাপের বিষয় যে জন ভাবে,
সেই জন ধরুক য়েশূর নাম.
আপদ হইতে তরে তবে,
নিশ্চয় পাইবে স্বর্গ ধাম.

C M. B. No 84

## ১৪৬

(P. M)

১ হায় ! বেড়ায় অনেক ভিন্ন দেশী,
হে দীপ্তির আকর, আন্ধারময়.
আমরাও যে তোমার আলোয় বাসি,
মেঘ রূপ যে পাপ, তায় ধৃত হই.
হে প্রভু, আন্ধার রাত ও ঝড়ে,
এক ছোট দীপ্তি গুপ্ত রয় ;
ঐ দিন ঐ রাত্রির অন্তপড়ে
কোন্ কালে, তোমার গোচর হয়.

২ তোমার গুণানুবাদের রবে
সমস্ত জগৎ ব্যাপা যাউক ;
ও উত্তর দক্ষিণ কেন্দ্র সবে
পবিত্র স্থান ও প্রেম বাস হউক.
আর ক্ষুদ্র উত্তর দেশ নিবাসি
গাউক বরফ তীরে তোমার স্তব ;
তদ্রূপে তপ্ত শারা দেশী
মেষ পালক মিলুক আপন রব.

৩ ও নিয়াগারার ঢেউর কাছে
বন মানুষ তোমায় বলুক " ও " !
ও ভারত, আরব, চিনা রাজ্যে
যাউক মঙ্গল সংবাদ সর্ব্বত্র.

এই সকল অন্ধকারের দেশে
পাঠাও মঙ্গল সমাচার ;
আর যত লোকে শয়তান বশে
আজ বান্ধা আছে, পাউক নিস্তার.

৪ অরুণ্যের পর্ব্বতে দাঁড়াইয়া,
মোর চক্ষে পল্লব স্পষ্ট হয়.
অরুণের পক্ষ ভাঙ্গে ছায়া :
মোর মনে নূতন দিন দেখায়.
আঃ কবুতর স্বখোপের দিগে
উড্ডীয়মান মেঘ তুল্য পাল,
তত্তুল্য যারা আইসে বেগে,
কে তারা? য়াকব বংশের দল

৫ আর মেঘের স্তম্ভ যথায় রইল,
সে স্থানে অগ্নি স্তম্ভ রয়.
পাপ আত্মার বশে যারা ছিল,
সেই সকল য়েশূর পাদে যায়.
যে অন্ধকার, ঘোর, রাত্রি সর্ব্ব,
সেই দিবস কর্ত্তৃক তাড়িত হয় ;
ও উত্তর, দক্ষিণ, পশ্চিম, পূর্ব্ব,
ত্রাণকর্ত্তার চরণ তলে রয়.

C W. L.

## ১৪৭

(8. 7.)

১ উঠ হে, উঠ হে, প্রত্যুষের সূর্য্য
নিদ্রিত বিশ্বকে উঠায় ;
দেখি নূতন সৃষ্টির কার্য্য :
ঘোর যে ক্ষেত্র দীপ্ত হয়.

২ কর স্তব ২ দিন উদয় হইল,
প্রভু তিনি দিবাকর.
তোমাদের যে ভানু আইল,
তাঁহার তেজ তাঁর অগ্রসর.

৩ দেখ ভাই ২, কে আইসে দূরে ?
লোকারণ্য ভয়ঙ্কর ?
দেব পূজক যে ধ্বংস পুরে
ছিল, চলে দেশান্তর.

৪ দেখ ভাই ২, কি মহানন্দ
তব পুত্র তাদের ঠাঁই,
সন্তান সন্ততি পর্য্যন্ত
প্রভুর ভয়ে শিক্ষিত হয়.

৫ দেখ ভাই, ২ যে স্বর্গপানে
স্বর্ণ বাদল বেগে ধায়,
কপোত তুল্য হেন স্থানে
আস্যে, তারা প্রকাশ পায়.

৬ কর স্তব, ২ যে য়েশূর কৃপায়,
ভিন্ন জাতি গাঁথকগণ
সিয়োন গাঁথনা করেন উপায়,
তাদের মধ্যে রাজা গণ.

৭ কর স্তব, ২ যে প্রভু বলেন :
আমি হইব কৃপাময়.
তাঁহার বাগান সবে বলেন
যাহা দেখি সমুদায়.

৮ উঠ হে, ২ স্বগৌরব জন্য
তিনি করেন কর্ম্মের শেষ.
এক গাছ হইতে হউক উৎপন্ন
হাজার বৃক্ষ জাত বিশেষ.

C. W. L.

---

## ১৪৮

(8.7.4.)

১ অন্ধকারের পর্ব্বত দিয়া,
ছুটি কর আমার মন.
ত্রাণের দিনকে প্রসব করণ
প্রতিজ্ঞা সব প্রস্তুত হন.
মহা সময়
কখন হইবে তদুদয় ?

২ মহা যুদ্ধ সাঙ্গ হইয়া
কালবারিতে পূর্ণ ময়,
হিন্দু, কাফরি, ম্লেচ্ছ সকল,
দেখুক তাঁহার মহা জয়.
মঙ্গল আখ্যান
সংসার দিয়া ব্যাপুক সব.

৩ অন্ধকারে যারা বসে,
তারা দেখুক মহা ভোর.
ইস্তক পূর্ব্ব লাগাদ পশ্চিম
প্রাতঃ খেদুক অন্ধকার.
ক্রীত উদ্ধার
করুক এখন মহা জয়.

৪ মহা কালের উদয় শীঘ্র
আস্যে ছাড়ুক তাবৎ ঘোর.
মঙ্গল সমাচার অনন্ত
ব্যাপুক তোমার নাম বিস্তার,
যত দূরে
খ্রীষ্টের রাজ্যের সীমা হয়.

৫ মহা মঙ্গলাখ্যান চল,
জিন, ক্ষান্ত হইও না,
সভারপর কর্ত্তৃত্ব কর,
রাজ্য বাড়ুক, ছাড়ুক না;

সর্ব্ব জগৎ
স্বেচ্ছাতে হউক তোমার বশ.

O. B. H B. No 12

---

## ১৪৯

(P M)

১ আদিতে অন্ধকার সংসারে ছিল, আর
আলো কই নাই.
তৎপরে যেহোবা "দীপ্তি হউক" বলিয়া,
অন্ধকার ছাড়িলে, হইল সে মত.

২ হে প্রভো শক্তিমান, শুন এই নিবেদন,
প্রসন্ন হও.
যে দেশে দীপ্তিময় ত্রাণোপায় বাক্য নাই,
সত্যালো গুপ্ত রয়, ত্রাণালো হউক.

৩ যেশূ হে, তুমি তো সুস্থতা দিয়াছ
পীড়িত লোক,
দর্শন দান অন্ধকে, সুস্থ মন দুঃখিকে;
হে প্রভো, এক্ষণে ত্রাণালো হউক.

৪ হে আত্মা প্রেমাকর, ধর্ম্মময় কবুতর,
শীঘ্র নামাও.
জীবন দেও মৃতকে, সান্ত্বনা ক্লেশেতে,
ঘোর তিমির দেশেতে ত্রাণালো হউক.

৫ য়েহোবা পুণ্যবান, সাধ্যেতে গুণবান,
চমৎকার নাম.
অসীম সমুদ্রের মত্ যেন বয় ত্রাণের স্রোত;
দূরে ও সন্নিহিত ত্রাণালো হউক.

J. J. W.

---

## ১৫০

আপন মহিমা য়েশূ করহ প্রকাশ.

১ দেবতা হউক উচ্ছিন্ন, দর্পির দর্প হউক চূর্ণ,
ত্বরাতে করহ পূর্ণ, নিজ অভিলাষ.

২ হবে দেবের অপমান, আর না পাবে সন্মান,
তব স্থানে সর্ব্বক্ষণে করি এ প্রত্যাশ.

৩ তুমি য়েশূ নরপতি, তোমাতে নরের গতি,
তব গানে পুরুক ক্ষিতি পাইয়া উল্লাস.

P. B. No. 38.

---

## ১৫১

তুমি নরের জীবনের গতি হে,
জগতের পতি তুমি য়েশূ.

১ ছাড়িয়া স্বর্গের ভুবন, পৃথিবীতে আগমন,
ধরিয়া নরের তনু ভুগিলা দুর্গতি হে.

২ সত্যের আলো শীঘ্র জ্বাল সব হৃদয় হউক ভাল;
দয়া সত্য প্রেম দিয়া ফিরাও সভার মতি হে.

৩ তুমি হে সভার রাজা, সবে করুক তোমার পূজা,
অতি কৃতাঞ্জলি হইয়া করুক বিনতি হে.

৪ মিথ্যা আশ্রয় আছে যত, শীঘ্র কর দূরীকৃত,
জগৎ হউক তোমাতে গত, করুক তোমার স্তুতি হে.

P B No 35

---

## ১৫২

এ দেশীয় লোকের তুমি দেহ ধর্ম্ম মন,
দয়াল প্রভো তোমার প্রতি ফিরাও পাপি
লোকের মন.

১ ছিন্ন ভিন্ন পৃথকতা হয়েছে সকলের হেথা,
ক্ষমা করো ওহে ত্রাতা, মনের কর সংশোধন.

২ নরকের পথ যথা, গমন না করুক সেথা,
সবাই মানুক তোমার কথা, ইহাই করি নিবেদন

৩ তুমি আছ জগৎ পতি, সবার হউক তোমাতে মতি,
পৃথিবীতে দেবতা না পূজুক কোন জন.

৪ অতি দীনহীনে বলে, রেখো প্রভু চরণ তলে,
ত্যজ না কো পাপী বলে, করি তোমায় নিবেদন.

P B No 47

## ১৫৩

নিজ রাজ্য বাড়াও হে কৃপাময়,
এ জগৎ যেন প্রভুর শীঘ্র হয়.

১ খ্রীষ্টের রাজ্যের আগমনে, প্রফুল্লিত পাপিগণে.
সবে মিলে বলে, যেশু মৃত্যুঞ্জয়.

২ যেশূর আগমন হয়, দেব দেবী লোপ পায়.
স্বর্গ মর্ত্যের তুমি হও মহাশয়.

৩ যত পাপী অপরাধী, তারা হইয়া সুপ্রবোধী
হরিষে বলয়ে প্রভু যেশূর জয়.

৪ গৌরবাদি যত স্তুতি, হউক প্রভু তোমার প্রতি,
সর্ব্ব স্থানে ব্যাপুন যেশু প্রেমময়.

C. M. B. No 4.

## XIV. ঈশ্বরের বাক্য বিষয়।

---

### ১৫৪

(8 , double

১ ও হে সত্যের প্রেমের প্রভো,
তোমার স্তুতি করা যায় ;
লিখিত হইল বাক্য তব,
যাতে আত্মা উদ্ধার পায়,
যেন করি স্তব ও স্তুতি
উচিত মতে, কর দান
আমার মনে এমন মতি ;
তা মোর মনে পাউক স্থান.

২ প্রভুর আজ্ঞা বহুমূল,
বিনা ক্রুটি নির্ম্মল হয়,
শান্তিদায়ক হয় অতুল্য,
ক্লেশের কালে শক্তিময়.
প্রভু তব বাক্য অটল,
নির্ব্বোধ হইবে জ্ঞানবান ;
তোমার শাস্ত্রের অর্থ অতুল,
এবং হৃষ্ট করে মন.

৩ প্রভুর বিধি দীপ্ত হইয়া,
করে লোচন দীপ্তিময়.
প্রভুর ভয়ে ভীত হইয়া,
পাইব মনে শান্তোদয়.
যে জন মানে তাঁহার বাণী,
সে জন ভাগ্য প্রাপ্ত হয়.
প্রভুর আজ্ঞা শুদ্ধ জানি,
বিদিত ও যথার্থময়.

৪ ও হে ঈশ্বর, তোমার প্রমাণ
বাক্য আছে নিত্যস্থাই,
সর্ব্ব জ্ঞানের উচ্চই সমান,
যাহা হইতে বিদ্যা হয়.
যে সে বাক্য ভাল বাসে,
তাকে ঈশ্বর করেন প্রেম;
পড়িলে তা রাত্ প্রত্যূষে,
তাতে তোমার হয় সম্ভ্রম.

৫ ইহা নিয়ম পুস্তক জানি,
যাহা ঈশ্বর লেখাইলেন.
ইহা তাঁহার মুখের বাণী,
যাহা তিনি কহাইলেন.
ইহা সত্য জ্ঞানের সাগর,
শান্তির, বুদ্ধির, ত্রাণের স্রোত,

স্বর্গ হইতে তাহার আকর,
পৃথিবীতে স্রোতের পথ.

৬ ঐ স্রোত হইতে নালা আইসে
অন্তঃকরণ বাগিচায়;
নালা হইবে নদী শেষে,
নদী সাগর হইয়া যায়.
এবং শাস্ত্রের সূর্য্য কিরণ
করে দীপ্ত তাবৎ স্থান,
ভাবি বিষয় প্রকাশ করণ
তাতে আছে শিক্ষা দান.

৭ প্রভু এ যে মহা দয়া,
ইহার কারণ করি স্তব,
ইহার যোগ্য নাহি হইয়া,
করি তোমার স্তুতির রব.
পিতা, পুত্র দিলা তুমি,
পুত্র করেন জীবন দান,
ধর্ম্ম আত্মা, পাপির স্বামী,
গ্রাহ্য কর আমার গান.

C. W. L.

## ১৫৫

(C. M.

১ বীজ সত্য ধর্ম্মের বুনা যায়
সব মনরূপ মৃত্তিকায়.
সে উর্ব্বরাতে বৃদ্ধি পায়,
তায় ষষ্টি গুণ ফল হয়.

২ যে পথের ধারে বুনা যায়,
তা শয়তান পাক্ষি খায়.
যে বুনিত্ পাষাণ মৃত্তিকায়,
সে শুষ্ক হইয়া যায়.

৩ কাঁটাবনে বীজ পড়িলে,
সে কাঁটা চাপা রয়,
দূর থাকুক ফল, নাই বাড়িবে,
তার মূলে হাবাত্ হয়.

৪ হে য়েশূ, আমার অন্তরে
পাপ কাঁটা কাটিয়া,
বীজ ধর্ম্মের বুন সত্বরে,
সে উঠুক বাড়িয়া.

৫ আর যেন পক্ষিতে না খায়,
তায় রক্ষাকর মন.
জ্ঞান জলে যেন সেচা যায়,
ফল হাজার হাজার গুণ.

C. M. B No. 79.

## ১৫৬

(7. s.)

(গীত সংহিতা ১.)

১ ধর্ম্ম শাস্ত্রে যেই জন
দিবা নিশি রাখে মন,
তাহে নিত্য সন্তোষ পায়,
ঈশ্বর কর্ত্তৃক ধন্য হয়.

২ পাপিগণের সকল পথ
না হয় তাঁহার অভিমত,
ত্যজি তাদের আলাপন,
দূরে থাকে সর্ব্বক্ষণ.

৩ নদী তীরের বৃক্ষগণ
যেমন সদা ফলবান,
তাদের পত্র শুষ্ক নয়:
তদ্রূপ সে জন ধন্য হয়.

৪ এরূপ পাপির গতি নয়:
তারা চালিত্ তুষের ন্যায়.
এতদর্থে বিচার দিন
তারা হবে উপায় হীন.

৫ ঈশ্বর পাপী পুণ্যবান
তুল্য নাহি করেন জ্ঞান.

কভু পাপী স্বর্গালয়
ধার্ম্মিক সহ নাহি রয়.

P. B. No. 1

---

## ১৫৭

(7. s.)

১ ধর্ম্মগ্রন্থ ত্রাণোপায়,
মহাধন ও রত্নময়.
পিতার প্রেম ও পুত্রের দান
তাতে হইল প্রকাশমান.

২ পাপ উৎপন্ন কিসে হয়,
আমরা তাতে শিক্ষা পাই;
কেমন তাহা দমন হয়,
য়েশূর বাক্য বেস শিক্ষায়.

৩ খ্রীষ্টের প্রেম ও পাপির ক্লেশ,
ধর্ম্ম শাস্ত্রের উপদেশ,
নরক ভয় ও স্বর্গের ভোগ,
মনে কর সকল লোক.

৪ আর ধর্ম্মাত্মা শিক্ষা দেন,
দুঃখী কোথায় শান্তি লেন.
সত্য বিশ্বাস, মৃত্যু জয়,
শেষে স্বর্গ সুখময়.

J. J. W.

## ১৫৮

(S. M.)

১ ভারগ্রস্ত পাপেতে,
আর পাইয়া নানা ভয়,
লইতেছি তোমার সাক্ষাতে,
হে প্রভো ত্রাণাশ্রয়.

২ সে ত্রাণের উপকার
প্রকাশিত হইল কই?
সত্য এ মঙ্গল সমাচার,
তা বিনা শাস্ত্র নাই.

৩ ঈশ্বরের বাক্য হয়
পূর্ণ প্রত্যাশাতে.
ঐ গ্রন্থে অসীম ত্রাণোপায়,
সব মনের দুঃখ ঘুচায়.

৪ তার মধ্যে প্রতিকার
যে সকল মনের দুঃখ;
প্রায় প্রত্যেক পৃষ্ঠে দেখিবার
মোর প্রভু যেশূর মুখ.

৫ সে গ্রন্থ নদীর ন্যায়:
পিপাসিত তুমি হও.
যে কেহ খায়, সে তৃপ্ত হয়:
হে ভাইরে আইস খাও.

৬ প্রভো, নিজ বিধিতে
স্থির কর আমার মন,
যে আমি সুখের পথেতে
অগ্রে যাই সর্ব্বক্ষণ.

J. J W

---

## ১৫৯

(8.7. 4)

১ ও হে ঈশ্বর, চন্দ্র, তারা,
তোমার অতুল গৌরব কয়;
এবং সূর্য্যের তেজঃ দ্বারা
তোমার অদ্ভুত জ্ঞান মোর হয়.
তৃণ, বৃক্ষ, সজীব জন্তু.
দেখায় তুমি শক্তিময়.

২ কিন্তু তোমার ধর্ম্ম শাস্ত্র.
যখন দেখি নয়নে,
তখন প্রেম ও দয়া অদ্ভুত
উঠিতেছে সূর্য্যের ন্যায়.
অন্ধকারাবৃত আমরা
এখন হইলাম দীপ্তিময়.

৩ শূন্য, সূর্য্যের গতি, দীপ্তি,
প্রকাশ করে তোমার গুণ,
দিবা রাত্রি তোমার শক্তি

তাতে আছে সপ্রমাণ.
কিন্তু ধর্ম্মগ্রন্থ তোমার
প্রেমের সত্য বিবরণ.

৪ সূর্য্য তারা রাশি চন্দ্র,
দিবা নিশি আকাশে
তোমার গৌরব করে্য ঘোষে
সর্ব্বদায় দেশ বিদেশে.
এতদ্রূপে তাবৎ স্থানে
তোমার বাণী ব্যাপিবে.

৫ পৃথিবীতে সূর্য্য যেমন
অবিরত করে ভ্রম,
সর্ব্ব জনে দীপ্তি দিয়া
করে মঙ্গল অনুপম;
তেমন নিত্য য়েশূর বাণী
সুখী করে সর্ব্ব জন.

৬ ও হে য়েশূ, জগৎ আলো,
ঘুচাও সর্ব্বের অন্ধতা.
স্বর্গ হইতে শীঘ্র ঢাল
বৃষ্টির তুল্য ধর্ম্মাত্মা.
তাতে পাপি নরের শক্ত
হৃদয় হইবে নম্রাত্মা.

J. J. W

## ১৬০

(L. M.)

১ এ জগৎ সৃষ্টি দর্শনে,
হে প্রভো, জন্মে আহ্লাদ জ্ঞান :
পরন্তু তোমার পুস্তকে
পাই তোমার দয়ার সৎপ্রমাণ.

২ ভূমণ্ডল স্বর্গে ভ্রমিয়ে,
দেয় সূর্য্য চন্দ্র উপদেশ :
আর ধর্ম্ম শাস্ত্র শিক্ষা দেয়,
হয় কিসে স্বর্গেতে প্রবেশ.

৩ সামান্য খাদ্য সামগ্রী
মোর ক্ষেত্রেতে উৎপন্ন হয় :
অনন্ত জীবন ভক্ষ্যাদি,
তা ধর্ম্ম বাক্যে উদ্দেশ পাই.

৪ মোর অশেষ পাপ ও অপরাধ,
সে বাক্য করে সুপ্রকাশ,
আর খ্রীষ্ট কি প্রকার, পাপির নাথ,
ত্রাণ করিলেন সব পাপের দাস.

৫ এই জীবন দায়ক নদীতে,
ভাই, নিত্য বস্যে করি পান :
আর যেন ত্রাণ পাই শেষেতে,
সে নদীর জলে করি স্নান.

J. J. W.

# ১৬১

আমার প্রভু,
তব শাস্ত্র কিবা মিষ্টময়!

১ জগতীস্থ সুখ ছাড়ি, তোমার শাস্ত্র ধরি,
দিবা নিশি থাকি ঐত চিন্তায়.

২ মিষ্টতাতে মিষ্ট পুরি, তুলনা না দিতে পারি,
মধুচাক মধু কিছু নয়.

৩ শরীরের ব্যাধি জন্য, নিম্ব পত্র খায় ধন্য,
দিনে ২ অধিক মিষ্ট পায়.

৪ জ্ঞানিগণ করো ধ্যান, উপার্জয় অনন্ত ত্রাণ.
ইহা কেহ না করে প্রত্যয়.

৫ দীন হীনে করে স্তুতি, দেহ প্রভো ধর্ম্ম মতি,
তব শাস্ত্রে যেন রতি রয়.

C. M. B. No. 130)

# XV. ধর্ম্ম সংস্কারের বিষয়।

## ১ পুণ্য বাপ্টিস্ম।

---

### ১৬২

(8. 7. doubl

১ প্রভু য়েশূ খ্রীষ্টের উক্ত
পালন কর ভক্তগণ;
য়েশূ নামে যত ভক্ত
হয় বাপ্টাইজিত্ সর্ব্বজন.
প্রেমে প্রথম ধৌত হইলে,
জলে তোমরা ধৌত হও.
য়েশূ নামে ভক্তি পাইলে.
আত্মাতে ধোয়ান যাও.

২ ধৌত হইলেন মহাদুঃখে
য়েশূ, করিবারে ত্রাণ,
পাপী যেন মজে সুখে,
ভুঞ্জিবারে স্বর্গস্থান.
য়েশূর নামে বিশ্বাস করি,
তাতে দয়া ক্ষমা পাই;
য়েশূ নামে ভক্তি করি,
শেষে আমরা স্বর্গে যাই.

C. M B. No. 29

## ১৬৩

(8. 7. 4.)

১ সর্ব্ব দেশে তোমরা গিয়া,
লোককে কর সুশিক্ষিত.
খ্রীষ্টে বিশ্বাস যে যে করে,
তাকে কর বাপ্টাইজিত,
য়েশূ বলেন,
ভক্তদিগের মুক্তি হয়.

২ য়েশূ খ্রীষ্ট বাপ্টাইজিত্ হইলেন
য়র্দান নদীর স্রোতেতে,
জগতে দেখাইবার কারণ:
তিনি মগ্ন প্রেমেতে.
পাপির কারণ
মহাদুঃখে ডুবিলেন.

৩ অদ্য তিনি বলিতেছেন:
আর না কর দেবের কায;
অদ্য মুক্ত হইয়া আইস
প্রভু খ্রীষ্টের প্রকাশ দাস.
খ্রীষ্টের আজ্ঞা
পালনেতে হইও বশ.

৪ য়েশূ তারক যাহা বলেন,
তাহাই নিত্য করিবা.

লোকে বলে করে যেমন,
কেন প্রিয় ভাবিবা?
খ্রীষ্টের কারণ
লজ্জিত হইতে নারিবা.

O. B. H. B. No 16

---

১৬৪

(8. 7. double)

১ ভাই, বাপ্টাইজিত্ প্রভুর রাজ্যে,
আমরা হইয়াছি প্রচার;
স্বীকার করি, তাঁহার কার্য্যে
বিনা করিব না আর.
ধোওনে হয় সাধ সঙ্গ,
প্রেমে মিলন হইল মন.
য়েশূ, রক্ষ, যেন ভঙ্গ
নাহি করে কোন জন.

২ ধর্ম্ম আত্মা সভার উপর.
য়েশূ, ঢাল দয়াতে,
মোদের নিবেদনের উত্তর
পূর্ণ হবে তাহাতে.
আমরা গাইব তোমার স্থানে
পরম গান আনন্দময়,

যেশূ নামের গুণ গানে
জগৎ যেন পূর্ণ হয়.

৩ তোমার আশ্রয় লইবে যত,
তাদের রক্ষা কর, নাথ,
নিত্য যেন ধর্ম্ম মত
চলে, ধরে্যে তোমার পথ.
যাবৎ থাকি পৃথিবীতে,
তোমায় পাইব পরম আশ.
আয়ু ও গেলে মরণেতে
রাখ, যেশূ, তোমার পাশ.

O B. H. B. No 99.

---

## ১৬৫

(7. s.)

১ পিতা, পুত্র, ধর্ম্মাত্মার
নামে হইল জল সংস্কার,
পাইলাম পুনর্জন্ম দান,
খ্রীষ্টের দ্বারা পরিত্রাণ.

২ আমার লাভ সে চমৎকার :
পুত্রের পাইলাম অধিকার,
পাপের বিষয় প্রক্ষালন,
পিতার প্রতি আগমন.

৩ কল্য ছিলাম বিদেশী,
অদ্য নিকট হইয়াছি.
মণ্ডলীর এক অবয়ব,
নূতন সৃষ্ট মানুষ সব.

৪ পাপের বস্ত্র পুরাতন
ফেল্যে, পাইলাম এক নূতন.
খ্রীষ্টের কৃত বিভূষণ
অদ্য করি পরিধান.

৫ য়েশূ আছেন মিত্র মোর,
আত্মা করেন উপকার,
করিয়া মোর আকর্ষণ.
রাখিবেন পবিত্র মন.

৬ দয়ার নিয়ম মহৎ দান,
দৃঢ় স্থিত আমার ত্রাণ:
কোন শত্রুর আগমন
ভয় না করে আমার মন.

৭ শয়তান কার্য্য. অভিলাষ
মনেতে না পাইবে বাস.
ঈশ্বর প্রতি সমর্পণ
দিয়াছি সম্পূর্ণ মন.

৮ ধর্ম্ম পুস্তক পাঠ করা,
দিনে ২ প্রার্থনা

করিব, আর পবিত্র
আচরণে থাকিব.

৯ প্রভো, শুন নিবেদন,
দৃঢ় কর আমার মন.
অদ্যই প্রাপ্ত মঙ্গল দান
পাছে হারায় আমার মন.

J. J. W.

---

## ১৬৬

(L. M.)

১ এই উপস্থিত যে শিশুগণ,
এই প্রভো, কর নিরীক্ষণ.
তাদিগ্‌কে তোমার আজ্ঞাতে
আনিলাম তোমার সাক্ষাতে.

২ হে তুমি পরম দয়াতে,
এক কালে শিশু আনিতে,
আপনার কাছে দিয়াছ,
"না কর নিষেধ" বল্যেছ.

৩ আর বসাইয়া নিজ কোলেতে,
তাদিগকে চুম্বন করিলে,
ও বলিলা, "এই শিশু ন্যায়
যে হয় না, নাহি স্বর্গে যায়"

৪ জল ও সদাত্মা দ্বারা যে,
না পুনর্জন্ম পাইয়াছে,
সেই বিদেশী, পাপিষ্ঠ নর,
না পাইবে স্বর্গের অধিকার.

৫ নিজ হাতে হইলে সমর্পণ,
এ শিশুগণ সুরক্ষিত হন.
আর আমরা করি এ প্রত্যয় ;
ত্রাণ আশীর্ব্বাদ না হইবে ক্ষয়.

৬ হে মহা রাখাল, ছোট মেষ
নিজ রাজ্যে যাইতে দেও প্রবেশ.
স্বরক্তে কর তাদের মন
পবিত্র এবং প্রক্ষালন.

৭ সুত, পিতা এবং ধর্ম্মাত্মার
নাম লইয়া সেবিলাম সংস্কার.
হে ত্রিত্ব সর্ব্বশক্তিমান,
দেও ইহাদিগকে পরিত্রাণ.

J. J. W.

---

## ১৬৭

তারক য়েশূ, তব আজ্ঞা পালক যেন হই,
তোমা বিনা আমরা কারো নই.

১ য়র্দান নদীর জলে, তুমি ডুবিত হলো,
তব মতে হওয়া মোদের উচিত্ হয়.

২ তুমি ডুবিত কালে, যথা আত্মা পাইলে,
আমাদিগকে তথা দেহ ইহা চাই.

৩ আপনি নরের তরে, শুইলে কবরে,
মোদের জীবন নহে তব মৃত্যু বই.

৪ পুনরুত্থান কৈলে, আর না মরিলে,
তেমনি পাপের জয় করি যেন রই.

৫ ছিল মোদের গতি, কেবল নাশের প্রতি,
তবু তোমার কৃপায় সেবক হইতে পাই.

৬ অদ্য তব শিষ্য, জনিয়া অবশ্য,
আমাদিগকে শেষে রাখ তোমার ঠাঁই.

P. B. No 281

---

## নির্দ্ধারণ।

## ১৬৮

(8. 7. double)

১ ওহে প্রভুর দয়ার পাত্র,
ইহা তোদের নিয়ম দিন.
যখন ছিলা শিশু মাত্র,
অতি কোমল, চিন্তাহীন,

তখন তোদের পরিবর্ত্তে
যাহা হইল অঙ্গীকার,
তাহা এখন পালন কর্‌তে
আপনাদের হইল ভার.

২ এ যে দিন তার ভাব্‌কে ধর,
স্ব ২ মনে তা লাগাও.
সভার মধ্যে স্বীকার কর,
প্রভুর গোচর সরল হও.
তাঁহার নিয়ম ইহা আছে :
দয়া, শান্তি তোমাদের,
ইহার পর বাস স্বর্গের রাজ্যে ;
তিনি মন চান্‌ তোমাদের.

৩ খোসা খাওয়া অপেক্ষাতে (লুক ১৫, ১৬)
মান্না খাওয়া ভাল নয় ?
যাহা পাইবা সংসার হাতে,
তাহা বটে খোসার ন্যায়.
য়েশূ দিচ্ছেন আত্মার অন্ন,
তাহা থাকে সর্ব্বক্ষণ,
কিন্তু নিশ্চয় হয় উচ্ছিন্ন
যারা ঘৃণা করে জ্ঞান. (হিতোপদেশ ৮, ৩৬)

৪ তোমরা ও কি প্রাণ হারাইবা
রাঙ্গা ব্যঞ্জন চেষ্টাতে ? (১. মোসে ২৫, ৩০.)

আত্মার শাসন কি এড়াইবা ?
দুঃখ দিবা ত্রাতাকে ?
তাহা তোদের ঘটে পাছে,
ঈশ্বর দিউন নরম মন.
আজি হইতে তাঁহার কাছে
এস্যে থাকুক প্রত্যেক জন.

৫ এক বার দয়া পাইলে পরে
সংসার প্রতি অনেক যায়,
য়েশূর দয়া নাহি ঘেরো,
তোমরা যাইবা সমুদায়.
য়েশূর গুণের জ্ঞান ও পাইলে,
তুমি যদি ফির মুখ !
তিন জন গেলে, দুই জন গেলে,
এক জন গেলে, কেমন দুঃখ !

৬ তোমা সভাকারের এক জন
না হারান যেন যায়.
য়েশূ দিলেন আপন প্রাণ পণ,
যেন জীবন তোদের হয়.
মরণে নরক যন্ত্রণাতে,
ক্রূশের উপর, প্রেমময়,
আমরা যেন তাঁহার হাতে
তাঁহার অধিকার লোক রই.

৭ তাতে শিক্ষ শিষ্যের কথা, (য়োহান ৬. ৬৮.)
যখন ঘটে পরীক্ষা :
ওহে প্রভো, যাইব কোথা?
তোমার থাকি সর্ব্বদা.
পরম আয়ুদায়ক বাণী
তোমার কথা, তা অদ্ভুত;
আরো আমরা নিশ্চয় জানি :
তুমি অমর ঈশ্বর সুত.

C. W. L.

---

## ২ প্রভুর ভোজ ।

## ১৬৯

(8. 7. 4.)

১ আইস, ওহে ভাই লোক সর্ব্ব,
য়েশূর প্রেম গুণ স্মরিয়া,
দ্রাক্ষারস ও রুটী খাইব,
ধর্ম্ম সভা করিয়া,
প্রভুর রক্তের, হৃত দেহের,
নিদর্শন তা মানিয়া.

২ প্রেমে মোদের পাপ ভুঞ্জিয়া,
তিনি জীবন ত্যজিলেন.
দেখ তাঁর আশ্চর্য্য দয়া :
মোদের পাপ সব খণ্ডিলেন.
য়েশূর মরণ বিনা পাপী
রহিবে পাপ মোচন হীন.

৩ ইহায় পাইব দৃঢ় বিশ্বাস,
যেশূর মৃত্যুর ইহা পণ:
ঈশ্বর মোদের করি পাপ নাশ,
দিবেন অনন্ত জীবন.
তায় ঐশ্বরিক প্রেম আহ্লাদে
হইবে স্থির মোর চঞ্চল মন.

৪ দ্রাক্ষারস লও, ভাঙ্গ রুটী,
নম্রভাবে ভক্তিতে.
অক্ষয় বিশ্বাস হইয়া ব্রতী,
পাইবা আশিস প্রভুতে.
কর যেশূর সভে স্তুতি,
নিশ্চয় যাইবা স্বর্গেতে.

C. M. B. No 87.

---

(S. M.)

## ১৭০

১ খ্রীষ্ট যেশূর প্রেমের গুণ
সে কেমন অনুপম!
কি জন্যে নাহি চিন্ত মন
তাঁর অতি প্রিয় নাম?

২ তার হইল রক্তপাত,
নিজ প্রাণও কৈলেন দান;
তাহাতে তরে নর অনাথ
কে আছে তাঁর সমান?

৩ হও চিন্তিত, ওহে মন,
খ্রীষ্ট মরণ স্মরণে,
তার অর্থ বুঝি সৰ্ব্বজন,
তাঁর ভোজন করণে.

৪ খ্রীষ্ট য়েশূর মরণে
অনন্ত পরিত্রাণ.
হে ভক্তগণ, তাঁর ভোজনে
আনন্দে গাইও গান.

৫ প্রেম কর পরস্পর,
এই আজ্ঞা আছে তাঁর.
এই আছে তাঁহার তুষ্টিকর,
সে খণ্ডায় পাপের ভার.

৬ হে প্রভো দয়াবান,
অত্যন্ত প্রেমময়,
সব পাপি লোকের কর ত্রাণ,
হউক নিত্য তোমার জয়.

C. M. B No 88.

---

## ১৭১

(8 7 double)

১ মন হে, য়েশূর রক্তে তুমি
এখন পরিতৃপ্ত হও,
ক্রুশে গেলেন জগৎ স্বামী,

তুমি যেন মুক্তি পাও.
তাঁহার পার্শ্বে বিন্ধি বড়শা,
বাহির গেল রক্ত জল;
কর মনে দৃঢ় আশা.
তোমার হইবে সত্য ফল,

২ আপন শরীর তিনি দিলেন,
তোমাকে নিস্তারিতে.
তাঁহার রক্ত পাত কৈলেন
মনুষ্যদের নিমিত্তে.
যে জন তাহা বিশ্বাস করে,
সে জন হইবে নাশ রহিত;
যদি য়েশূর সঙ্গে মরে,
জীবিত হইবে তাঁর সহিত.

৩ পাপের ক্ষমা ঋণের মোচন,
রক্ত দ্বারা হইল স্থির.
মনুষ্যদের পাপের মার্জ্জন
কৈলেন য়েশূ সশরীর.
লও, খাও তোমার পাপের হেতু;
শরীর দিলেন মরণে.
লও ও খাও এ দিব্য বস্তু,
কর তা মোর স্মরণে.

৪ পাপময় সাংসারিক শরীর

তাহাতে হয় পরিষ্কার.
তুমি বুঝ তাহা গম্ভীর
এবং নিগূঢ় ত্রাণ সংস্কার.
এতজ্জন্যে তুমি ছাড়
ইন্দ্রিয়ের সুখাভিলাষ.
শত্রুর ক্রিয়া ধ্বংস কর,
হইও খ্রীষ্টে প্রিয় দাস.

৫ আমার জীবন, আমার মরণ,
রক্ত দ্বারা পুণ্যবান.
পাপী হইয়া, করি ধারণ
প্রভু য়েশূ খ্রীষ্টের ত্রাণ.
তাঁহার শরীর করি ভোজন,
তাহাতে সন্তুষ্ট মন.
তাঁহার রক্ত মনোরঞ্জন,
শান্তিদায়ক আমার ধন.

S B

---

## ১৭২

(7 s)

১ যথা য়েশূ বিদ্যমান,
কিবা রম্য ধর্ম্ম স্থান,
সেথা তিনি কৃপা ধন,
সদা করেন বিতরণ.

২　হেথা জল স্রোতের ন্যায়
অসীম দয়া পাওয়া যায় ;
তাহা ভোগে পাপিগণ,
হইয়া থাকে তৃপ্ত মন.

৩　তথায় আছে খাদ্যচয়,
প্রভুর রক্তে ক্রীত হয়,
খাইয়া তাহা নর লোক
নিশ্চয় এড়ায় মৃত্যু শোক.

৪　ভোজে বসি আমরা সব,
করি য়েশূর ধন্য রব.
কহি হইয়া পুলকিত,
কেন হইলাম নিমন্ত্রিত.

৫　আহা! কত পাপি নর
হেলা করে তব স্বর.
পাপের সুখে মগ্ন হয়,
মুগ্ধ হইয়া দূরে রয়,

৬　যিনি প্রেমে ভোজন দেন.
তিনি টান্যা আনিলেন.
নচেৎ হইলে দূরস্থিত
নিশ্চয় হইতাম বিনাশিত.

৭　প্রভো করো কৃপাদান,
সত্তে দেহ ধর্ম্মজ্ঞান.

তোমার গৃহে সর্ব্বজন
আনি কর সংকলন.

৮ তোমার যত অভিপ্রায়
আদাম বংশের প্রতি হয়,
শীঘ্র কর সম্পূরণ:
ইহা মোদের নিবেদন.

P. B. No.

---

## ১৭৩

L. M.)

১ বিভূষিত হও হে আমার মন,
ত্যাগ কর পাপ ও কুচিন্তন;
প্রেম পূর্ণ প্রভু তোমারি
আজ করিবেন ত্রাণ অতিথি.

২ বিনা বিলম্ব প্রস্তুত হও,
ত্রাণ উন্মুই নিকট শীঘ্র যাও,
নিজ মনের ফটক খোল হে,
তায় প্রভু প্রবেশ করিবে.

৩ হে য়েশূ, আমি ক্ষুধিত হই.
আর আমার তৃষ্ণা অতিশয়.
মোর স্নিগ্ধ কর দুর্ব্বল মন,
পাঠাও ধর্ম্মাত্মার জল বর্ষণ.

৪ অষ্টাঙ্গ তোমার চরণ ঠাঁই

এ দ্রাক্ষারস ও রুটী খাই,
ও স্বর্গের মান্না জীবন দান ;
হোক তোমার স্তব, হয় আমার ত্রাণ.

৫ স্বমাংস ভোজন, রক্ত পান,
হে কর যোগ্য আমার মন.
হিতার্থে ভোজন যেন হয়,
অনন্ত মোচন যেন পাই.

৬ এই পারমার্থিক ভোজনে
প্রেম তোমার রাখি স্মরণে.
যে রূপ এ অভ্যাগত জন,
অতিথি স্বর্গে হই তেমন.

J. J. W.

---

## ১৭৪

(S. M.)

১ মোর আমোদ য়েশূ হে,
মোর প্রাণের দিবাকর,
হে তব পরম দয়াতে
আজ্ পাইলাম সুখ অপার.

২ স্বর্গীয় শ্রেষ্ঠ দান,
আর আহ্লাদ অতিশয়,
আজ ভোগিলাম, তায় স্তব গান
খ্রীষ্ট য়েশূর প্রেমের গাই.

৩ এ দুর্ব্বল পীড়িত জন
যে পাইলাম সুভক্ষ্য,
অমৃত জল ও শান্তি দান,
তাঁর মেজের সম্মুখ.

৪ তোমারি ক্লেশ ও শোক
মোর নিত্যানন্দের সার,
আর ক্রুশে তিক্ত মরণ দুঃখ
মূল হয় মোর সান্ত্বনার.

৫ পুরাইলা আমার মন
স্বর্গীয় মান্নাতে,
তায় আমি মহা পাপি জন,
স্তব করি গানেতে.

৬ অদ্য দিন অবধি
পাপ সকল করি ত্যাগ
সবিনয় করি মিনতি:
দেও শেষে স্বগ ভাগ.

৭ না হইবে আমার নাশ,
খ্রীষ্ট আমার জীবন সার:
প্রাণ বিয়োগ হইলে স্বর্গবাস
পাই নির্ম্মল অধিকার.

J. J. W.

## ১৭৫

যে জন জীবন দিলেন পাপির তরে
ও মন কখন ভুল নাহি তাঁরে.

১ না ভুলিও কখন, কর সেই ভজন,
বলি রূপে হত ত্রাণের তরে.

২ পাপের সকল কার্য্য, দূরে কর ত্যজ্য,
কারণ তাহার লাগি য়েশূ মরে.

৩ সত্য দয়া ক্ষমা, সকলি অসীমা,
শত্রুর তরে তাঁহার রক্ত ঝরে.

৪ তিনি দয়ার সিন্ধু, এবং পাপির বন্ধু,
তাঁহার গুণ গাও মিষ্ট স্বরে.

৫ ও হে প্রিয় য়েশূ, আমি তোমার শিশু,
তোমা বিনা নাহি জানি কারে.

C. M. B. No. 15

---

## ১৭৬

প্রভুর মরণে শরণ লইলে,
তবে হবে ঈশ্বরে মিলন রে.

১ পাপী রক্ষিবারে, প্রভুর জন্ম মর্ত্য পুরে,
জগৎ পুরিলেন, অসীমা প্রেমে রে

যে জন বিশ্বাস করে, খ্রীষ্টের মরণে,
পায় অনন্ত জীবন স্বর্গপুরে.

৩ খ্রীষ্টের মৃত্যু এই সার, যে লবে শরণ,
তার মুক্তি হবে ভক্তির উদয় হইলে.

P. B. No 20

---

## ১৭৭

য়েশূ হে শরণ রাখি তব চরণে,
আমার পাপ বিমোচন হবে তোমার মরণে.

১ তোমার মেজের নিকটে আসি, প্রার্থনা করিয়া বা
পবিত্র করহ মোরে আপন গুণে.

২ প্রভু রুটী হস্তে করে্য, বলিলেন সব শিষ্যেরে:
"এই লও, খাও, তোমরা আমার স্মরণে."

৩ তব ভগ্ন শরীর সুধা, নিবারে আত্মার ক্ষুধা,
ভক্তি বাড়ে ইচ্ছা হয় ত্রাণ কারণে.

৪ এই রুটী দ্রাক্ষারস, চিহ্ন প্রভুর রক্ত মাংস,
জ্ঞান করে্য, করি পান তরি নিদানে.

৫ মহা বিচারের দিনে, রাখ হে তোমার দক্ষিণে,
ভরসা আমার খ্রীষ্টের মরণ স্মরণে.

C. M. B. No. 51

## ১৭৮

যেশূ খ্রীষ্ট ত্রাণের ভক্ষ, ভক্ষণ কর সর্ব্বজনা,
তবে ইথে পাইবে মোক্ষ, ক্ষুধা আদি আর হবে না.

১ আসিয়া এই ভবে সবে, দিন গেল যাইতে হবে,
ও পরকালে কি হইবে, এবে তা কেন ভাবিলে না ?

২ যেশূ খ্রীষ্ট উপায় এবে, তাঁর মরণে সুখ পাবে,
বিশ্বাসিলে ত্রাণ পাইবে, যদি লহ তাঁর শরণা.

৩ তদপরে ভক্ত হইবে, আপদ রহিত থাকিবে,
প্রভুকে দর্শন পাইবে, আর পাইবে সুখ সান্ত্বনা.

৪ স্মরণ কর ভাই সবে, যদি স্বর্গে যাইবে, তবে
প্রভুর রক্ত মাংস খাবে, হয়ো বিশ্বাস দৃঢ়মনা.

৫ তাহাতে স্বর্গে উত্তরিবে, স্বর্গ দূতের সঙ্গী হবে,
অনন্ত সুখ ভোগ করিবে, হইবে তাঁর ভাগী জনা.

৬ সেথা আনন্দালয়ে যাবে, দূতগণও সঙ্গে সভে,
হাল্লেলুয়া গান গাইবে, ক্ষুধা আদি আর হবে না

প. আ. ব

## XVI. প্রার্থনার বিষয়।

১৭৯ (L. M.)

১ নিরন্তর কর প্রার্থনা,
পরন্তু কেবল মুখে নাই;
যেহেতুক বিনা চেতনা
সব নিবেদন অগ্রাহ্য হয়.

২ হায় কেমন মূর্খ চিন্তাতে
পাপান্তঃকরণ ভ্রান্ত হয়!
আর প্রভুর সেবার কালেতে
লয় শত্রু পাপেতে হৃদয়.

৩ কি করি তার নিবারণে?
মোর চঞ্চল মন প্রায় অস্থির হয়.
ত্রাণকর্ত্তার প্রেম এই কারণে
সর্ব্বোপরিস্থ মনে নাই.

৪ সামান্য ক্ষুদ্র বিষয়ে
কাল যাপন পাছে করিব,
স্বধর্ম্মের প্রেম মোর হৃদয়ে
সংস্থাপন কর সুদৃঢ়.

৫ হে প্রভো এই বিবেচনা
স্থির কর আমার অন্তরে:
যে ভক্তি রহিত প্রার্থনা
না কভু গ্রাহ্য তোমারে.

C. M.B no 184

---

7 s )

## ১৮০

১ ভাই হে, কভু ভুল না,
যখন কর প্রার্থনা:
ঈশ্বর আছেন উপস্থিত,
আপন ভক্ত লোক সহিত.

২ তবে স্বর্গের সিংহাসন
নিকট গিয়া, নম্র মন
হইয়া, সন্দেহ বিনা
বলি: আব্বা হে পিতা.

৩ স্বর্গ দূত ও মানবগণ
মাগে তোমার মঙ্গল দান,
লইয়া তোমার পুণ্য নাম
ও হে ঈশ্বর গুণ ধাম.

৪ গৌরবান্বিত কেরুবিম,
আরো প্রধান সেরাফিম,

সকল বলেন ডাকিয়া :
ধর্ম্মময় হে য়েহোবা.

৫ তোমার ত্রাণের উম্নুই ঠাঁই
ধার্ম্মিক সকল পিয়ে খায়,
দেহে, মনে, যাহা চায়,
তাহা তোমার হাতে পায়.

৬ এতদকারণ সর্ব্বক্ষণ,
আমরা করি নিবেদন;
মোদের ধন্যবাদের গান
গ্রহণ কর দয়াবান.

J. J. W.

---

## ১৮১

(P. M.

১ যে কেহ তোমরা আছ নিরুপায়,
কৃপাসনের কাছে আইস ত্বরায়,
আনিয়া ব্যথিত মন বল যত দায়,
কারণ নরের ক্লেশ সব স্বর্গে ঘুচায়.

২ সে দুঃখ নিবারক সে অন্ধের দীপ্তি,
জানহ সকলে নিশ্চয় উপায়:
ঈশ্বর যে শান্তি দেন তথায় হয় প্রাপ্তি,
নরের যত ক্লেশ সব তাহে ঘুচায়.

P. B. no 175.

## ১৮২

ওহে প্রভো, শিক্ষাও যাচন, যেন করি তোমার সাধন,
এমত শক্তি দিউন এখন : যথা শাস্ত্রে উক্ত বচন.

১ তব নামে করি প্রার্থন, পূর্ণ কর মোদের মনন,
আছে তোমার নিজ বচন, যাচিত দ্রব্য হব প্রাপণ.

২ যথা তব এই কথন, আছে প্রতি সর্ব্বজন,
সর্ব্বদা এ করি সাধন, হউক মোদের মন এমন.

৩ যাচ্ঞাতে শক্তিমান, কর প্রভু কৃপাবান,
ত্রুটি আছে মোদের জ্ঞান, তাহা দিয়া কর চেতন.

৪ যেমন দাবিদের বচন, যখন দুঃখে হইল মগন,
দয়াতে করিলা রক্ষন, তেমনি করহ এখন.

৫ সভাকারে দেহ জ্ঞান, যাতে তোমার করে ধ্যান,
বিশ্বাসে ধরি শ্রীচরণ, সদা থাকে ধ্যানে মগন.

পং আং বং

## XVII. প্রভুর দিন ও ঈশ্বরের সেবার বিষয়।

---

(C. M.)

### ১৮৩

১ এই দিনে হইল বিশ্রামবার,
ও প্রার্থনার এক দিন;
এই হেতু চিন্ত ঈশ্বর সার,
হও ঐহিক কর্ম্ম হীন.

২ ছয় দিনে কর্ম্ম করিবা,
সাংসারিক কর্ম্ম যে:
ও সপ্তম দিবস পালিবা,
নিরূপিত শাস্ত্রে এই.

৩ এই পুণ্য দিবস স্মরণে
আনন্দিত থাকুক মন;
ও য়েশূ খ্রীষ্টের চরণে
হউক চিত্ত সচেতন.

৪ আর য়েশূর রাজ্যের চেষ্টা পাও,
যে তাহার বৃদ্ধি হয়.

তাঁর নামে মধুর স্বরে গাও,
তাঁর বাক্য শুন, ভাই.

৫ অনন্তকালের বিশ্রামবার
হয় পরে স্বর্গালয়:
ও ইহকালের রবিবার
লউক মোদের মন তথায়.

C. M. B. no 12

---

## ১৮৪

(L. M.)

১ হে খ্রীষ্ট, তোমার উপদেশ,
যে এখন হইবে সুপ্রকাশ,
তা মোদের মনে প্রবেশ হউক,
ও সত্য বিশ্বাস উদয় পাউক.

২ সব মনে আছে অন্ধকার,
জ্ঞান হীন সং ধর্ম্মের বিষয় ঘোর,
ধর্ম্মাত্মার আনুকূল হীন,
রই আমরা নিত্য দীপ্তি হীন-

৩ স্বর্গীয় আলো উদয় হউক,
সব অন্ধকার ঘুচিয়া যাউক,
পাউক ঈশ্বর দত্ত সভে জ্ঞান,
ও ধর্ম্ম শাস্ত্রের অর্থ দান.

J. G. L.

## ১৮৫

(P. M.)

(য়েশাইয়া ৫৬, ২. য়াকব ১, ২৭.)

১ মোর প্রভুর দিন পবিত্র হইয়া,
হউক মম আত্মার উৎসব দিন.
ও তাহা পুণ্য মান্যে লইয়া,
রই খ্রীষ্টীয়ান মত্ কর্ম্ম হীন.
দূর থাকুক তাবৎ সংসার বিষয়:
সব্ খ্রীষ্টের সভা সঙ্গেতে
মোর আত্মা উঠুক স্বর্গের আলয়;
হই হৃষ্ট বিশ্রাম পর্ব্বতে.

২ যে ধার্ম্মিক সভা তাবৎ ভবে
অন্বেষণ করে তোমার ঠাঁই,
ও সেবে তোমায় একি রবে,
ঐ সকল সঙ্গে মিলিত্ হই:
যেখানে দাঁড়ায় পুণ্য লোকে,
সেখানে মিলি নম্রতায়.
ও নূতন গীত গাণ পরলোকে
গাই দূতের সঙ্গে পূণ্যতায়.

৩ এই ঈশ্বর প্রতিষ্ঠিত স্থানেই,
পাই শ্রবণ অনুগ্রহের রব.
হে য়েশূ, শুনি তোমার বাণী,
মোর অন্তর চাহে তোমায় সব.

ও হেথায় তুমি আমার শিক্ষক,
আনন্দিত্ তোমার প্রেমেতে
এই স্থানে করি, ওহে তারক,
সমর্পণ মনকে তোমাতে.

৪ পাঠ করণ অদ্য ধর্ম্ম বাণী
মোর কর্ত্তব্য, মোর অধিকার ;
ঐ শিক্ষা যদি নাহি মানি,
সে কেমন ভ্রম ও অহঙ্কার !
না, আমি তোমার বাণীর মধ্য
অন্বেষণ করি সরল ভাব,
এক শিশু বালক তুল্য অদ্য :
তায় আমার হইবে পরম লাভ.

৫ মোর জিহ্বা হইতে দূরে থাকুক
এই দিনে প্রত্যেক বৃথা বাক্ :
মোর সকল সময় ঈশ্বর পাউক,
ওকিছু না পাউক জগৎ জাঁক.
হে য়েশূ, শীঘ্রগামি হইয়া,
দুঃখ তোমার স্মরণ করি আজ,
যেহেতুক বিশ্রামবারের ক্রিয়া :
সংসারের ত্যাগ ও ধর্ম্মের কায.

C. W. L.

## ১৮৬

(8. 7. 4.)

১ এসো প্রভুর পুণ্য স্থানে,
আমরা শুনি তাঁহার রব ;
ধর্ম্মগীতে, হর্ষিত মনে,
আমরা করি য়েশূর স্তব.
তিনি যোগ্য, তিনি যোগ্য,
পাপি লোকের ভজনার.

২ পুণ্য লোক ও দূতগণ যেমন
কীর্ত্তন করে স্বর্গ ধাম,
আমরা যেন ভজি তেমন
পৃথিবীতে তাঁহার নাম :
সত্যমনে, হৃষ্টমনে,
কারণ তিনি প্রিয়তম.

৩ ধার্ম্মিক দূত ও পুণ্য আত্মা
তাঁহার সিংহাসনের ঠাঁই
হৃষ্টমনে, রবে শুদ্ধ,
তাঁহার মরণের গাণ গায় :
আমি তুমি খ্রীষ্টাশ্রিত,
মিলন করি ভজনায়.

৪ সাক্ষাৎ হইয়া সকল স্থানে,
য়েশূ জানেন আপন লোক :

যে জন আছে নম্র মনে,
আপন পাপের করে শোক,
সে জন পাইবে ক্ষমা, শান্তি,
আহ্লাদ, এই ধর্ম্মাত্মার দান.

৫ কিন্তু যদি না হও ভক্ত,
না হয় প্রভুর নামের ভয়,
তুচ্ছ কর ত্রাণের রক্ত,
অন্তঃকরণ য়েশূর নয়,
হায় হায় পাপী! তিনি দেখেন,
দিবেন তোমার প্রতিফল.

৬ ওহে য়েশূ, তোমার আলয়
প্রীতি করে আমার মন,
কারণ আমি তোমার সেবায়
দেখি স্বর্গের নিদর্শন.
কিঞ্চিৎ পরে তোমার নিকট
পাইব স্বর্গালয়ে স্থান.

C. M. B. No. 147

---

## ১৮৭ (L. M)

১ ছয় দিনের কর্ম্ম হইল শেষ,
পাই বিশ্রাম দিবস সবিশেষ.

হে আমার মন বিশ্রান্ত হও,
ও প্রভুর দিনে আশীস লও.

২ আকাশের পথে যেমন ধূপ,
স্তব আমার উঠিবে সে রূপ.
তা শুনেন ঈশ্বর দয়াবান,
ও করেন আমায় শান্তিদান.

৩ ত্রাণার্থে কৃত তব কায,
আনন্দে দেখি ধর্ম্ম রাজ,
তার দয়া স্মরি স্তুতি গাই,
সাহসে ভাবি মঙ্গল চাই.

৪ মোর প্রভুর সেবাতে এ দিন
সব কাটাই, হইয়া সুখাধীন.
এ রূপে শাবাৎ করা ক্ষয়,
অতুল্য শান্তির কারণ হয়.

P. B. No. 3

---

## ১৮৮

(7.s.)

১ সপ্তম দিবস ধর্ম্ম দিন;
এরূপ পাল সর্ব্বজন.
ঐহিক ভাব ও কার্য্য হীন
থাক্যো, গাইও যেশূর গুণ.

২ অদ্যাকারে ধার্ম্মিক লোক

সবে মিলে স্তুতি গায়.
ইতে খণ্ডে সর্ব্ব শোক,
বড় সুখ ও শান্তি পায়.

৩ সপ্তম দিনে বিশ্রাম দান
সকল লোকের প্রতি হয়.
রাজা, প্রজার এক সমান,
কোন কেহ ভিন্ন নয়.

৪ প্রভু য়েশূ, তোমার স্তব
যেন সবে করে গান,
যত দেশে নরোদ্ভব,
যাবৎ থাকে তনু প্রাণ.

৫ প্রভু তোমার আশীর্ব্বাদ
মোদের উপর এখন দেও.
খণ্ডাও সকলের বিষাদ,
য়েশূ, হে প্রসন্ন হও.

P B no 31.

---

## ১৮৯

(.7 s)

১ ধর্ম্মালয়ে, প্রভু হে,
আমরা তোমার সাক্ষাতে
এক্ষণ করি ভজনা;
প্রদান কর ধর্ম্মাত্মা.

২ প্রত্যয় নয়ন তাহাতে
প্রেম সিংহাসন দেখিবে.
য়েশূর দ্বারা সংমিলিত
আছি তাঁর পিতার সহিত.

৩ আব্বা পিতা সম্বোধন
আমরা করি একারণ:
আত্মা মোদের অন্তরে
পুত্রের স্বভাব দিয়াছে.

৪ তোমার পুণ্য নামের স্তব
উচিত মত যে গাই সব,
খুল মোদের রসনা,
যেন করি প্রশংসা.

৫ যখন মোদের নিবেদন
হয় এক মনে উচ্চারণ,
তবে শুন দয়াতে,
মহা যাজক খ্রীষ্টেতে.

৬ যখন শুনি ঘোষণা,
ভয় দেয় যখন ব্যবস্থা,
তখন তোমার প্রেমের জ্ঞান
করুক শান্তি বিতরণ.

৭ য়েশূর নামে পুরোহিত
বাক্য করেন প্রকাশিত,

বুঝি যেন তাহাতে,
প্রভু আপনি কহিছে.

৮ সেবা যখন সাঙ্গ হয়,
প্রেম রূপ অগ্নি জ্বল্যে যায়.
অদ্য প্রভুর আলয়
অশেষ মঙ্গল পাইয়াছি.

J J W

---

## ১৯০

(I

১ ছয় দিবস হইল কার্য্যের ভার,
শ্রম চিন্তা মনে ছাপিল.
এ দিবস হইল বিশ্রামবার,
বিস্মৃত জগৎ রহিব.

২ না শ্রবণ করি কোলাহল,
স্বর্গীয় বাতাস আমরা খাই.
মন শরীর উভয় হয় শীতল,
সব সৃষ্টি নূতন রূপ দেখায়.

৩ ভাই, কেমন অনুগ্রহ দান,
যে শ্রবণ পাই সুসমাচার!
তা যেন ভাবি মধু পান,
ও মনের পীড়ার প্রতিকার.

৪ হে প্রভো, ধন্য তোমার নাম,
আজ স্বর্গের বিশ্রাম নিদর্শন.
ধর্ম্মাত্মা চাল ধামে ধাম,
ও দখাও আপন মুখ দর্শন.
ধর্ম্মাত্মা চাল ধামে ধাম,
ও দেখাও আপন মুখ দর্শন.

J J. W.

---

## ১৯১

(C. M.)

(গীত সংহিতা ১২২)

১ মোর কেমন হর্ষিত হইল মন!
বিশ্বাসিগণে কয়:
সিয়োনে গিয়া, প্রিয়গণ,
ধর্ম্মোৎসব করি, ভাই.

২ প্রেম করি সিয়োন দ্বার ও পথ.
মণ্ডলী ভূষিতা,
তার ভূষণ আছে প্রেম, প্রসাদ,
প্রভুর অট্টালিকা.

৩ এই পুণ্য গৃহের মঙ্গল হউক;
হোক তাহা শান্তির স্থান:
যে এসে দেখে প্রভুর মুখ,
সে পাউক স্বর্গীয় দান.

৪ ও যাবৎ থাকে আয়ু, প্রাণ,
ভাই, করি প্রার্থনা:
যে ইহা শান্তির বাস স্থান,
খ্রীষ্ট সিয়োন ছাড়েন না.

J. J. W.

---

## ১৯২

L. M.)

১ সমাপ্ত হইল বিশ্রাম বার;
স্বর্গীয় সম্বাদ শুনিলাম.
হে য়েশূ, ক্ষম পাপ আমার,
ও গ্রাহ্য কর স্তবের গান.

২ নিশ্চিন্ত ছিল আমার মন,
কুভ.বনাতে ভ্রমিলাম.
মোর আলস্য ও অচেতন,
হে য়েশূ, ক্ষম সকলে.

৩ আর যাহা পাইলাম শুনিতে,
তা অন্তরে ছাপাইয়া দেও.
যে ধার্ম্মিক মানুষ তাহাতে,
ও নম্র, বিজ্ঞ, শুদ্ধ, হই.

৪ মোর প্রিয় উপদেশককে,
হে প্রভো, আপন মঙ্গল দিউন.

ত্রাণ পথ যে তিনি সভাকে
দেখাইতে নিত্য চেষ্টিত হন.

৫ এই জীবন কালের শেষেতে
স্বর্গীয় বিশ্রাম যেন পাই.
ও য়েশূর প্রেমের সাগরে
নিতান্ত যেন মগ্ন হই.

৬ ঐ অশেষ স থর অধিকার
হৌক আমার , খ্রীষ্ট দয়াময়;
এই আশায় ত িয়া সংসার
মোর সুবাস দেখি স্বর্গালয়.

C M B. No 150

---

## ১৯৩

প্রভু আজি তোমার ঘরে,
দীনহীনে সভা করে্যা ডাকে তোমায় হে কাতরে.

১ তুমি করণ কারণ, নির্ব্বিকার নিরঞ্জন,
তুমি ঈশ্বর নন্দন, পূজনীয় স্বর্গপুরে.

২ পূজিতে তোমার চরণ, সভার নিতান্ত মনন,
আসি দেও হে দরশন, সভায় কৃপা করে্যা.

৩ তোমার প্রসন্নবদন, সভায় করাও হে দর্শন,
পফুল্ল হউক সভার মন, তোমার সৌন্দর্য্য হের্যে.

৪ মোরা অতি অভাজন, না জানি ভজন সাধন,
করি কৃপা বরিষণ, দেহ ধর্ম্ম জ্ঞান সভারে.

৫ তব রাজ্যের আগমন. শীঘ্র হউক হে রাজন,
তোমার আজ্ঞা পালন, যেন করে জগৎ নরে.

P. B. No 14

---

## ১৯৪ ভু না

প্রভুর দিনে .
তাঁহার সেবায় হউক আমার হৃষ্টমন.

১ য়েশূ যে দিবসে, অতিশয় প্রত্যূষে,
উঠিলেন পাইয়া পুনর্জীবন.
অদ্য সেই দিবস, কেন হয়্যা অলস,
শয্যায় শুয়ে করি কাল যাপন.

২ খ্রীষ্ট য়েশূর ধর্ম্মবার, হয় সকল দিনের সার,
সে দিনে করিলেন মৃত্যুর দমন.
হায় ২ পাপের বশে, কেন থাকি ক্লেশে,
শয়তান বেড়ি বহি কি কারণ.

৩ আজ তোমার ভক্তগণ যায় তোমার নিকেতন,
হর্ষে করিয়া থাকে আরাধন.
আমি গিয়া তথা, তব ধর্ম্ম কথা,
মহানন্দে করিব শ্রবণ.

৪ সাংসারিক কর্ম্মেতে, বিরত তাহাতে,
হইয়া স্বর্গ করি অন্বেষণ.
ইতে যেন আমি, হই শাব্বাথ প্রেমী,
সকল বারের শ্রেষ্ঠ করি জ্ঞান.

P. B. No 31

---

গ্র

## ১৯৫

প্রভুর ধন্যবাদ কর ভ্রাতৃগণ,
এক চিত্তেতে গাও, কেবল তাঁহার গুণ গান.

১ তাঁহার নামে যত জনে, উপস্থিত হয় একই স্থানে.
প্রভু আসি সেই ক্ষণে, হয়েন অধিষ্ঠান.

২ পূর্ব্বকালে শিষ্যগণে মিলিত হইল একই স্থানে,
পুলকিত হইল মনে, পাইয়া আত্মা দান.

৩ যে আশাতে এই স্থানে, আনিয়াছি সর্ব্বজনে,
প্রভু আশীর্দানে পূর্ণ কর সবার মন.

৪ ভক্তি ভাবে যে জন তাঁরে, নিরবধি সাধন করে,
প্রভুর কৃপা বরে, পায় পারমার্থিক জ্ঞান.

৫ এক্ষণ প্রিয় ভ্রাতা যত, তাঁহার প্রেমে হও রত,
তাঁতে হইলে আনন্দিত, পাইবা দিব্য স্থান.

P. B. No 18

## ১৯৬

P. B. no18.

ওহে প্রভু, শুন আমার এই নিবেদন
সদা নিজ অনুগত কর মোর মন.

১ রবিবার পবিত্র মান্য, করেছ সবার জন্য,
আমি যেন মান্য করি, দেহ জ্ঞান এমন.

২ তোমার এই ধর্ম্ম দিনে, হও প্রভু আমার সনে,
কর তুমি আমার উপর কৃপাবলোকন.

৩ ধর্ম্মাত্মা আমার মনে, স্থাপিত কর নিজ গুণে,
যেন জ্ঞান পাই তোমার করিতে ভজন.

৪ অদ্য অনুগ্রহ করে্য, এদিন দেখাল্যে মোরে,
আমারে প্রার্থনা শিক্ষা দেহ হে এখন.

৫ অজ্ঞান পামর আমি, অতিশয় দয়ালু তুমি,
দয়া করে্য প্রভু মোরে করহ গ্রহণ.

৬ ছয় দিন হইয়াছে গত, তাহে পাপ করে্যছি যত,
সে সকল পাপ আমার করহ মার্জ্জন.

P. B. no 33

---

## ১৯৭

যেশু, মণ্ডলীতে হও হে অধিষ্ঠান,
কৃপা কর গাই তব সুমঙ্গল গান.

১ আমি হে পাপীষ্ঠ মূঢ়, অপবিত্র আশারূঢ় হে,

আপন বাক্যের ফল করহ প্রদান.

২ নিজ দাস দাসীগণে দৃষ্টি কর সুনয়নে হে,
শিক্ষাও য়েশূ সর্ব্ব জনে মঙ্গল আখ্যান.

৩ এখানে যতেক জন, গানাদি করে শ্রবণ হে,
সবাকারে দেহ, য়েশূ, ঈশ্বরীয় জ্ঞান.

৫ নাহি জানি স্তুতি ভক্তি, কেমনে পাইব মুক্তি হে,
কাতর জনের উক্তি কর অবধান.

C. M. B. No 61

---

## ধর্ম্মালয় প্রতিষ্ঠা করণ।

### ১৯৮

(P. M)

১ ভাই প্রভুর করি গান, এক মনে মিষ্ট স্বরে,
যে অদ্ভুতকারী হন, প্রশংসা করি তাঁরে.
যে মোদের জন্ম কাল, এ শৈশব অবধি,
এই দিন পর্য্যন্ত হল, সব উত্তম দান উহঁই.

২ প্রশংসা উচিত হয়, স্তব করি এ আশয়ে,
যেহেতুক আমরা যাই, এ নূতন ধর্ম্মালয়ে.
ইহাতে প্রভুর মন, ও দয়া প্রকাশ পায়.
প্রেম রহিত থাকিলে, হয় মোদের উচিত নয়.

৩ দ্বার উপর শাখা দেও, ও পুষ্প স্তম্ভের শীরে;
ও বালকাদির রব গাউক স্তুতি মধুর সুরে.

ও বাদ্য বাদিনী, গীত করুক আহ্লাদিত;
এ প্রকার প্রকাশ হৌক, যে আমরা আনন্দিত.

৪ আমাদের ভ্রাতৃগণ, মণ্ডলীর আদিকালে,
প্রান্তরে পর্ব্বতে, অরণ্য বৃক্ষতলে
ও গুহ্বায় বসিয়া, ও স্থানে ভয়ঙ্কর,
হে প্রভো, শুনিলেন, সুমঙ্গল সমাচার.

৫ এক্ষণে আমরা পাই প্রসঙ্গ শ্রবণার্থে
সুস্থানে অবকাশ; এই গৃহে যাওনার্থে
নিষ্কণ্টক সমান পথ, ও বাজা ঘণ্টার রব:
এই সকল বারম্বার, মোদিগকে ডাকে সব.

৬ শত্রুদের ভয় রহিত, ও প্রভুর শুভ স্থানে,
এক্ষণে আমরা পাই তোমার ঐশ্বরিক বাণী.
এই তোমার আশীর্ব্বাদ, তোমার দানশীলতা,
হে অনুগ্রাহক দেও সতাকৃতজ্ঞতা.

J. W. L.

---

# ১৯৯

তোমার মহিমা প্রভু হে,
প্রকাশ কর নিত্য এখানে.

ধর্ম্মগ্রন্থের এই লিখন, সীয়োন তব প্রিয় স্থান নিরন্তর,
আপন দয়া প্রকাশ করো, সেথা নিস্তার কর দীনহীন জনে

১ তোমার নামে যত জনে, একত্র যেই স্থানে, এক মনে,

তোমার বচন যেখানে, প্রকাশ পায় সেখানে, তুমি আছ.
কল্যাণ কর্ম্মার জন্যে তোমার প্রিয় ভক্তগণে ধর্ম্মাত্মা দানে

২ হয়্যা তোমার আজ্ঞাবহ, বান্ধিয়াছি এই গৃহ, হে য়েশূ.
গ্রহণ কর এই স্থান, সদাই থাক বিদ্যমান, নিজ গুণে.
তোমার সেবা করিবার, মোদের কর উপকার, ভক্তি দানে

৩ যেমন রাত্রে প্রদীপ হয়, তেমনি হউক ভজনালয়, এদেশে.
এথা যেন অনেক জন, আসি শিখে ত্রাণ বচন, সত্য রূপে
তাতে তারা শান্তি পাবে, এখন এবং পরে পরিত্রাণ, তব স্থানে

P. B. No 285

---

## পুরোহিত পদে নিযুক্ত করণ।

### ২০০

(8. 7. 7. 7.)

১ প্রভুর সাক্ষী প্রেরিত উঠাও,
দাঁড়াও সীয়োন প্রাচীরে:
দিবা রাত্রি ক্ষান্ত না হও,
বাক্যের তূরী বাজনে.
তাহার শব্দ সমুদয়
জগৎ যেন ব্যাপ্ত হয়.

২ খ্রীষ্ট আছেন মহা রাখাল,
মেষের রক্ষা করিবার,
পাছে বিপদ ঘটে অকাল,

তিনি দিলেন সেবার ভার:
খ্রীষ্টের স্থানে প্রেরিতগণ
সভায় প্রতিনিধি হন.

৩ শস্য এখন হয় বাহুল্য,
ছেদন কারী অল্প প্রায়.
সুসেবক, যে তোমার তুল্য,
শস্যে রাখহ ত্বরায়.
শুন প্রভু নিবেদন,
প্রেরিত কর নিরূপণ.

৪ ধর্ম্ম বাক্য সাধ্য সহিত
প্রকাশ করুক সেবকগণ,
সকল দেশে যেন ব্যাপীত
হইয়া, হাজার ফিরায় মন.
মুক্ত কর রাজ্যের দ্বার,
পূর্ণকর তোমার ঘর.

৫ মিথ্যা উপদেশ যে করে
বেতন গ্রাহী ভক্তি হীন,
ক্ষেত্র হইতে কর দূরে,
শাসন কর দিনে দিন:
সভা যেন সর্ব্বদাই
থাকে দিব্য বাগান ন্যায়.

## ২০১

(7. s.)

১ খ্রীষ্টের আজ্ঞাকারী দূত,
ওহে তাঁহার আহ্বানে
চেতন হইয়া, তাঁহার পথ
ধর‍্যা চল সুমনে.

২ তুমি প্রভুর সেবক হও:
তিনি দিবেন উপকার.
তাঁহার কৃপায় নির্ভর দেও,
নিত্য সাধ কর্ম্ম তাঁর.

৩ অগ্রে পর্ব্বত হবে মাঠ,
বৃথা হবে বাধা সব :
থাকিলেও শত্রু শঠ,
হবে তারা পরাভব.

৪ তবে গিয়া নানা দেশ,
প্রচার কর প্রভুর গুণ.
আদাম বংশের পাপ অশেষ,
তাদের কহ ত্রাণ বচণ.

৫ এখন য়েশূর অশীর্ব্বাদ
দাসে যেন প্রাপ্ত হয়,
পূরাও আমাদের এ সাধ,
ওহে প্রভো দয়াময়.

P. B. No 286

# XVIII. পরিত্রাণের অনুক্রম ।

## ১ অনুতাপ ও মনঃ পরিবর্ত্তন ।

---

### ২০২

(১৭৫)

১ আইস, আইস, সর্ব্বপাপী,
যেশূ খ্রীষ্টকে কর সার.
তিনি চাহেন ওরে তাপী,
তোদের ভক্তি জন্মাইবার.
যেশূ বিনা, ৩
পাপের রক্ষা নাহি আর.

২ যেশূ দিলেন আপন রক্ত,
পাইলেন কত শত দুঃখ,
তাতে মানুষ হইয়া মুক্ত,
স্বর্গে পাইবে নিত্য সুখ.
যেশূ খ্রীষ্ট, ৩
পাপি লোককে তরাইবেন.

৩ বিশ্বাস যদি নাহি কর,
খ্রীষ্টকে নাহি ভাব সার,
তবে যন্ত্রণাতে মর,

নাহি পুনঃ উদ্ধার আর.
যেশূ বিনা, ৩
কেহ নাহি তরাইবার.

C. M. B. no 1

---

## ২০৩

(৭ 7. 4)

১ প্রভু, আমি মহা পাপী,
পাপের শ্রোতে ভাস্যে যাই.
অশেষ তাপে মহা তাপী,
তোমা বিনা রক্ষা নাই.
ওহে যেশূ, ৩
পারে আমাকে লগাও.

২ আমার নৌকা ডুবে যাছে,
আবর্ত্তে তরঙ্গময়,
দেখি মনে এই ভয় আছে :
তরণ আমার কিসে হয় :
প্রভু যেশূ, ২ তোমা বিনা
তরণকারী কেহ নাই.

৩ যখন মহা তুফান ঘটে,
আশ্রয় তখন তোমার নাম.
যখন দারুণ ঢেউ উঠে,
তখন তুমি রক্ষা ধাম.

তুমি ত্রাতা, '৩
কর আমার পরিত্রাণ.

৪ ত্রাণের ঘাটে মোরে শেষে,
লাগাও ওহে কর্ণধার,
যেখানেতে তোমার ঠেষে
ঢেউ ঝড় না লাগে আর.
প্রভু য়েশূ, ৩
শীঘ্র হউক এ ভাগ্য মোর.

C. M. B No. 4

---

## ২০৪

(L. M.)

১ হে ধর্ম্ম স্থাপক, তোমার ঠাঁই
পাপিষ্ঠ লোক কি প্রকার যায়?
যার ধর্ম্ম কর্ম্ম লেশও নাই,
বিচারে কিরূপ রক্ষা পায়?

২ সমুদ্রের তীরে বালির ন্যায়,
সব নরের পাপ অগণ্য হয়.
তার শক্তি অপব্যয়ে যায়,
তার মন ও আয়ুঃ পাপ ময়.

৩ ভয়ানক তোমার ক্রোধানল
সব পাপির উপর পড়িবে.
ও তাকে করিয়া বিকল,

নিরন্তর তাকে দহিবে.

৪ কে করে আশ্রয় পাপিদের?
কে লইবে তাদের পাপের ভার?
কি প্রকার রক্ষা তাহাদের?
কে করে বিচার দিনে পার?

৫ হে য়েশূ, তোমার মরণ বই
আর কিসে নাহি পাপ মোচন.
এই কারণ তোমার শরণ লই,
ও ছাড়ি ঐহিক আশ্রয়গণ.

C. M B No 15

---

## ২০৫

(8. 7)

১ ওহে প্রভো, তোমার প্রতি
আজি করি নিবেদন;
দেখ আমি অতি দুঃখী,
শান্ত কর আমার মন.

২ এখন বুঝি, এখন দেখি,
করিলাম দুষ্টাচরণ.
তাতে আমি মনে রাখি
পাপের শাস্তি হয় মরণ.

৩ আমি দুষ্ট, আমি পাপী,
দুঃখিত আছি ক্লিষ্ট মন.

আমি হইলে অনুতাপী,
তোমার আছে ক্ষমার দান.

৪ আমার মনে নিবাস পাইল
হিংসা, বিবাদ, ঘৃণা, ক্রোধ,
পাপের হেতু শাস্তি হইল :
পাপ সে ব্যবস্থার বিরোধ.

৫ ওহে মনের শান্তি দাতা,
দেখ করি অনুতাপ.
তুমি পাপের ক্ষমাকর্ত্তা,
ক্ষমা কর আমার পাপ.

৬ প্রভু য়েশূ তিনি আছেন
রক্ষা দাতা পাপিদের.
আপন রক্তে কিনিয়াছেন
ত্রাণ ও মুক্তি সকলের.

S. B

## ২০৬

(8. 7.4.)

১ আমি ক্লান্ত, পরিশ্রান্ত,
চেষ্টা করি তোমার প্রেম.
মেষের তুল্য পরিভ্রান্ত,
জগৎ মধ্যে করি ভ্রম.

তুমি পালক, আপন মেষের
তত্ত্ব কর করি শ্রম.

২ শয়তান ছিল আমার পালক,
তাহার মাঠে পাইলাম দুঃখ.
দিবা রাত্রি হিংসা কারক,
নষ্ট কৈল আমার সুখ.
রক্ষা কর্ত্তা ওহে য়েশূ,
দেখাও আপন দয়ার মুখ.

৩ অন্ধকারে বসিয়াছি,
আমার মনে দীপ্তি নাই.
দুষ্ট কর্ম্ম করিয়াছি ;
দৌড়ন করি তোমার ঠাঁই.
সত্য দীপ্তি, ওহে য়েশূ,
আমি তোমার কাছে চাই.

৪ তুমি জীবন রূপ যে আত্মা,
প্রেমী এবং দয়াময়,
পাপি লোকের নিস্তার কর্ত্তা,
মনুষ্যদের সত্যাশ্রয়.
তোমার জীবন আমার মনে,
প্রভু, যেন উদয় হয়.

S. B.

## ২০৭

(8. 7. 4)

১ দয়া কর আমার উপর,
ওহে য়েশূ দয়াবান.
তুমি কর নরের নিস্তার,
তুমি সর্ব্ব শক্তিমান.
শুন য়েশূ, শুন য়েশূ,
শুন আমার নিবেদন.

২ পাপের গরলে মন দুষ্ট,
ধর্ম্মেতে জ্ঞান কারো নাই.
সকল পামর ধর্ম্ম ভ্রষ্ট,
স্বর্গ যোগ্য কেহ নাই.
পাপের দোষে, সকল নষ্ট,
স্বর্গ যোগ্য কেহ নাই.

৩ শুনিয়াছি মঙ্গলাখ্যান,
শুনিয়াছি তোমার নাম.
সহ্য করি দুঃখ ও অমান,
ভ্রমিয়াছ নগর গ্রাম.
বিশ্বের রক্ষা করণার্থে
করিয়াছ জীবন দান.

৪ স্মরণ লইয়া তোমার নামে,
তোমার কৃপায় পাইব ত্রাণ.
সভা হইয়া স্বর্গ ধামে,

করি তোমার স্তুতি গান :
জয় জয় প্রভু, ধন্য ধন্য,
য়েশূ করেন পরিত্রাণ.

C. M. B. No. 20

---

## ২০৮

(C. M.)

১ হায়, আমি পাপের ক্রীত দাস,
ও অধম দুরাচার.
পাপ ভয়ে সদা করি ত্রাস,
যায় কিসে পাপের ভার ?

২ পাপ জন্ম হইতে করে গ্রাস,
মোর কোন উপায় নাই.
এক্ষণে ভয়, মরণে ত্রাস,
ও শেষে নরকে যায়.

৩ এক ত্রাতা, আমি শুনিলাম,
এ মর্ত্ত্যে আসিলেন.
ও তিনি ধরেন য়েশূ নাম,
ত্রাণ পাপি লোককে দেন.

৪ মোর সমান মহা পাপী নাই,
কায়মন্ বাক্ পাপাশ্রয়.
ত্রাণ পাইতে আইলাম তোমার ঠাঁই,
এ জনে হও সদয়.

৫ বস করি ত্যাগ, হে দয়াময়,
ও তোমার শরণ লই.
মোর মনে কর ধর্ম্মোদয়,
ও জন্মাও তোমার ভয়.

C. M. B. no 21

---

## ২০৯

(7 s)

১ আমি মহা পাপি জন,
মহা অধম দুরাচার.
শুন, যেশু, নিবেদন,
দয়া করে্য কর পার.

২ তোমা বিনা ভবে আর
কাতেও মোর আশা নাই.
কর আমার উপকার:
দয়া কেবল তোমার ঠাঁই.

৩ তোমার আশ্রয় লইতে চাই,
প্রভু যেশু মোকে লও,
দয়ার যোগ্য আমি নই,
প্রভু আমায় দয়াল্ হও.

৪ মোচন কর আমার পাপ,
ভাল কর আমার মন.

আমি করি অনুতাপ,
নাই মোর তুল্য পাপি জন.

৫ আমার নাহি ধর্ম্মের জ্ঞান,
উজ্জ্বল কর আমার মন;
রক্ষা কর আমার প্রাণ,
আমি ডাকি ঘনেঘন.

৬ য়েশূ করেন আমার ত্রাণ,
তিনি খণ্ডেন আমার ভয়,
তাতে করি য়েশূর গান,
হইব নিত্য হৃষ্টময়.

৭ যাবজ্জীবন য়েশূর নাম
আমি করিব প্রকাশ,
শেষে পাব স্বর্গধাম,
অমর হইয়া য়েশূর পাশ.

C M. B. no 28

---

## ২১০

(8. 7. 4.)

১ প্রভু য়েশূ, কর দয়া,
তুমি মোদের সত্যাশ্রয়.
পাপিরে দেও পদছায়া,
ভক্ত যেন নির্ভয় হয়.
দয়াল য়েশূ, ২

তোমার কৃপা অতিশয়.

২ আমরা বড় অপরাধী,
আমাদের অনন্ত পাপ.
লঙ্ঘিয়াছি ধর্ম্ম বিধি,
সদা করি অনুতাপ.
দয়াল য়েশূ, ২
খণ্ডাও মোদের অভিশাঁপ.

৩ জগৎ সংসার চলন দেখি,
মনে পড়ে বড় ত্রাস.
পাপের ভয়ে সদা দুঃখী:
তরাও য়েশূ, দেও আশ্বাস.
দয়াল য়েশূ, ২
পুরাও মনের অভিলাষ.

৪ তুমি ঈশ্বর কৃপাবন্ত,
তোমার অনুগ্রহ চাই;
তুমি আদি, মধ্য, অন্ত,
তোমা বই ত্রাণকর্ত্তা, নাই.
দয়াল য়েশূ, ২
তোমার দয়ার কীর্ত্তন গাই.

C. M. B. ro 56

## ২১১

(L. M)

১ হায়, হায়, কি আমি করিলাম!
না ধর্ম্ম পথে চলিলাম.
মোর শেষে হয় কি দুর্গতি!
কি দহে সদা পাপাগ্নি?

২ হে, এখন শীঘ্র ফির মন,
আর কর না পাপ প্রিয় জ্ঞান.
ত্রাণকর্ত্তায় কর মনঃ স্থিতি,
হয় তবে পাপের নিষ্কৃতি.

৩ কি করি, কোথায় পলাইব?
ত্রাণকর্ত্তায় কোথায় খুজিব?
মোর য়েশূ আমার পরিত্রাণ,
পাপ সেবায় আর নাই নাশি প্রাণ.

৪ মোর য়েশূ ধন ও যজ্ঞ ধ্যান,
মোর য়েশূ মতি, শক্তি, জ্ঞান,
মোর য়েশূ ব্রহ্ম পরাৎপর,
মোর য়েশূ জীবনের ঈশ্বর.

৫ হে য়েশূ খ্রীষ্ট, হও দয়াবান,
দেও তোমার পদছায়ার স্থান.
মোর ধর্ম্মের তুমি সারাৎ সার
তদ্ভিন্ন নাহি উদ্ধার আর.

C. M. B. no 60

## ২১২

(L. M.)

১ হে ঈশ্বর, হইল পাপ নিশা ;
মোর এখন হইরে কি দশা ?
খ্রীষ্ট্ সূর্য্য হৃদয়ে উঠান,
স্বআলো দিয়া রাখ প্রাণ

২ মোন মন ও শীরর ক্ষীণ অপার,
সব বিষয় দেখি অন্ধকার:
হয় ইন্দ্রিয় অবশ চঞ্চল,
মোর চেষ্টা সকলি বিফল.

৩ চৌর হইয়া শয়তান আসিয়া
নাশ করণ বাঞ্ছা করিয়া,
ভ্রম জালে বদ্ধ করে মন,
ও চুরি করে জ্ঞান রূপ ধন.

৪ মোর মনকে সঙ্গি করিয়া,
কুকর্ম্মে ঘুরায় মারিয়া.
ও ভয়ে কাঁপি নিঃসহায়,
ঘোর বিপদে মোর নাই. উপায়

৫ হে য়েশূ সূর্য্য, হও প্রকাশ,
আর চোর না আইসুক, পাইয়া ত্রাস.
হে ঈশ্বর আমার বিনয় এ :
যে দীপ্তি জ্বালাও মনেতে.

C. M. B. No. 62

২১৩ (S. M.)

১ হে য়েশূ কৃপাবান,
মোর ক্ষম অপরাধ.
দয়াতে কর আমার ত্রাণ :
গাই তব ধন্যবাদ.

২ পাপ মোচন কর দান,
মোর উপর দয়া হউক.
হে য়েশূ, রক্ষ আমার প্রাণ,
খণ্ডাইয়া মনের শোক.

৩ খেদ আমার মনেতে,
ও নিত্য পাপের ভয়.
মোর আশা তোমার ত্রাণেতে
মোর কর ত্রাণোপায়.

৪ দেও পারমার্থিক সুখ,
আর ভক্তি, প্রেম, বিনয়,
তা হইলে খণ্ডা যাবে দুঃখ,
দূর হবে মনের ভয়.

৫ হে য়েশূ, সদয় হও,
দেও স্বর্গ সুখের স্থান.
মোর হিয়া শীতল করহ,
ও দেহ আমায় জ্ঞান.

## ২১৪

(C. M.)

১ হে য়েশূ, আমি পড়িলাম
ঘোর পাপের বিষম দায় ;
ও অশেষ দুঃখ ভোগিলাম :
প্রাণ দেখি এখন যায়.

২ তায় সয়তান পাতি মায়াজাল,
সাংসারিক লোভ দেয় ,
দুঃখ আমাকে দেয় চিরকাল,
না দেখি ত্রাণ উপায়.

৩ দুঃখ সময় ডাকি তোমাকে,
খ্রীষ্ট য়েশূ বলিয়া :
হে দয়া কর আমাকে,
পাপ ক্ষমা করিয়া.

৪ হে য়েশূ বাঁচাও আমাকে,
তায় আমি বাঁচিব :
না হইলে, উদ্ধার করে কে ?
নিতান্ত মরিব.

৫ হে য়েশূ, তোমার স্মরণ লই ;
তরাও তোমার দাস,
অনন্ত জীবন যেন পাই,
না রহিব নিরাশ.

C. M. B. No. 74

## ২১৫

(L. M.)

১ হে য়েশূ, নবীন জলধর,
পাপিষ্ঠ আমি হই কাতর ;
হে, তোমায় ডাকি বারম্বার :
ত্রাণ জল দেও, রাখ প্রাণ আমার,

পাপাগ্নি দহিছে সংসার,
ও মিথ্যা ঝড় বয় অনিবার.
কাম ক্রোধের উল্কা উঠিয়া,
মোর তাবৎ জ্ঞান দেয় পোড়াইয়া.

৩ হই তৃষ্ণায় অতিশয় চঞ্চল,
জুড়াইবার নাহি কোন স্থল.
অব্যর্থ ওহে পশ্চিম মেঘ,
নিরস্ত কর মন উদ্বেগ.

৪ ভর করি বিশ্বাস বাতাসে,
হও সত্বর মন রূপ আকাশে.
খ্রীষ্ট, শান্তি করহ বর্ষণ,
পাপাগ্নি কর নির্ব্বাপন.

৫ হউক দয়ার নদী, প্রেমের বান,
তার মধ্যে সভে করুক স্নান.
হও রক্ষক, য়েশূ, আমাদের,
হে তুমি তারক পাপিদের.

C. M. B. No 97.

## ২১৬

নূতন জন্ম নিগূঢ় তত্ত্ব বটে অশংসয়,
কিন্তু অল্প লোকের তাহা এ সংসারে হয়.

১ নিকদেম রাত্রি কালে, য়েশূর কাছে আসি বলে,
সত্য ধর্ম্ম উপেদশক তুমি মহাশয়.
কারণ তব মহাশ্চর্য্য, দেখিতেছি যত কার্য্য,
ঈশ্বর সহায় বিনা কভূ সম্ভব নাহি হয়.

২ প্রভু দেখি তাহার ভক্তি, করি তাহে অনুরক্তি,
নিগূঢ় বিষয় শিক্ষা দিলেন স্বয়ং দয়াময়.
নূতন জন্ম না হয় যার, স্বর্গ রাজ্যে অধিকার,
কোন রূপে না হয় তার, জানহ নিশ্চয়.

৩ তিনি বটেন সুপ্রবীণ, কিন্তু দিব্য জ্ঞানহীন,
এই কারণ প্রভুর কথায় হইয়া বিস্ময়.
না বুঝিয়া তাৎপর্য্য, কহিলেন একি আশ্চর্য্য,
মানুষ বৃদ্ধ হৈয়া পুনঃ কেমনে জন্মায়?

৪ তখন প্রভু কৃপাময়, কহেন নিগূঢ় অভিপ্রায়.
আত্মা ঘটিত কথা ইহা দেহের বিষয় নয়.
ধর্ম্ম আত্মার শক্তি গুণে, শুদ্ধ স্বভাব হইলে মনে,
সেই মহাশ্চর্য্য কর্ম্ম পুনর্জন্ম কয়.

৫ ওহে প্রভো সৃষ্টিকর্ত্তা, নরের সর্ব্ব মঙ্গল দাতা,
য়েশূর শিক্ষা অনুসারে হও হে সদয়.

আমার যত মন্দ মতি, ঘুচাও তাঁহা শীঘ্রগতি,
যেন তব ধর্ম্ম রাজ্যে আমার স্থিতি হয়.

P. B· no 101

---

## ২১৭

ত্রাহি ত্রাহি ত্রাহি, প্রভু পড়েছি বিষম দায়,
এ সঙ্কটে তোমা বিনা না দেখি আর উপায়.

১ সংসার তরঙ্গ লহরি, তাহে মম জীর্ণ তরি,
পাপ ভারে হইয়া ভারি, প্রভু গো ডুবিয়া যায়.

২ কাম ক্রোধ লোভ মোহ, মদ মাৎসর্য্য সহ,
করি মোরে আজ্ঞাবহ, ভবার্ণবে মজাইতে চায়.

৩ একে বায়ু নহে সপক্ষ, তাহে সকল রিপু বিপক্ষ
নরক করিয়া লক্ষ্য, তথায় লইয়া যায়.

৪ শুনেছি শাস্ত্রেতে আমি, বিপত্তি ভঞ্জন হে তুমি,
দুর্গমে সর্ব্বদা ভ্রমি, কৃপাঙ্কুরু করুণাময়.

৫ প্রভু ভরসা তোমার চরণ, তুমিই যে অধীনের কা:
সহিলা লজ্জার মরণ, যেন পাপী রক্ষা পায়.

P. B. no 170

---

## ২১৮

আমার পাপের কে করিবে মার্জ্জনা ?
দয়াল য়েশূ বিনা নরক দায়ে তরায় কোন জনা ?

১ আমি করেছি অশেষ পাপ বাড়ো হে যন্ত্রণা,
বুঝি মনের ফেরে যাইতে হইল বিষম নরক খানা.
হায় শুনরে পাপিষ্ঠ মন তোরে করি রে সাধনা,
এখন সকল ছাড়্যে য়েশূ খ্রীষ্ট কর রে ভজনা.

২ ও মন য়েশূতে বিশ্বাস কর পাইবে সান্ত্বনা,
নহিলে নিজ কর্ম্মের ফল ভোগিবে অনন্ত যন্ত্রণা.
যত সব দেবা দেবী তারা পাপেতে মগনা,
ও মন তোমার পাপের জামীন এগত নাহিক কোনজনা.

৩ হে মন মরণ তারণ বল্যে তোমার নাহিক কিছু ভাবনা,
দেখ তোমার কারণ দারুণ মরণ করিছে আনাগণা.
অধীন কাঙ্গাল দীনহীন বলে তুমি আর ভুল্যে রইও না,
এই যে য়েশূর গুণ ত্রাণ ধন খেদ বিনা পাইবে না

C. M. B. no 76

---

## ২ বিশ্বাস, ও যাথার্থীকৃত হওন।

### ২১৯

(L M)

১ পাপ দ্বারা ধ্বংস হয় যে জন,
নর দ্বারা তাহার হয় কি ত্রাণ?
ও পাপের ফল তাপ বড় যার,
সে কোথায় পাইবে প্রতিকার?

২ যার সকল চিত্ত পাপময়,
তার মনে ধর্ম্মোদয় কি হয়?
পাপ বিষে মৃত্যু প্রায় যেন জন,
সে কিসে পাইবে পাপ মোচন?

৩ হে য়েশূ তারক, তোমা বই,
পাপ মোচন কারক কেহ নয়.
পাপিষ্ঠ জন ও নরাধম
ত্রাণ করুক তোমার পরাক্রম.

৪ হে তুমি অভিষিক্ত নাথ
যে কৈলা পাত্ আপন রক্ত.
যার তোমার নামে বিশ্বাস হয়,
অনন্ত জীবন সে জন পায়.

৫ আর অবিশ্বাসী যদি কয়:
যে য়েশূতে ত্রাণ কিসে হয়?
তথাপি করিব বিশ্বাস,
আনন্দে থাকি তোমার দাস.

C. M. B. No. 9

---

## ২২০

(8. 7. double)

১ প্রভু য়েশূ, তোমার মরণ
পাপি লোকদের আশ্রয়:
যে জন লইবে তোমার শরণ,

তাকে তারিবা নিশ্চয়.
　মহা অপরাধী হইয়া
তোমার লইয়াছি আশ্রয়,
　প্রভু য়েশূ কর দয়া,
তুমি সর্ব্বদয়াময়.

২　প্রেমের সিন্ধু তুমি আছ;
করি তোমার গুণ গান:
　পাপির কারণ করিয়াছ
মহাশ্চর্য্য পরিত্রাণ.
　আমাদ্দিগকে কৃপা কর,
ও হে য়েশূ গুণবান.
　দয়াল প্রভু রক্ষা কর,
তোমা বিনা নাহি ত্রাণ.

৩　পাপির নিস্তার করিবারে,
কেমন প্রেম প্রকাশিলা
　মানুষ বেশে অবতারে
পাপের শাস্তি ভোগিলা.
　তুমি দিলা আপন রক্ত
পাঁপি লোকের ত্রাণের মূল.
　দয়াল প্রভু, কর মুক্ত,
দেখাও আপন প্রেম অতুল.

C. M. B. no 6

## ২২১

(C. M.)

১ হায়, আমি অতি অজ্ঞান নর
ঘর ভ্রমে করিলাম,
না জানি বালুকার উপর ;
হায়, এখন মজিলাম.

২ জল মুষল ধারে পড়াতে
পাপ বন্যা উপস্থিত.
ঘর হেলে প্রবল ঝড়েতে,
জল চোটে ভাঙ্গে ভিত.

৩ হে য়েশূ রক্ষা কর মোর,
এ পাপের দুর্দ্দশায়,
যেহেতু তুমি আশ্রয় ঘর,
ও পাপির সৎ উপায়.

৪ হে তুমি যাহার ত্রাণ আশ্রয়,
সে নির্ভয় থাকিবে ;
অনন্ত জীবন তাহার হয়,
সুখ অক্ষয় ভোগিবে.

C. M. B. no 70

---

## ২২২

(/. s.)

১ কত শত পশুর প্রাণ
হইল হোম ও বলিদান,

তবু নাহি পাপের ক্ষয়,
কিম্বা মনের শান্ত্যুদয়.

২ পশুর রুধির হইতে সার
খ্রীষ্টের বলি শ্রেষ্ঠতর.
তিনি ঈশ্বর দত্ত মেষ,
কৈলেন সর্ব্ব পাপের শেষ.

৩ আমি মহাপাপি নর,
তাঁহার শিরে দিয়া কর,
তাঁহায় থুয়ে মম পাপ,
করিতেছি অনুতাপ.

৪ পাপির জন্যে যত ক্লেশ
ভোগিলেন অপরিশেষ,
তাহা দেখ্যে আমার মন
আশা করে অনুক্ষণ

৫ ইতে মুক্ত হইল পাপ,
দূরে গেল অভিশাঁপ.
খ্রীষ্টের প্রেমে আনন্দিত্
হইয়া, গাই তাঁহার গীত.

P. B. no 153

## ২২৩

(8. 7. 4.)

১ আমি ছিলাম অন্য দেশী
দেবতা পূজক সহজাত্
এখন প্রভুর গৃহ বাসী,
শিক্ষি সত্য স্বর্গ পথ.
ধন্য প্রভু, ধন্য প্রভু,
তুমি যে অনাথের নাথ.

২ য়েহুদীয় পূর্ব্ব রাজা,
এবং ভাবি বক্তাগণ,
কিম্বা কোন দেশের প্রজা
নাহি পাইল খ্রীষ্ট ধন.
তারা কেহ মম সম
নাহি পাইল কৃপাদান.

৩ এতদ্দেশীয় কত জনে
তত্ত্ব করে ত্রাণ উপায়?
সত্য ঈশ্বর নাই জানে,
কষ্টে ভ্রমে রাজ্যময়.
ওহে য়েশূ, তব কৃপায়
হইল মম ত্রাণোদয়.

৪ যদি মঙ্গল সমাচারে
পরে হেলা করে মন,
তবে আমি শেষ বিচারে

কোথা লইব কার শরণ?
তোমার কাছে দোষী হইয়া
ত্যাজ্য হইব হে তখন.

P. B. no 257

---

## ২২৪

(7. s)

১ মানিবারে য়েশূর নাম
কেন আমি লজ্জা পাই?
নরে দিতে স্থবিশ্রাম
তিনি বিনা অন্য নাই.

২ তাঁহার বাক্য সত্যময়
পাপির অতি শান্তিকর.
তাঁহার মরণ সত্যাশ্রয়,
ইথে তিনি মনোহর.

৩ য়েশূ বটেন ঈশ্বর মোর,
তিনি মাত্র সারাৎসার.
কভু নাহি করেন দুর,
দিলে তাঁকে আত্মার ভার.

৪ যাহা তাঁতে গচ্ছিত্ হয়,
তাহার ক্ষতি হয় না আর.
কারণ স্বর্গ মূলের ন্যায়
অটল তাঁহার অঙ্গীকার.

৫ শেষে পিতার সম্মুখে
গ্রাহ্য কর্য্যা আমার নাম,
আশ্রয় দিবেন আত্মাকে,
যথা তাঁহার নিজ ধাম.

P. B. no 283.

---

২২৫

(7s double)

১ প্রভু যেশূ দয়াবান,
মোকে তোমায় দেও আশ্রয়,
যাবৎ থাকে ঢেউবান,
যাবৎ ঝড়ের বড় ভয়,
ধর আমার নৌকার হাল
যাবৎ তুফান ত্রস্যমান,
দেখাও আমার ত্রাণের খাল,
প্রভু যেশূ কর ত্রাণ.

২ অন্য আশ্রয় আমার নয়,
কেবল তোমায় আমার ত্রাণ.
তোমার শক্তি রক্ষা হয়,
ছেড়ো না মোর অনাথ প্রাণ.
তোমায় আমি বিশ্বাস পাই,
তোমা হইতে উপকার.
মোকে পদছায়া দেই,
দয়াল যেশূ কর পার.

৩ তুমি সর্ব্ব প্রয়োজন,
তোমায় সর্ব্ব প্রাপ্তি হয়.
আমার অধম পতিত মন,
রক্ষা কর, দয়াময়.
সত্য ধর্ম্ম তোমার নাম :
আমি পাপি সর্ব্বক্ষণ,
কেটা দোষী আমার সম?
প্রভু তোমার সর্ব্বগুণ.

৪ তুমি সুধা সিন্ধু নীর,
পাপ বিমোচন তোমায় হয় ;
মোকে কর পরিষ্কার ;
তোমার কৃপা স্রোতের ন্যায়.
তুমি জীবন দায়ী জল,
তাহা যেন করি পান.
আমার মধ্যে লইও স্থল,
য়েশু, দেও অমৃত দান.

O B. H. B. no 66

---

## ২২৬

তুমি ধন্য দয়াল য়েশূ, ওহে অধমের ত্রাণ,
ওহে পতিতের জীবন খ্রীষ্ট মোর প্রাণ.

১ বহু দুঃখ দেহে ধরি, পাতকিরে উদ্ধারি,

হে অধম জনার প্রতি হও দীপ্তিমান.

২ পাপ স্রোতেতে ভাসি আমি, প্রেমেতে উদ্ধার তুমি,
দয়া করি য়েশূ মোরে করহ শোধন.

৩ জন্মিলে মরণ আছে, নরকেতে যাই পাছে,
প্রার্থনা তোমার কাছে করহ গ্রহণ.

৪ প্রত্যাশাতে হে তোমার, চরণ করিলাম সার,
বিচারের দিনে য়েশূ দিও মোরে স্থান.

৫ খ্রীষ্ট বই আর কেহ নাই, পাছে তোমায় ভুলে যাই,
এই দয়া আমি চাই তব পদে মন.

৬ প্রেমময় নিধি তুমি, প্রকাশিত মর্ত্ত্য ভূমি,
বিশ্বাসিলে মৃত্যু পরে স্বর্গেতে গমন.

P. B. no 133

---

## ২২৭

হায় মোরে কে তারিবে ভব ঘোরে?
আমি বড় পড়েছি বিষম ফেরে.

১ করিয়াছি পাপ, বেড়েছে সন্তাপ,
এখন দোষ দিব কারে?
আমি য়েশূ বিনা আর, শরণ লইব কার?
কে আর তারিতে পারে?

২ আমার পাপেতে অন্তর, কাঁপে থর২

স্থির হইতে নারি ডরে.
আমি ভরসা রাখ্যেছি খ্রীষ্টের মরণে,
জীবন পাব স্বর্গপুরে.

C. M. B. No. 19

## ২২৮

আমি মহা পাপের পাপী মহা দুরাচার,
কৃপা কর ওহে য়েশূ অধীন তোমার.

১ পাপেতে তাপিত হইয়া, খ্রীষ্টাশ্রয়ে নিত্য রইয়া,
ভরসা মনে, পাব ভরসা মনে, খ্রীষ্টের মরণে নিস্তার.

২ পাপেতে অজ্ঞান ছিলাম, জ্ঞানেতে ত্রাসিত হইলাম,
খ্রীষ্টের মরণে, আমি খ্রীষ্টের মরণে, হব ভব সিন্ধু পার.

৩ খ্রীষ্টের প্রেমের প্রেমী হইয়া, সাধু সঙ্গে সদা রহিয়া,
য়েশূ মনেতে, আমার য়েশূ মনেতে, হইলে তৃপ্ত কলেবর.

৪ শুন হে ধার্ম্মিক ভাই, খ্রীষ্ট বিনা কেহ নাই,
ভুবন মাঝে, এ সব ভুবন মাঝে, প্রভু আপনি নর ঈশ্বর

C, M. B no 6

## ৩ ঈশ্বরের শান্তি

## ২২৯

(P. M.)

(১ তিমথি ১, ১৩)

১ আঃ হইলাম কৃপার পাত্র আমি,

যে কৃপার আমি যোগ্য নই;
আশ্চর্য্য বোধ তা করি আমি,
মোর দর্পিত মন তা চাহে নাই.
তা জানিয়া আনন্দিত হই,
ও গুণ গাণকরি ঐ কৃপাই.

২ হইয়াছি ক্রোধের যোগ্য মাত্র,
তথাপি ঈশ্বর কৃপাবান.
হই এখন পুনর্মিলিত পাত্র,
তাঁর পুত্রের রক্তে পুণ্যবান.
কি কারণ? শত্রু আছিলাম,
তাঁর অসীম কৃপায় বাঁচিলাম.

৩ হে ঈশ্বর স্বীকার করি আমি:
জিজ্ঞাসিত হইলে হর্ষে কই;
যে কৃপা কারক কেবল তুমি,
তদ্ভিন্ন মোর মন জানে নাই.
মন নম্র হইয়া হৃষ্ট রয়,
ও কীর্ত্তন করি ঐ কৃপায়.

৪ ঐ কৃপা মাত্র নিত্য ধরি,
আনন্দিত হইবে তাতে মন.
ঐ কৃপায় সদা বিশ্বাস করি,
ঐ কৃপায় করি নিবেদন.
দুঃখ কালে তাতে ধৈর্য্য হই.

তায় মৃত্যু যোগে আশা পাই.

৫ হে ঈশ্বর, তোমার কৃপা অশেষ:
না আমা হইতে কৃপা লও.
মোর অন্তে তোমার স্বর্গে প্রবেশ
ত্রাণ কর্ত্তার মৃত্যুর গুণে দেও.
তায় হইব নিত্য আনন্দিত,
ও সদা গাইব কৃপার গীত.

F. S.

---

## ২৩০

(P M)

(এব্রিয় ৬, ১৭—২০)

১ মোর লঙ্গর আটক রয় যে ঘাটে,
সে স্থানকে পাইলাম এখনে.
সে কোথায় বল? য়েশূর ঘাতে,
ও অটল রহে সেখানে,
এ আকাশ মণ্ডল যখন যায়,
সে লঙ্গর তখন অটল রয়.

২ সব বুদ্ধির অগম্য যে দয়া,
সে আছে আমার লঙ্গর স্থান.
যাঁর হস্ত প্রেমে বিস্তার হইয়া,
ও করেন পাপি লোক আহ্বান,
তাঁর হৃদয় দয়ায় পূর্ণ রয়:

তাঁর নিকট এবে যায় কি নয়.

৩ না নষ্ট হইয়া, কৃপা লইতে,
এ মোদের ঈশ্বর চাহিলেন.
এ হেতু য়েশূ স্বর্গ হইতে
এই পৃথিবীতে নামিলেন.
এ কারণ তিনি সর্ব্বদা
মোর মনের দ্বারে করেন ঘা.

৪ হে দয়ার সাগর আমার দণ্ড
খ্রীষ্ট রক্তের দ্বারা ডুবে্য যায়,
মোর সকল ক্ষত হইল বন্ধ,
আর দণ্ড আমার উপর নাই.
যে হেতু খ্রীষ্টের রক্তের রব
সে আছে : কৃপা পাউক সব.

F. S.

---

## ২৩১

(7. s.)

১ প্রভু য়েশূ খ্রীষ্টের নাম
অতি বহু মূল্য ধন.
তাহা চিন্ত অবিরাম,
পরম হৃষ্ট হইয়া মন.

২ সর্ব্বগুণ অগণ্য তাঁর,
কহিতে না পারা যায়.

প্রভু য়েশূর প্রেম অপার,
প্রাণ দেন আমাদের পাপদায়.

৩ স্বর্গ মধ্যে সর্ব্বধাম
নিত্য করে য়েশূর স্তব.
ধন্য ২ য়েশূর নাম :
আমরা গাইব পরম রব.

৪ যখন দেখি য়েশূর মুখ,
তখন হইবে উত্তম গান ;
বিস্মৃত হইব সর্ব্ব দুঃখ,
যখন পূর্ণ হইবে ত্রাণ.

৫ অতি চঞ্চল আমার মন,
প্রভু করহ সুস্থির.
তবে গাইব তব গুণ ;
তুমি সুধা সিন্ধু নীর.

C. M. B No 122

---

## ২৩২

গাইব য়েশূর অনন্ত গুণ,
আমি মনেতে ভরসা পাইয়াছি এখন.

১ যাঁর দয়ার গুণে, বধির কানে শুনে,
কত মৃত জনে পাইয়াছে জীবন.

২ জাগিতে ঘুমাইতে, রাখিও মনেতে,
ভুলিয়া রয়্যাছ কেন রে এখন.

৩ তনু মন দিয়া, জ্ঞান যোগাইয়া,
তাঁহার প্রেমেতে হইও নিপুণ.

C. M. B. no 20

---

## ২৩৩

চল যাই য়েশূর সাদর,
যেখানে বিভেদ নাই আপন আর পর.

১ যিনি সতত নিকটে, ভব বন্ধন চল কাটে৷
তাঁহার নিকটে অনায়াসে বিনাশ হবে মানস তিমির.

২ সুখে কাটাইব কাল, এড়াবে সর্ব্ব জঞ্জাল,
কালে দিয়া ফাঁকি অনন্ত দুঃখের অন্ত হবে সার ইহার.

৩ জগতের লোক সবে, নীরবে চাহিয়া রবে,
হইয়া বিস্ময় আমরা করিব গান তারা হাহাকার.

৪ ভব করি অবলম্বে, যাবে মন অবিলম্বে,
প্রেমের নগর খ্রীষ্ট য়েশূর প্রেম ডুরি করি ধর.

৫ যথা খ্রীষ্টের মণ্ডলী, সেই স্থান স্বর্গ বলি,
বুঝহ প্রমাণ স্বর্গের সদৃশ সেই নূতন স্বর্গ পুর.

P. B. no 185

---

## ২৩৪

প্রেমেতে তরাইলেন য়েশূ পাতকী,
ও ভাই আর কিছু নাই বাঁকি.

১ খ্রীষ্টের মরণ নরের জীবন তবে আমার ভাবনা কি?
নিতান্ত পাইব ত্রাণ এই ভরসা করেছি.

২ পাপে পূর্ণ ছিলাম মোরা পাইয়া নানা ভ্রান্তি,
এখন দিনে ২ য়েশূর গুণে হইতেছে অতি শান্তি.

৩ শুন হে ভাই সত্য উপায় তিনি জগতের পতি,
তাঁরে বিশ্বাসিলে নিদান কালে হইবে না কিছু ক্ষতি.

৪ শক্ত করেয় ধর তাঁরে মন রাখ তাঁহার প্রতি,
অবশেষে অনায়াসে স্বর্গে যাইতে চাও যদি.

P. B. no 238

# XIX. খ্রীষ্টীয় মন ও আচরণ বিষয়

## ১ ঈশ্বরের ও খ্রীষ্টের প্রতি প্রেম।

---

### ২৩৫

(L. M.)

১ প্রভু য়েশূ প্রেমের রতন,
পাপি লোকের মুক্তির কারণ;
খ্রীষ্টের মরণ মঙ্গলাখ্যান,
জগতে নাই তাহার সমান.

২ য়েশূ নামের গুণ অসীমা,
ভক্তি হইলে পাপের ক্ষমা,
প্রেম উদ্ভবে আহ্লাদ হইবে,
য়েশূর মরণ উদ্ধার দিবে.

৩ য়েশূ নামের আমোদ যবে
স্থানে স্থানে ব্যাপা যাবে,
সর্ব্ব জগত তাতে মোহিত্,
পরম সুখে হবে মিলিত্.

৪ য়েশূর গুণে হইয়া হৃষ্ট,
আমরা গাইব য়েশূ খ্রীষ্ট.

মনের যাতন হইবে বারণ,
শান্ত হইবে অন্তঃকরণ.

৫ য়েশূ খ্রীষ্ট্ অমূল্য মণি.
ইহা আমরা মনে গণি.
এখন মনে হইলাম তৃপ্ত,
শেষে হইব পাপে মুক্ত.

C. M. B. no 114

---

## ২৩৬

(8. 7.)

১ প্রভু য়েশূ খ্রীষ্ট তুল্য
কোথায় আছে এমন জন?
আপন রক্ত যে অমূল্য
দিলেন, দেখ প্রেমের গুণ.

২ য়েশূ সত্য প্রেমের রতন,
তিনি সর্ব্ব গুণধাম.
মন হে রাখ, করি যতন,
য়েশূ খ্রীষ্টের প্রিয় নাম.

৩ প্রভু য়েশূ ত্রাণের সেতু;
গাইও য়েশূর গুণগান:
পাপির পরিত্রাণের হেতু
য়েশূ দিলেন তনু প্রাণ.

৪ য়েশূ জীবন দায়ি বৃক্ষ,

তাতে নিত্য পাড় ফল.
তাহার ছায়ায় বসি, রক্ষা
হবে, অতি রম্য স্থল.

৫ য়েশূ নাম অমৃত অর্ণব,
ভক্তগণে করে পান.
তিনি সর্ব্ব পুষ্পের সৌরভ,
তাঁহার নামে হয় সুঘ্রাণ.

৬ য়েশূ সর্ব্ব গুণ মণি,
রাজ্য শক্তি গৌরব তাঁর.
আমি পাপী কিবা ভনি ?
য়েশূ নামের গুণ অপার.

P. B. No 39

---

## ২৩৭

(L. M.

১ হে স্বর্গের স্তব্য প্রভু খ্রীষ্ট,
অবিরাম তোমার গুণের তেজ,
যে স্বর্গ মর্ত্ত্য লোকের রাজ,
নাম তোমার লইতে কেন লাজ ?

২ খ্রীষ্ট নামে লজ্জা জন্মিলে
হউক সন্ধ্যার তারা দর্শনে.
অমৃত কিরণ তেজে তাঁর,
মোর মনস্তম তাড়ি ার.

৩　খ্রীষ্টার্থে লজ্জা জন্মিলে
হৌক রাত্রির লাজ মধ্যাহ্নেতে;
পোহাতি য়েশূ তেজোময়,
তাঁর দর্শনেতে আন্ধার যায়.

৪　কি লাজ সে প্রিয় বন্ধুতে?
মোর কষ্টে পূর্ণ মুক্তি হয়.
না লজ্জিত হইলে লজ্জা এ:
মোর অধিক প্রেম না হওনেতে.

৫　খ্রীষ্টার্থে লজ্জা উচিত হয়,
মোর দোষে আপদ যদি নয়,
ভয়, অভাব ক্রন্দন, অপমান,
ও মঙ্গল বাঞ্ছা ত্রাণের দান.

৬　তা লইলে হত তারক নাম,
মোর দর্প হবে অনুপম.
মোর বড় আহ্লাদ তুষ্টি হয়;
মোরার্থে য়েশূ লজ্জিত নয়.

৭　তাঁর বিধিতে প্রবৃত্ত হই,
তাঁর দুঃখ লজ্জা সর্ব্ব লই,
তাঁর বাক্য বলি সর্ব্ব ঠাঁই,
তাঁর আজ্ঞা মননে নির্ভয়.

O. B. H. B. no 15

## ২৩৮

জগতে কিছু নাহি আর,
ও ভাই কেবল য়েশূর প্রেম সার,
যে কিছু দেখি, সকল ফাঁকি, চক্ষু মুদিলে অন্ধকার.

১ দারা বন্ধু পুত্র আদি, আপন২ বল্যা কান্দি,
মায়া জালে বদ্ধ আছি তেঁই সে বলি আমার ২.

২ যে দেহেতে আত্মা রয়, সেই দেহ ফেল্যা চল্যা যায়,
দেখ কায় প্রাণে নাই সম্বন্ধ, তবে হেথা আছে কে আর.

৩ অট্টালিকা ধন কড়ি, দারা পুত্র বাগান বাড়ী,
সকল রবে হেথায় পড়ি কিছুই নহে সঙ্গে নিবার

C. M. B. No. 54

---

## ২৩৯

ওহে য়েশূ মম প্রিয় নাহি মোরে ভুল.

১ বনে ক্ষেত্রে তব তুল্য নাহি কোন ফুল,
ওহে য়েশূ মম প্রিয় নাহি মোরে ভুল.

২ কত সন্তাপ, কত বিলাপ, মম পাপ ফল,
ওহে য়েশূ মম প্রিয় নাহি মোরে ভুল.

৩ প্রতি দিন হইলে ক্ষীণ জীর্ণ দেহ মূল,
ওহে য়েশূ মম প্রিয় নাহি মোরে ভুল.

P. B. no 137

## ২৪০

সর্ব্বাপেক্ষা য়েশূ প্রেমের মহাজন,
যথা সাধ্য তাঁতে ভক্তি কর মন.

১ শুন ওরে আমার মন, হও তুমি সচেতন,
মান আমার এই বচন:
য়েশূর প্রতি ভক্তি আছে কি না বল এখন ?

২ তিনি বন্ধে উদ্ধারণ, আঘাতেরো নিবারণ,
পথ ভ্রান্তে অন্বেষণ,
চক্ষুর মোচন তোমার কর্য়া বাঁচাইলেন কৃপাবান.

৩ শিশুর প্রতি নারীগণ, প্রেমেতে নিবৃত্ত নন,
বরং তারা কভু হন:
কিন্তু তোমার প্রতি তাঁহার নাহি বিস্মরণ,

৪ প্রভুর প্রেমের এই লক্ষণ, নাহি হয় পরিবর্ত্তন,
সে অক্ষয় অনিবারণ.
তাহার সীমা বলিবে কেবা, অসাধ্য তাহার কথন.

৫ য়েশূর ইচ্ছা পূর্ণ যখন, তোমার ত্রাণ হবে তখন,
পাইবা স্বর্গ দরশন.
ইথে মনরে বল এখন, তাঁহার প্রতি প্রেম কেমন ?

৬ প্রভু এই মোর নিবেদন, অল্প প্রেমে দুঃখী নন,
কিন্তু আছে প্রেম যতন:
যেন মন ভক্তি বাড়ে কৃপা কর বিতরণ.

P. B· no 235

## ২ ঈশ্বরেতে প্রত্যাশা।

---

### ২৪১

(P. M. 7. 6.)

(প্রকাশিত ২২, ২১.)

১ হউক সর্ব্ব জনের প্রসাদ, যে প্রসাদ য়েশূর দান;
তৎদ্বারা তাঁহার সাক্ষাৎ হউক গমন আগমন.

২ এ দুগম ধর্ম্ম পথে মোর পদ হয় বিচলিত,
তাঁর অনুগ্রহের হাতে না হইলে মোর সহিত.

৩ তাঁর অনুগ্রহে, বিশ্বাস খেদ বিনা করা যায়:
আমরাও হইলে নিরাশ তাঁর সত্য নিত্য রয়.

৪ ক্লেশ বাড়িলে ও সদা, মোর ডাক হয় বারম্বার:
হে সত্বর আইস, ত্রাতা, মোর কর উপকার.

৫ যে আমরা না হই শ্রান্ত, বরঞ্চ ধৈর্য্য পাই,
জয় করি না হই ক্লান্ত, তাঁর প্রসাদ আমরা চাই.

৬ তা হইলে, না হয় হানি, যদিও দুঃখিত হই;
তাঁর পরম দয়ার দানে মোর অন্তর তৃপ্ত রয়

৭ জয়কারী শীঘ্র হইব: তাঁর রক্ত শক্তিমান.
ঐ গুণে সক্ষম রইব, দুঃসময় বলবান.

৮ হে প্রভো, হও সুন্তুষ্ট, যে ডাকি বারম্বার:
দেও অনুগ্রহ, খ্রীষ্ট, আমাদের সভাকার.

C. W. L.

## ২৪২

(P. M.)

১ দয়া কর, দয়াল ঈশ্বর,
আমি পাপে বড় কাতর,
মহা পাপে দুরাচার.
আমার পাপের নাহি সীমা:
ও হে য়েশূ, কর ক্ষমা,
শান্ত কর মন আমার.

২ তোমা বিনা আমার তরণ
হইবে নাহি, তাহার কারণ
করি ইহা নিবেদন:
অতি বড় দোষী আমি,
কৃপা কর জগৎ স্বামী,
দেখাও আপন মহাগুণ.

৩ আমার যাইট সব তোমার গোচর
নিত্য আছে, দয়াল ঈশ্বর:
ইহা করিলাম স্বীকার.
আমার মস্তকের কেশ যত,
আমার পাপ তা হইতে কত
আছে, তাহা হয় অপার.

৪ তোমার আশা দায়ী করার,
তাতে অতি দৃঢ় আমার
মনেতে প্রত্যাশা পাই.

উপায় তোমার দয়া কেবল:
দূরে যাউক ভ্রান্তি সকল,
কেবল তোমার দয়া চাই.

৫ দীনহীন অনাথ জনের বন্ধু,
য়েশূ তুমি দয়া সিন্ধু,
পরিত্রাতা দয়াময়.
রক্ষা কর, তারণ কর্ত্তা,
হও মোর সকল দুঃখের হর্ত্তা।
খণ্ডাও আমার মনের ভয়.

৬ যাবজ্জীবন যেন আমি,
তোমার আজ্ঞার অনুগামী,
থাকি নিত্য তোমার দাস.
মরণ কালে তোমার দয়া
প্রাপ্ত হইলে, হৃষ্ট হইয়া,
ছাড়ি আমার অন্তঃশ্বাস.

C. M. B. No. 111

---

## ২৪৩

(8. 7)

১ দয়াল ত্রাতা জগৎ স্বামী,
সহায় আছ অবিশ্রাম.
তোমার স্তবের অর্থে আমি
স্থাপন করি স্মরণ থাম.

২ নানা কালে আমার প্রতি
যত তোমার উপকার,
এখন হইল আমার স্মৃতি,
করি আমি অঙ্গীকার.

৩ পরে হবে কি দুর্দ্দশা,
তাহে আমি ভাবিত্ নই,
আছে আমার দৃঢ় আশা
রক্ষা পাব তোমার ঠাঁই.

৪ পিতঃ, আমার সকল বিষয়
তোমায় করি সমর্পণ:
আমার তরে তব আশয়
হউক সদা সম্পূরণ.

৫ আছে বিপদ পদে পদে
তাতে কর সাবধান;
রক্ষ গোপনীয় ফাঁদে,
দেহ্ আমায় পরিত্রাণ.

৬ আমার অবশিষ্ট সময়
তব স্তবে ক্ষেপণ হউক,
তাহে মরণ কালে নিশ্চয়
নাহি হবে ভয় কি শোক.

৭ অন্য অন্য বিষয় যত,
তাতে বড় চিন্তা নাই,

জীবৎ হইলে কিম্বা মৃত,
দয়া মাত্র কেবল চাই.

P. B. no 256

---

## ২৪৪

(S. M.

১ হে আমার চঞ্চল মন,
কি জন্যে হও অস্থির?
ধ্যান কর প্রভু য়েশূর গুণ,
সব দশায় হইও ধীর

২ সর্ব্বজ্ঞ তিনি হন,
তাঁর দৃষ্টে সব প্রচার,
করুণায় পূর্ণ দয়াবান,
তাঁর সর্ব্ব গুণ অপার.

৩ ভাই তোমার কোন দুঃখ,
সে তাঁর অগোচর নয়:
যে রূপে হইবে তোমার সুখ
করাইবেন দয়াময়.

৪ এই কালে তাঁহার লোক
পতিত হয় পরীক্ষায়;
যে রূপে তাদের মহাশোক,
সে রূপে মঙ্গল পায়.

৫ যে সকল নেত্র জল

পাপ খেদে বহে যায়,
তার হইবে শেষে পরম ফল,
অনন্ত সুখোদয়.

৬ স্থির তবে হও, মোর মন,
দূর কর চিন্তা সব:
নিতান্ত য়েশূ মহাজন,
তাঁর নহে অসম্ভব.

৭ মন তোমার যত ভার,
সব ফেল তদুপর.
তাঁরকৃত যত অঙ্গীকার
অবশ্য হবে স্থির.

O. B. H. B. no 65

---

## ২৪৫

(L. M.)

(এব্রীয় ৪, ১৫.)

১ মেঘ যখন উঠে দর্শনে,
আর মিত্রগণ দূর দাঁড়াইয়ে-
ঠেশ কোথায় তবে? য়েশূতে;
সে মানব দুঃখ অকারণে
না সহিলেন: সে জানে ভয়,
আর করে অশ্রু মোর সঞ্চয়.

২ সুপথের মার্গ ভুলিতে,

মোর যখন বিপদ লাগিবে,
হারাইলাম পুণ্য দীপ্তির পথ,
আর নাহি ধরি য়েশূর হাত;
মোর পরীক্ষিত য়েশূ হে,
মোর রক্ষা কর তৎক্ষণে.

৩ আর যখন প্রিয় বন্ধুগণ
মরিয়া যায়, ও ক্লিষ্ট মন
বিমগ্ন হয় দুঃখ সাগরে,
মোর আশ্রয় তখন য়েশূতে,
যে লাজারসের কবরে
আপনি রোদন করিলে.

৪ মোর যখন হইল বিদ্ধিত মন,
হয় বিশ্বাসঘাতক প্রিয়গণ,
ভারি সৈলেন যে যাতনা,
সে য়েশূ করেন করুণা.
য়েহুদা ধন্য প্রভুকে
সমর্পণ করে শত্রুতে.

৫ আঃ যখন হইলাম সংগ্রাম পার,
শেষ অরি কেবল দাঁড়ায় আর,
হে অটল প্রভো, তৎক্ষণে
দাঁড়াও মোর মৃত্যুর শয্যাতে.

মেঘ রহিত অশেষ দিন দেখাও,
শেষ অশ্রু জল মুছাইয়া দেও.

J. J. W.

---

## ২৪৬

প্রভুতে প্রত্যাশা কর মন
তবে আশা পূর্ণ হবে সর্ব্বক্ষণ.

১ প্রভুতে ভরসা করি, বিশ্বাসেতে থাকি ধরি,
ছাড় সর্ব্ব ছল চাতুরি, তবে আশীস হবে তাবোপরি,
সফল হবে তব মনন.

২ ইয়ব নামক এক জন, নিত্য আশায় করি সাধন,
ঈশ্বর প্রতি সমর্পিল মন, দেখ প্রভুর গুণে সেই জন,
অন্তে পায় অনন্ত জীবন.

৩ দাবিদ যেমন বলিলেন, প্রভু আমার আশ্রয় স্থান,
চিত্ত কৈলেন তাহাতে অর্পণ, এখন ধররে মন, সেই চরণ
তাঁতে কর আশা অর্পণ.

৪ দুঃখে পড়ি ডাক তাঁরে, তিনি বৈ কে আর উদ্ধারে ?
কেহ নাহি পারে, তিনি সর্ব্বশক্তিমান নাম ধরে,
ঐ যে সকল করিতে পারেন.

৫ সুখের সময় কর উল্লাস, তাহে পুরিবে অভিলাষ,
শেষে হবে স্বর্গেতে নিবাস, তাহাতে না হইবে নিরাশ,
জানিবা ইহা সার বচন.

অং পং বং

## ৬ খ্রীষ্টের অনুগমন।

### ২৪৭

(8 7

১ পুণ্যের আকর ধর্ম্ম সিন্ধু,
ও হে য়েশূ পবিত্র,
তোমাতে নাই পাপের বিন্দু
শুদ্ধ সত্ব সর্ব্বত্র.
ওহে য়েশূ, তোমার মতন
মোকে কর পবিত্র.

২ নম্র য়েশূ, তুমি ছিলা
পিতার ইচ্ছার বশীভূত,
মেষের শাবক মত প্রাণ দিলা
কভু খুলিলা না মুখ
ওহে য়েশূ, তোমার মতন
মোকে দেও নম্র মন.

৩ য়েশূ সর্ব্বদা জাগ্রত,
রাত্রে কৈলা প্রার্থনা,
দিনে তুমি অবিরত
দুঃখির মঙ্গল করিলা.
আমি যেন তোমার মতন
জাগ্রৎ থাকি সর্ব্বক্ষণ.

৪ দয়াল য়েশূ মঙ্গল দাতা,

মিত্র শত্রু সবের ঠাঁই,
সূর্য্যের আলো, বৃষ্টির ফোটা,
সকল উপর পতিত হয়.
ওহে য়েশূ, আমি যেন
দয়া করি তোমার ন্যায়.

৫ কোমল য়েশূ, নির্দ্দোষ হইয়া,
সৈলা দুষ্টের অপমান,
তাদের প্রতিফল না কৈলা,
বরং ক্ষমার নিবেদন.
কোমল য়েশূ, মোকে কর
তোমার মতন ক্ষমাবান.

৬ ওহে য়েশূ পুণ্যের সিন্ধু,
প্রাণের অধিক প্রিয়তম,
মোকে নির্ম্মাণ কর সাধু,
যেমত তোমার নিদর্শন.
ধর্ম্মের ফল মোর মনে যেন
বিস্তার রূপে বৃদ্ধি পায়.

J. J. W.

---

## ২৪৮

(8.7. double)

১ প্রিয় য়েশূ পিতার পুত্র,
ঊর্দ্ধস্থানে তোমার বাস ?

তুমি আছ প্রভু মাত্র,
আমি তোমার ক্ষুদ্র দাস.
তোমার তেজের চক্ষুর সাক্ষাৎ
কোন কিছু গুপ্ত নয়,
তুমি জান, আমার আহ্লাদ
কেবল তোমার নামে রয়.

২ আমার দুঃখের একটি কারণ
আছে প্রেমের অল্পতা,
ইচ্ছা আছে, কিন্তু করণ
আমার সাধ্যে দেখি না.
য়েশূ, আরো জোরে জোরে
কর মনে আকর্ষণ:
আপন প্রেমে টানাও মোরে,
দম সকল শত্রুগণ.

৩ তোমার সাধ্য দ্বারা থাকি
নিত্য প্রেমের মিলনে.
সুখ ও সম্ভ্রমাদি ফাঁকি
আমার মন না ধরিবে.
য়েশূ, তোমার প্রেম ভোগ রহিত
কভু কিছু কুলায় না:
তোমার প্রেম ও শান্তি সহিত
অকুলান মোর হইবে না.

৪ তোমার প্রেমে যে জন রহে

সে জন তোমার প্রিয় হয় ;
ক্লেশের বাতাস যখন বহে,
তাহার শান্তি না পলায়.
ক্রুশের বোঝা যদি ভারি,
তবু হয় তার সান্ত্বনা.
ধর্ম্ম বাক্যের অধিকারী
দুঃখেমগ্ন হইবে না.

৫ প্রভু আপন লোকের কারণ
যাহা প্রস্তুত করিলেন,
নিত্যানন্দ সুখ, উচ্চারণ
জিহ্বা নাহি পারিলেন.
কর্ণ শ্রবণ করিবারে
তাহার সাধ্য পাইল না,
এতৎ কারণ এই সংসারে
প্রেমের মার্গ ছাড়ি না.

৬ জীবন কালের ক্ষণেক আয়ুঃ ;
কাঁটা পথে গেলে পর,
পাইব অশেষ পরমায়ুঃ,
প্রভুর সাক্ষাৎ শান্তি ঘর.
তাথে আমি বিভূষিত
শুক্ল বর্ণ বস্ত্রেতে,

গৌরব মুকুট শিরে স্থিত,
থাকিব নিরন্তরে.

J. J. W.

---

## ২৪৯

(8. 7. 7. 7.

১ য়েশূর সহিত অবিরত
থাক ওহে চঞ্চল মন,
তোমার ত্রাণের বিষয় নিত্য
থাক ওহে সচেতন,
তোমার স্বভাব পাপময়,
দিনে দিনে বিপদ হয়.

২ বিশ্বাস হস্তে দৃঢ় ধর;
তোমার মুকুট তেজোময়.
দুঃখের দিনে হাটু গাড়,
নম্রমনে প্রার্থনায়.
সত্য সেবক যে জন হয়,
সে জন কভু পড়ে নাই.

৩ বিশ্বাসকারি শিষ্যের পথে
য়েশূ থাকেন অগ্রসর,
যাত্রার শ্রমে ধরেণ হাতে,
টানেন পশ্চাৎ আপনার.
দমন কর অভিলাষ,

নিত্য থাক খ্রীষ্টের দান.

৪ তুমি যদি হও বিশ্বস্ত,
তবে জান, কোলাহল
মনে হইলে, হবে নষ্ট
পারমার্থিক জীবন মূল.
স্বর্গে যদি তোমার ধন,
তবে সেথায় তোমার মন.

৫ মনে যদি মলিন বস্তু
লাগে, তবে হবে দাগ
রাখ শুচি তোমার বস্ত্র,
নচেৎ হানি স্বর্গভাগ.
নিত্য প্রস্তুত রাখ মন:
শীঘ্র প্রভুর আগমন.

J. J. W.

---

## ২৫০

প্রভু হে তুমি চেতনে রাখিও দীনহীনে,
বড় পাপেতে কাতর হইয়া তোমায় ডাকি ঘনে ২.

১ অন্য পথে অন্য মতে, আমারে না দিও যাইতে,
রাখিও আপন নিকটে মোরে বান্ধিয়া হে প্রেম গুণে

২ পাপের সাগর হইতে, টানিয়া তুল আমাকে,

তুমি য়েশূ দয়াময় মোরে বিনি মুলে লও হে কিনে.

৩ ভরসা রাখ্যাছি আমি, তোমার কৃপায় জগৎ স্বামী,
প্রভু য়েশূ মোরে না তারিলে আমি তরিব কেমনে.

৪ আজি হইতে আমার মনে, সত্যের আলো চাল জ্ঞানে,
আমি যে রূপে বাঁচিতে পারি মহা বিচারের দিনে.

P. B. No. 165

---

## ২৫১

তাঁহার শরণ লহ ও ভাই হে,

১ কোথায় কর ভ্রমণ, হারাণ মেষ যেমন,
রাখাল ছাড়া হইলে ভাই হে?
এবে প্রভু খোঁয়াড়, খোলা কেন ছাড়,
প্রবেশ কর তাতে ত্বরায় হে.

২ দেশে ২ বেড়াও, যেমন হারা ভেড়া,
ভ্রমিতেছ এমন কেন হে?
দেহের পরিশ্রম, আর মনের ভ্রম,
সকল যত কর ভাই হে.

৩ ভববনে ভয়, কোথায় আশ্রয় হয়,
রক্ষা কোথা পাইবা বুঝ হে.
সিংহ বাঘ ভালুক, যত সর্ব্বনাশক,
নিত্য বেড়ায় নাশে দেখ হে.

৪ দিনে ২ কত প্রাণী হইয়াছে হত,

দেব দেবীর পূজা কর্যে হে ?
তপ দান পুণ্য, সর্ব্ব ফল শূন্য.
ছাড় সকল মিথ্যা জান্যে হে.

৫ জগৎ এমত স্থল, যথা রহিত জল,
কেন ভুলি রহ ইহাতে?
য়েশূ প্রেম পাঁথার, তাতে দেহ সাঁতার,
এ অমৃত প্রাপ্তি হইবে হে.

P. B. No. 182

## ৪ পবিত্রতা ও স্বর্গীয় মন প্রকাশ।

### ২৫২

(7. s)

১ ওহে য়েশূ ক্ষমাবান,
শুন আমার নিবেদন.
আমি তোমার দয়া চাই
তোমা বিনা মর্যে যাই

২ লৌকিক সুখে হবে কি?
ধন ও সম্ভ্রম করে কি?
তাহা নহে নিত্যস্থাই :
য়েশূ বিনা সন্তোষ নাই.

৩ অসীম বৈভব যদি পাই,

তবু পাপের মোচন চাই.
তোমার পদতলে রই,
তোমা বিনা নষ্ট হই.

৪ আমি পাপী, দীন হীন,
সাধু নহি, ধর্ম্মে ক্ষীণ.
কিন্তু আমার এই প্রত্যয় :
খ্রীষ্টকে পাইলে মুক্তি হয়.

৫ প্রভু টান সভার মন,
ইহা আমার নিবেদন ;
যেন সভে রক্ষা পায়,
তোমার দ্বারা স্বর্গে যায়.

C. M. B. no 3

---

## ২৫৩

(P. M.)

(ফীলিপীয় ৩,২০. ২পেত্র ১, ১০, ১১.)

১ স্বর্গ পানে মাত্র হউক
মোদের যাত্রিক পথ ;
পুরেন মনোরথ এক্ষণে নয় ;
হেথায় আছে সুখ্ ও দুঃখ্,
তথায় হবে কেবল সুখ : সেখানে যাই.

২ স্বর্গ পানে তোমার মন
সদা যেন চায় :

যাত্রা সময় অল্পক্ষণ,
তাহা ভুল নাই. মোর বিনয় এ?
স্বর্গ পাইবার স্থষ্ট হই,
তাহা যেন মনে রয় নিরন্তরে.

৩ স্বর্গ পানে তোমার পণ
য়েশূ রাখিলেন.
মায়া যেন তোমার মন
নাহি পূরিবেন, এই কর ভাব.
কেবল স্বর্গের কারণ শ্রম,
তথায় পাওন ধন সম্ভ্রম, তাই চিন্ত লাভ.

৪ স্বর্গ পানে উঠাও মন,
যখন ঘটে দুঃখ্.
যে বিশ্বস্ত পিতা হন,
তিনি দেখেন শোক.
কি ভাবনা?
উপরে যে শান্তির দেশ,
তথায় নাহি কোন ক্লেশ. শোক কর্য না!

৫ স্বর্গ পানে প্রভুর লোক
তোমার সঙ্গে ধায়,
স্বর্গের আশা পাইলে, শোক
হৃষ্ট মনে সয়. হে সখা হও!
সংগ্রাম কর উচিত মত্.
দুঃখের মধ্যে স্বর্গ পথ, এই মনে লও.

৬ স্বর্গপানে তোমার পথ
গেলে নিন্দা পাও :
তুমি য়েশূর শিষ্য মত্
তাঁর দৃষ্টান্ত লও, যে কৈলেন না,
দুঃখ পাইলে ভৎসনা,
বরং করেন প্রার্থনা ও ধৈর্য্যতা.

৭ স্বর্গপানে পরীক্ষা
তোমার মন লওয়ায়.
শেষে তুমি দেখিবা,
মৃত্যু স্বর্গে লয়. রাত অল্পক্ষণ.
নিত্য তেজ হয় রাত্রির পর,
তোমার হইবে পিতার ঘর সুবাস স্থান.

৮ স্বর্গ পানে এখনও
উঠুক ধন্যবাদ.
পশ্চাৎ স্বর্গ পুরে গাও
তাঁর গুনানুবাদ. হাল্লেলুয়া !
হাহাকারের হইল শেষ,
এক্ষণ ভোগি শান্তির দেশ, ও সর্ব্বদা.

৯ স্বর্গপানে গেলে পর,
খ্রীষ্টকে দেখিবা ;
বিশ্রাম, শান্তি, নিরন্তর
তথায় ভোগিবা. হাল্লেলুয়া !

যিনি ক্রুশে হত হন.

পশ্চাৎ পাইলেন সিংহাসন, দেন এই কৃপা.

C. W. L.

---

## ২৫৪

(P. M. 7. 6)

(মাথীয় ৬, ২১)

১ মোর আত্মা করে তুষ্টি যেখানে আমার ধন.
এই ভবে আমার সৃষ্টি ও আমার কবর স্থান.

২ এই ভুবনে যা লভ্য তা ধূলা স্বরূপ হয় .
আর যখন যাই, যা দিব, তা কেবল ধূলা হয়.

৩ এই হেতু, হে ত্রাণকর্ত্তা, চাই তোমার নিকট স্থান.
এ ভুবনে মোর আত্মা সব করে হেয়জ্ঞান.

৪ হে আমার নিত্য দীপ্তি, মোর তুষ্টি তোমায় রয়.
এ জগৎ তেজের প্রাপ্তি মোর দর্শন সরাতক নয়.

৫ হায়! যদি জগৎ শান্তি মোর অন্তঃকরণ চায়,
তা হইত কেবল ভ্রান্তি, ও তোমার শান্তি নাই.

৬ এ ভবে সুখভোগ যত, সে আছে তো অসার :
যে শান্তি তোমার দত্ত, সে বটে সারাৎসার.

C. W. L.

## ২৫৫

S. M.

১ মন কেন চঞ্চল হও,
পাও দুঃখ আন্ধারে?
খ্রীষ্ট্ য়েশূর দীপ্তি ধরি লও,
ও আশ্রয় তাঁহারে.

২ এই সংসার কেবল ভ্রম,
নয় তাতে নিত্য সুখ্.
হয় মত্ততাতে যে অধম.
সে ভুঞ্জে কেবল দুঃখ.

৩ ঐশ্বর্য্য বিফল যে,
সে ভ্রান্ত লোকে চায়.
তা কেবল দুঃখের কারণে.
সুখ্ তাহে কিছুই নয়,

৪ এ বুঝিয়া, মোর মন,
ত্যাগ কর মিথ্যা সুখ.
খ্রীষ্ট য়েশূর কর আরাধন,
দূর যাইবে তবে দুঃখ.

৫ দেও আমায় স্বর্গালয়,
হে য়েশূ, দীপ্তিতে,
যেখানে সকল ধার্ম্মিক রয়,
সুখ ভোগের তৃপ্তিতে.

C. M. B. No. 71

## ২৫৬

(L. M.)

১　হায়, এ সংসারে কত দুঃখ ?
না দেখি কোন নিত্য সুখ
হায় পরকালে কি হইবে,
কে তখন আমায় বাঁচাবে ?

২　পাপ পর্ব্বত সমান করেছি,
এ চিন্তায় ব্যাকুল হইয়াছি.
শোক তাপে হইলাম কম্পবান,
মোর পাপের ফলের নাহি আন.

৩　এক্ষণে ছাড়ি পাপের পথ,
তায় পূরে আমার মনোরথ.
ত্রাণকর্ত্তায় করিলে বিশ্বাস,
নিতান্ত হইবে স্বর্গে বাস.

৪　পরমেশ্বর হইবেন সহায় মোর,
খ্রীষ্ট য়েশূ খুলেন স্বর্গ দ্বার.
পাই অক্ষয় জীবন স্বর্গেতে :
আর ক্রন্দন নাই ঐ স্থানেতে.

৫　ধর্ম্মাত্মা দিয়া, য়েশূ হে,
নিজ শান্তি দেও মোর মনেতে.
হউক শান্তি বর্ষণ জগতে,
সব আহ্লাদ করুক তোমাতে.

C. M. B. no 109.

## ২৫৭

(S. M.)

১ হে প্রিয় সখাগণ,
এক স্বরেতে সবাই
ঘেরিয়া প্রভুর সিংহাসন,
আনন্দে স্তুতি গাই.

২ নিজ মনোদুঃখ সব
বিস্মৃত যেন হই,
না কর ইহা অনুভব,
যে ধর্ম্মেতে সুখ নাই.

৩ যে ঈশ্বর জানে না,
সেই নীরব থাকিবে :
তাঁর প্রিয় ভক্ত দাসেরা
স্তব কীর্ত্তন করিবে.

৪ যে কালে প্রভুর স্থান
যাই, দেখি তাঁহার মুখ,
ঐ স্থানে করি অমৃত পান,
ও ত্যজি পাপ ও দুঃখ.

৫ ঐ দিব্য অমর স্থান
ভোগ পাইবার আশাতে,
হোক মন অতি সুখি মন
এই দুঃখিত্ জগতে.

৬ খ্রীষ্ট য়েশূর প্রিয় লোক
এই ভবে থাকিয়া,
পায় দেখা হেথায় স্বর্গলোক,
য়েশূকে ভাবিয়া.

৭ ঐ সুখের স্বর্গেতে
না যাবৎ উঠ্যে যাই,
প্রত্যয়েতে এ জগতে
সুমঙ্গল তবু পাই.

৮ এক্ষণে নেত্র জল
নিবৃত্ত যেন হয়;
ইম্মান্যেল পথে সাজে দল,
আনন্দে চল যাই.

P. B. No 15

---

## ২৫৮

(8. 7. 4.)

(এব্রীয় ১১, ১৩,)

১ হে য়েহোবা জানাও মোরে
সুপথ এ অরণ্যেতে;
এই দুর্ব্বল পথিক নরে
উদ্ধার কর স্বহস্তে.
স্বর্গাগত আহার দিয়া
সদায় পাল আমারে.

২ হেথায় জন্মাও আমার তরে
তৃপ্তি জনক উন্মুই.
মেঘ ও অগ্নি স্তম্ভাকারে
অগ্রে চলুক নিত্যই.
বিপদ কালে অধীন জনে
রক্ষা কর সত্বরে.

৩ উত্তরিলে য়র্দানতীরে,
সুস্থির কর আমার মন.
নিদান কালে কানান পারে
মোরে কর উত্তরণ.
সেথা আমি অবিরত
কীর্ত্তন করি তোমারে.

P. B. no 263

---

## ২৫৯

(8. 7. double)

১ ওহে প্রভো, আমার মন্ত্রি,
দর্শাও মোরে ত্রাণের পথ.
যখন ক্লেশের বাতাস বহে,
আলো নাই, চৌদিগে রাত্,
তবে জীবৎ প্রস্তর উপর
চঞ্চল মনে দিও স্থান.
দেখাও মোরে ধন্য নগর,
সিয়োন মোদের বাস স্থান.

২ প্রেমও দয়ার আলো যখন
পথে করে হৃষ্ট মন,
কিম্বা নাহি দীপ্তির লক্ষণ,
রাত্রের ছায়া সর্ব্বক্ষণ:
তবু বিশ্বাস ঈশ্বর উপর
দৃঢ় রাখি নির্ভয়ে;
তোমার সহিত ভয় নাই মৃত্যুর
স্থির দাঁড়াইব ভরসায়.

৩ প্রভু নাহি ছাড় মোরে,
আরো জানাও তোমার প্রেম.
শেষে পাইব স্বর্গপুরে
নিত্যানন্দ অনুপম.
সেথায় থাকেন যত সাধু,
সর্ব্বে করেন যেশূর গান;
তাঁহার গৌরব করেন নিত্য:
প্রভু দিলেন পরিত্রাণ·

J. J. W

---

২৬০

আমি পাপী খ্রীষ্টের পুণ্য যাই ধর্য্যে,
যেন রক্ষা পাই মরণ পরে.

১ ওহে পিতা পরমেশ্বর, তুমি সকলের উপর,
স্বর্গে আছ নিরন্তর.
কর দয়া ঘুচাও মায়া, রেখ্য না অন্ধকারে.

২ প্রিয় পুত্র কৈলা দান পাপিদের কারণ,
তিনি আইলেন এ ভুবন.
দোষির মত ক্রূশে হত, হইলেন নরের তরে.

৩ প্রভু ঘুচাও আমার ভ্রম, ভাল কর মোর মন,
দিয়া অতুল চরণ
তোমার সত্যের আলো শীঘ্র জ্বাল,
বিচার হৌক মোর অন্তরে.

C. M. B. no 48.

---

## ২৬১

য়েশূ, অন্তকালে ত্যজ না আমায়,
বিপাকে না ঠেকি যেন নরকের দায়.

১ হায় জগদ্বাসী সর্ব্ব নরে যদ্যপি মোরে
তুচ্ছ জ্ঞান অপমান সতত করে,
তাহাতে না হবে ক্ষতি জান্যেছি নিশ্চয়.

২ হায় সকল জগৎ যদ্যপিস্যাৎ আমার লাভ হয়,
তাহাতে আমার কোন উপকার নয়,
মৃত্যু পরে নরক ঘোরে আত্মা যদি যায়.

৩ হায় সকল ছাড়্যে, য়েশূ তোমার লয়েছি শরণ,
ভরসা কেবল আমার তোমার মরণ;
বিষম সঙ্কটে তুমি হও আমার সহায়.

৪ হায় আমি অতি মঢ় মতি দুষ্ট দুরাচার,
য়েশূ তুমি পরাৎপর তারিতে তৎপর.
তব নামে পরিণামে মোক্ষ ধামে যায়.

৫ হায় নিজ গুণে এ অবোধ অবাধ্য দাসে
দৃঢ় করি বদ্ধ কর প্রেমের ফাঁসে,
প্রাণ মোর যেন বাঁচে নিবেদি তোমায়.

C. M. B. no 69

---

## ২৬২

যদি যাইতে পারি য়েশূর রাজ্যে তবে প্রাণ বাঁচে,
এদেশে কাল ২ গো এদেশে কাল আছে.

১ চল ২ সকল প্রিয় ভাই সিয়োনে যাব,
হেথা মৃত্যু কেন ভোগি সেথা জীবনে রব,
এই ধ্বংসি নগর ছাড়ি প্রেমের ভাই,
ত্বরায় চল্যে সেথা মোরা পলাইয়া যাই.
সে জীবনের অধিকারে মৃত্যু যাইতে নাহি পারে,
কত জনে সে ভুবনে অমর হইয়াছে.

২ ওহে ভাই যদি পল্যাবে তবে প্রাণ বাঁচিবে,
আজ্ঞা পালি য়েশূ বল্যে চল তাঁর কাছে.

সদম ছাড়্যে যেমন পলাইল লোটের পরিবার,
কিন্তু আজ্ঞালঙ্ঘনেতে তার জায়ার সংহার.
সে লোভেতে মোহিত হয়্যা দেখ্যাছিল পিছে চায়্যা,
কর্যে মায়া লোটের জায়া লবণ হইয়া আছে.

৩ ওভাই, সে তো সুখধাম তাহে মোদের নাম,
প্রজা বল্যে রাজা আপন খাতায় তুল্যাছেন,
পথে কত আপদ আছে, ভাই, যাইতে সিয়োনে,
য়েশূ চরণে ধ্যান করিলে যাব আনন্দ মনে.
এখন সকল দুঃখ স্বীকার করি চল সভাই ত্বরাত্বরি,
মোদের তরে নৃপবরে মুকুট রাখিয়াছে.

(M. B. no 6

---

## ২৬৩

য়েশূ কর হে মোরে সান্ত্বনা,
কিসে এড়াইব নরক যন্ত্রণা ?

১ কর হে ধর্ম্মাত্মা দান, হউক আমার ধর্ম্ম জ্ঞান,
দর কর কুমন্ত্রণা.

২ আমি নিতান্ত পাপিষ্ঠ, না করিলাম তব ইষ্ট,
ক্ষম অপরাধ এই বাসনা.

৩ আমার ক্রিয়ার প্রতিফল, অনন্ত নরকানল,
তব মরণেতে পাপের মার্জ্জনা.

C. M. B. no 32

## ২৬৪

প্রভু হে তুমি আমায় দেহ ধর্ম্ম মন,
তোমার কাছে প্রার্থনাতে যেন থাকি সর্ব্বক্ষণ.

১ অসার সংসারে এস্যে, দিন কাটাইলাম পরিহাসে,
য়েশূ তুমি কৃপা করো্য দেহ জ্ঞানাঞ্জন.

২ কোন মতে অন্য পথে, আমারে না দিও যাইতে,
ধর্ম্ম ডুরি দ্বারা মোরে কর আকর্ষণ.

৩ পাপ রূপ অগ্নি যবে, মম হৃদেতে জ্বলিবে,
নিবাও তাহা করো্য ধর্ম্ম বৃষ্টি বরিষণ.

৪ য়েশূ তুমি জগৎ পতি, শুন মোর এই বিনতি,
কৃপা করি দুষ্ট মতি কর বিমোচন.

P. B no 232.

---

## ৫ পরের প্রতি প্রেম।

---

## ২৬৫

(8· 7. double

আইস আমরা হইব মিলিত
প্রেমের যোগে পবিত্র,
যেমন দ্রাক্ষাগাছের সহিত
শাখা আছে সংলগ্ন.
মস্তক য়েশূ, অঙ্গ আমরা,

তিনি সূর্য্য, আমরা তেজ,
তিনি গুরু, শিষ্য আমরা,
আমরা প্রজা, তিনি রাজ.

২ ওহে অনুগ্রহের পাত্র,
প্রেমে ও বিশ্বস্ততায়
য়েশূর নিয়ম যেন মাত্র
স্থাপন থাকে তোদের ঠাঁই.
যদ্যপিও প্রেমের বন্ধন
নরম হইয়া খোলা যায়,
তবে কর অনুসন্ধান,
যেন আরবার শক্ত হয়.

৩ দেখ ভাই লোক, প্রেমভাব এমন
মোদের মধ্যে প্রবল হউক,
যাতে ভ্রাতৃগণের কারণ
প্রাণও দিতে মনে লউক.
এমন প্রেমে য়েশূ প্রেমী,
প্রাণ ও রক্ত দিলেন সব:
আমরা রহিব অপ্রেমী?
তাহা হইত অসম্ভব!

৪ তিনি তাম্বুর বহির স্থানে
বলিদান রূপ মরিলেন:
আমরাও যেন যাই সেখানে.

এক জন পরকে লওয়াইবেন.
এক জন পরকে জাগ্রৎ করুক,
সভে যেন মনেতে
দিনে দিনে শক্তি বাড়াউক,
য়েশূর তুষ্টি জন্মাইতে.

৫ কেবল মহাস্বামির আদেশ
থাকুক মোদের ব্যবস্থা.
তিনি করেন নাহি বিনাশ,
সিংহের তুল্য নহিয়া.
বরং আপন রক্তের স্রোতে
তিনি ডুবান ক্রোধানল.
তবে কেন তাঁহার হাতে
না সমর্পিত হয় সকল?

৬ হাল্লেলুয়া কেমন উচ্চ!
কেমন গম্ভীর য়েশূর প্রেম!
দেখা পাই তাঁর হৃদয় নিচ,
তাহার মধ্যে প্রেম অসীম.
যিনি আত্মাগণের পিতা,
এবং অদ্ভুত ক্রিয়ার মূল,
অদৃশ্য যে সর্ব্বকর্ত্তা,
মোদের মধ্যে তাঁহার স্থল.

৭ ওহে দয়াল মিত্র মিলাও

তোমার লোকে সমুদয়:
ঐক্যতাতে সভে লওয়াও,
তোমার ইচ্ছা যেন হয়,
তুমি বাস্তবিক যে সত্য,
সভার ঐক্য হউক তোমায়,
যত লোকে তোমার দত্ত
তেজে দীপ্তিযুক্ত হয়.

৮ ওহে পিতঃ, স্নেহ যেমন
আমার প্রতি প্রকাশো,
তাদের মধ্যে প্রেম রউক তেমন,
সকলের হউক একত্ব:
তুমি যেমন এবং আমি
পরস্পরে একি রই:
এ যে বিনয় কর তুমি
সেটা এরূপ সফল হয়.

৯ প্রেমের সিন্ধু তোমার আজ্ঞা
আছে: প্রেমে প্রেমী হও;
তবে মোদের অক্ষম হিয়া
প্রেমী হইতে শক্তি দেও.
জ্বালাও প্রেমের অগ্নি আলো
মোদের অন্তঃকরণে,

জগৎ যেন বুঝে ভালো:
প্রেমেই তোমার শিষ্য হই.

C. W. L.

---

## ২৬৬

(L. M.)

১ মন প্রভুর বাক্য শুন হে,
প্রাণ দেওন বন্ধু রক্ষিবার,
এই প্রেম অত্যন্ত কেহ নয়
দেখাইল তাঁহা ভিন্ন আর.

২ "মোর শক্রদিগকে রক্ষিতে,
দুঃখ পাইলাম কেমন অতি ঘোর?
প্রেম কর তবে পরস্পর,
তায় জানা যাবা শিষ্য মোর"

৩ হে, প্রভুর আজ্ঞা শুন মন,
দূর কর ক্রোধ ঠকামি রাগ,
প্রেম ক্ষমা কর পরিধান,
খল কপটাদি কর ত্যাগ.

৪ হে ধর্ম্ম আত্মা প্রেমের মূল,
মোর মধ্যে নিত্য কর বাস.
মোর যেন থাকে ধর্ম্ম মন,
মোর সব অপ্রীতি হয় বিনাশ.

O. B. H. B. No 41

## ২৬৭

(8.7.7.7.)

(১. করিন্থীয় ১৩.)

১ ঈশ্বর দত্ত গুণ উৎকৃষ্ট :
মানব গণ যা প্রাপ্ত হয়,
তাহার মধ্যে প্রেম হয় শ্রেষ্ঠ,
পরের প্রতি প্রকাশ পায় :
ধাতুর মধ্যে যেমন হেম,
গুণের মধ্যে তেমন প্রেম.

২ প্রেমের তত্ত্ব সর্ব্বোৎকৃষ্ট,
তাহার তুল্য কিছু নাই,
তাহা পাইলে আর কি ইষ্ট,
যাতে মন সন্তুষ্ট হয় ?
প্রেম তো আছে সর্ব্বসারে,
তদুপর না কিছু আর.

৩ সকল জ্ঞান মোর যদি বর্ত্তে,
বিদ্যায় পারদর্শী হই,
নিগূঢ় কথা ব্যক্ত করতে,
এমন শক্তি আমার হয় :
প্রেমের সত্তা যদি নয়,
তাবৎ গুণের ত্রুটি হয়.

৪ দূতের ভাষা কইতে পারা,
ভাবি বিষ জ্ঞাত হই,

পর্ব্বতগণ স্থানান্তর করা,
বিশ্বাস বলে পারগ হই:
যদি আমার প্রেম না হয়,
তবে সেও কিছু নয়.

৫ নির্ধন লোকের ভরণার্থে,
সকল ধন মোর হইলে ব্যয়,
দুঃখি দিগে রক্ষণার্থে
আপন শরীর দগ্ধ হয়:
প্রেম না হইলে ব্যয়ের মূল.
তাতে নাহি হইবে ফল.

৬ প্রেম সহিষ্ণু হিতদায়ক,
আত্ম চেষ্টা করে না,
পরের প্রতি মঙ্গল কারক,
অহঙ্কার দ্বেষ রাখে না:
প্রেমই সকল গুণের সার,
এবং তাহার অলঙ্কার.

৭ প্রেম সব বিষয় ক্ষমা করে,
সর্ব্ব বিষয় প্রত্যয় তার,
সর্ব্ব বিষয় আশা করে,
সর্ব্ব বিষয় সহ্যকার:
প্রেমের উচিত বর্ণনা
কেহ করতে পারেনা.

৮ এমন প্রেমের তত্ত্ব কর,
স্বর্গে যাহার আবাস ঘর,
জ্ঞান ও বিদ্যা হইতে বড়
বিশ্বাস ভরসা শ্রেষ্ঠতরঃ
কারণ সে সব লুপ্ত হয়,
প্রেমের লোপ কদাচ নয়.

J. C. L.

## ২৬৮

আইস প্রেম করি মোরা সকলে,
যে প্রেমেতে য়েশূ প্রাণ দিলেন অবহেলে.

১ মর্ত্ত্যে প্রেম বৃক্ষ মূল, জগৎ ব্যাপিয়া ডাল,
স্বর্গে পাবে মহা ফল, প্রত্যয় বারি দিলে.

২ প্রেমের কি কব গুণ, নির্গুণেরে দেয় গুণ,
বিনাশয়ে তমোগুণ মনে উদয় হইলে.

৩ প্রেম সাগরে দিলে ঝাঁপ, নাশিবে অশেষ তাপ,
রুদ্ধ হবে মহা পাপ, মনে বিচারিলে.

৪ প্রেমানন্দে কর গান, য়েশূর প্রেম কর পান,
[illegible]বে পাবে পরিত্রাণ, নরক অনলে

P. B. no 239.

## ২৬৯

ঈশ্বর আজ্ঞা শুদ্ধ সত্ব নিশ্ছিদ্র বচন,
মনেতে প্রবিষ্ট হইলে করায় পরামনন.

১ মানব হইতে যে প্রকার, চাহি মোরা ব্যবহার,
তাদের প্রতি তেমন করা, মোদের প্রয়োজন,
এ অপূর্ব্ব বিধির জন্য, ধন্য প্রভু য়েশূ ধন্য,
যে যাথার্থ্যে পরিপূর্ণ তোমার সমান.

২ কিবা স্পষ্ট সহজ বিধি, সুবর্ণ সদৃশ নিধি,
শিক্ষিতে স্মরিতে দুঃখ না পায় কোন জন.
সবার কারণ প্রেমের নিয়ম, কিবা তাহার পরাক্রম,
প্রত্যেক জন শ্রবণ মাত্রে করিবে গ্রহণ.

৩ সবে হইলে অবিরত, প্রেমের সত্য বশীভূত,
পরস্পরে মিত্রভাবে থাকিত অনুক্ষণ
কহ কারো শত্রু তবে, না হইত এই ভবে,
মর্ত্য পুরে স্বর্গধাম হইত স্থাপন.

৪ তোমার বিধি অপালনে, নিদ্রায় আছি অচেতন,
ইতে মোদের দোষ প্রভো কর হে মার্জ্জন.
হিংসা রাগ অহংকার, না হয় যেন পুনর্ব্বার,
অদ্যাবধি করি তোমার আজ্ঞা সুপালন.

P. B. No 250

## ৬ জাগরণ ও বিশ্বস্ততা।

### ২৭০

যেশূ মোরে নরক পথে যাইতে দিও না,
আমি করি হে তোমার সাধনা.

১ যেশূ করিবারে ত্রাণ, হইলে বলিদান,
ভোগিলেন অনেক যন্ত্রণা.

২ যেশূ মোর পাপের কারণ, ধরি তব চরণ,
রক্ষা কর মোরে ফেলিও না.

৩ যেশূ বিচারের দিনে, দাঁড়াইব কেমনে
এই আছে মোর ভাবনা.

৪ যেশূ করি নিবেদন দেহ ধর্ম্ম মন,
আমি চাহি সাত সান্ত্বনা.

P. B. No 136

### ২৭১

যেশূ নামে ধর ঢাল,
নিকট সঙ্কট কাল.

১ মলিন বসন ত্যজ, খ্রীষ্টরূপ বস্ত্রে সাজ,
তিলেক না কর ব্যাজ, প্রস্তুত হও সকল.

ঈশ্বর আজ্ঞা ভয় করি, যাহ মন বরা বরি,
উত্তরিবে ত্বরা তরি, যথা অখণ্ড মণ্ডল.

২ তিমির অন্তর পুর, তাহে লুকায় এ তস্কর,
এখনি যাইবে দূর, সত্যতার আলো জ্বাল,
লইয়া য়েশূ দত্ত অসি, নির্ভয়েতে থাক বসি,
কি করিবে কাল আসি, জাগ্রৎ থাক সকল.

P. B. no 190.

## ২৭২

পাপ বলো ভয় না হইল মনে,
ও মন কি হবে বিচার দিনে ?

১ শুন ২ পাপি মন, প্রভুর বিনয় বচন,
ছাড় সকল দেবা দেবী যত অকারণ.
হে মন তোমায় দিতে অনন্ত ত্রাণ অবতার এই ভুবনে.

২ মন ধর রে বচন, যাতে অনন্ত জীবন,
না ধরিলে হবে তোমার নরকে গমন,
হে মন এখনও সময় আছে আইস খ্রীষ্টের সদনে.

৩ তুমি হইয়া অচেতন, ভ্রমিতেছ অনুক্ষণ,
পরমায়ু তো শেষ মন শুন রে কারণ.
হে মন কি বলিয়া উত্তর দিবা মহাবিচারের দিনে ?

৪ দেখ য়েশূ দয়াবান, তিনি করুণা নিধান,
উদ্ধারিতে তোমারে দিলেন নিজ প্রাণ.

হে মন ঈশ্বরে তুষিলেন তিনি শরীর বলিদানে.

৫ বলে অধীন দুরাচার, য়েশূর মরণ কর সার,
তবে মন হইবে তোমার নিস্তার.
ও মন ভাব্যা দেখ য়েশূ বিনা কে আর আছে নিদানে?

C. M. B. no 83

---

## ৭ নম্রতা ও সহিষ্ণুতা।

---

### ২৭৩

(গীত সং. ৬.)

ত্বরা করি প্রভো মোরে কর হে নিস্তার.
আমি অতি দুরাচার.

১ দিও না হে দণ্ড, ক্রোধেতে প্রচণ্ড,
না করিও কোপে মোরে তিরস্কার.

২ আমি শক্তি বিহীন, রোগে তনুক্ষীণ,
দয়া কর প্রভো করুণা আধার.

৩ অস্থি কম্পান্বিত, প্রাণ ব্যাকুলিত,
আমার দুঃখ দেখ্যে কর প্রতিকার.

৪ হয়্যা অতি ক্লান্ত, কোঁকাই অবিশ্রান্ত,
অশ্রুজলে নিত্য ভিজে খাট আমার.

৫ মৃত্যু অতি বিকট হইল সন্নিকট,
তুমি না বাঁচাইলে রক্ষা নাহি আর.

৬ ওহে পাপির বন্ধু, য়েশূ দয়ার সিন্ধু,
তোমায় আশা করি ডাকি বারে বার.

P. B. No. 243

---

## ২৭৪

য়েহোবা দিয়াছিলেন পুন লইয়াছেন,
তাহে মোদের খেদ কি আছে?
আপন বস্তু আপনি লইয়েছেন.

১ যাহা বলি আমার ২, অধিকার নহে কাহার,
যত দেখি সকল তাঁহার, শাস্ত্রে প্রমাণ দিয়াছেন.

২ নরের অবস্থা যত, সকলি তাহারি কৃত,
ধর্ম্মে গ্রন্থে আছে ব্যক্ত, তিনি অভিমত করেছেন.

৩ এখন মোদের উচিত এই, তাঁর বাক্যে শাসিত হই,
তাঁহার অভিপ্রায় সেই, আমাদিগকে কহিয়াছেন.

P. B. No. 244

---

## ২৭৫

সুখের কারণ দুঃখ সহিতে হয়,
তাতে ক্লান্ত হওয়া উচিত নয়.

১ পড়িলে পরীক্ষার খাতে না করিও ভয়,
তরাইতে আসিয়াছেন য়েশূ ঈশ্বর তনয়.

২ তাঁহাতে থাকিলে বিশ্বাস বাঁচিবে নিশ্চয়,
ও মন নিতান্ত পাইবে ত্রাণ করি সভার জয়.

৩ কর রে ২ পামর মন খ্রীষ্টকে আশ্রয়,
তিনি দিবেন অনন্ত জীবন হবে না তার ক্ষয়.

P. B. No. 245

## ৮ সত্যবাদ।

### ২৭৬

(7. s.)

১ ওহে প্রভো সত্যময়,
মিথ্যা ঘৃণ্য তোমার ঠাঁই :
ভাবো তোমার নির্ম্মল গুণ,
ভীত হয় মোর পাপি মন.

২ যাহা ২ দুষ্ট জন,
করে মুখে উচ্চারণ,
তুমি জান, জ্ঞানের মূল,
দিবা পাপের প্রতিফল.

৩ মিষ্ট বাক্য কহিলে,
মনে কাপট্য হইলে,

এমন ভ্রষ্ট ব্যবহার
পাইবে নরক অধিকার.

৪ ক্ষুদ্র লাভের নিমিত্তে
মিথ্যা কথা বলিতে,
এমন লোক কি মঙ্গল পায়?
কভু নয়! শাঁপগ্রস্ত হয়.

৫ ওহে যেশু, আমার মন
নিত্য করাও সচেতন.
হানি হউক কি লভ্যের আশ,
বলি কেবল সত্য ভাষ.

৬ মিথ্যা দিব্য করিব?
প্রভুর দয়া হারাইব.
ঈশ্বর আমার পিতা নন.
আমি হইব ত্যক্ত জন.

৭ যখন দিব্য করিব,
সাধু শ্রীনাম ধরিব,
তখন বিচার দিনের ভয়
মনে রাখিব নিশ্চয়.

৮ কারণ যেমন লিখিত হয়,
সভে তেমনি প্রাপ্ত হয়:
সত্যবাদী স্বর্গে যায়,
মিথ্যাবাদী নরক পায়.

## ২৭৭

সরল মনে সর্ব্বজন, হইয়া কর প্রভুর সাধন.

১ আসি সভে এই ভবে, দিন গেলে যাইতে হবে,
পরকালে কি হইবে? কেন না কর তার চিন্তন.

২ মিথ্যাতে থাকিলে ভাইরে, যাইতে হবে নর্ক ঘোরে,
সেথা কে আরো উদ্ধারে? ভোগিবে অশেষ যাতন.

৩ ছল কপট প্রবঞ্চ পাপ, তাহা ছাড়ি কর তাপ,
এড়াবে প্রভুর শাঁপ, তবে পাবে মোক্ষধন.

৪ মিথ্যা ছাড়ি সত্য পালন, কর সদা সর্ব্বক্ষণ,
নতুবা নরকে পতন, ভয়ঙ্কর এই বচন.

৫ হানানিয়া সাফিরা নামে, তারা দম্পতী দুই জনে,
পবিত্র আত্মায় বঞ্চনে, জীবন শূন্য তৎক্ষণ.

৬ ইহা ভাই হে রাখ মনে, করিয়া পরম যতনে,
সদা থাক সচেতনে না ভুলিও কদাচন.

৭ ধরি থাক প্রভুর চরণ, পাইবে অক্ষয় জীবন.
করিতেছি বিনয় বচন, যাতে হয় নরক ভঞ্জন.

প. আ. ব.

## ৯ নিরাকাঙ্ক্ষা।

---

### ২৭৮

(8. 7)

১ সকল দুঃখি ধার্ম্মিক লোকে
দুঃখে করে য়েশূর গান:
য়েশূ নামে খণ্ডে শোককে,
দুঃখের নাশক তাঁহার ধ্যান.

২ আমরা ভুঞ্জি মহাদুঃখ,
তাতে হবে পরম লাভ:
য়েশূর কৃপায় পাব সুখ,
মোদের এই আনন্দ ভাব.

৩ মোদের যখন যেমন দশা,
তাতে করি সুখের জ্ঞান.
আপদ হইলেও আছে আশা:
য়েশূ খ্রীষ্ট করেন ত্রাণ.

৪ মৃত্যু সময় আসে যখন,
আমরা নাহি করি ভয়.
খ্রীষ্টের ধ্যানে মগ্ন তখন,
তাঁতে হব মৃত্যুঞ্জয়.

৫ যাবৎ পৃথিবীতে থাকি,
তাবৎ গাইব য়েশূর নাম:

ভাবি আর নাই, হইয়া দুঃখি,
আশায় প্রাপ্ত স্বর্গধাম.

৬ মোদের হইলে মৃত্যু সময়,
প্রভু, যখন যাবে প্রাণ,
খণ্ডাও দুঃখ হইয়া সদয়,
আপন কোলে দিও স্থান.

C. M. B. No. 30

---

## ২৭৯

মরণ দিনে নাহি হবে ধনে ত্রাণ উপায়,
কিন্তু কেবল ধর্ম্ম তখন হবেন মৃত্যুঞ্জয়.

১ দেখ কোন সুখনরে বহু শস্য রাখিবারে,
ক্ষুদ্র গোলা হেতু করে চিন্তা অতিশয়.

২ শেষে স্থির করিলে মন ভাঙ্গি গোলা পুরাতন,
বড় করি অভিনব বান্ধিব নিশ্চয়.

৩ উৎপন্ন হইলে তূর্ণ, শস্য করি তাহে পূর্ণ,
মনের বিশ্রাম দিতে করিল আশয়.

৪ ধন হইলে বর্দ্ধমান, সুখে হবে ভোজন পান,
নানা বিধ হর্ষ পাব নাহিক সংশয়.

৫ হেন কালে তাহার প্রতি, কহিলেন স্বর্গপতি,
অদ্য তব মৃত্যু হবে কেন এ সঞ্চয়?

৬ ঐ অবোধ ধনির মত, যেন না হই লোভে রত,
দয়া করি প্রভো ইহা শিক্ষা দেও আমায়.

৭ যাহার কীটে নাহি ক্ষয়, এবং চোরে নাহি লয়,
স্বর্গে এমন নিত্য অর্থ যেন আমি পাই. P. B. No. 217

## ১০ ধীরতা ও শুচি ব্যবহার।

### ২৮০

ওহে ঈশ্বর দয়া করি দেহ শুচি মন,
নিরবধি সেবি যেন তোমার চরণ.

১ পালিতে তোমার বিধি প্রভু যেন নিরবধি
প্রস্তুত থাকে হে মোর মন.
তোমার মনের গতি জানিতে আমার প্রতি,
কৃপা করি দেহ দিব্যজ্ঞান.

২ তোমার সকল আজ্ঞা পালন করিবারে প্রজ্ঞা,
ধর্ম্মাত্মা দ্বারাতে দেহ দান.
মন্দ ক্রিয়া মিথ্যা পথ, ছাড়িয়া হে মনোরথ,
সুপথেতে করে হে গমন.

৩ বাদিয়ার বাজি প্রায় এ সংসার মায়াময়,
তাহা হইতে ফিরাও মোর মন.
ধন জনে সেই মন মগ্ন না থাকয়ে যেন,
অনুগ্রহ করহ এমন. P. B. No 224

# XX. বিশেষ ২ অবস্থা ও কালের নিমিত্তক গীত ।

---

## ১ গৃহস্থাবস্থা ।

---

### বিবাহ বিষয়ক গীত.

---

### ২৮১ (P. M.)

১ আইস হে প্রিয় ভাই, গান করি সমুদয়,
হও উপস্থিত্.
ঈশ্বরের করি স্তব, আরো হয় বিনয় রব,
ভাই ভগ্নি আইস সব : গান করি গীত.

২ দুই জনে চল্যে যায় আমাদের ধর্ম্মালয়,
মিল করে হাত
হে ঈশ্বর কৃপাবান, শুন এই নিবেদন,
মঙ্গল হউক সর্ব্বক্ষণ, দেও আশীর্ব্বাদ.

৩ ইহাদের এক্ষণে হস্তদ্বয় বন্ধনে,
হয় ঐক্যতা.

মিলিত হউক তাদের হৃদ, পরস্পর হইলে প্রীত
তাহাতে হইবে হিত, না অন্যথা
C. W. L.

---

## ২৮২ (P. M.)

জয়ধ্বনি মহা কীর্ত্তন উঠুক
তেজযুক্ত সিংহাসনের ঠাঁই.
যে শ্রবণ করেন, জগৎ স্থাপক,
তাঁর অবস্থিতি হেথায় হয়.
যে ছিলেন, আছেন, হইবেন পর,
তাঁর মঙ্গল পাউক কন্যা বর.

২ হে ধন্য উভয়, ঈশ্বর থাকুন
সুআশ্রয় তোমা সভাকার.
আর তিনি তোদের মনে লিখুন :
সব হইলে অসার, আমি সার.
সুমঙ্গল ভরুক তোদের ঘর,
কাল, আজি, এবং নিরন্তর.

৩ ও ধর্ম্ম শাস্ত্রে শিক্ষিত্ হইয়া,
খ্রীষ্ট্ য়েশূর মতে রাখ মন.
অনন্ত কালের স্মরণ লইয়া,
হও যাত্রিক লোক ন্যায় সচেতন? ইত্যাদি

৪ যে নিয়ম তোমরা এখন কৈলা,
তা প্রত্যেক দিনে মনে লও,

ও দিনের শেষে পরখ লইবা :
কি এখন ধর্ম্মের পথে রও. ইত্যাদি

৫ ও প্রভুর নিকট শক্তির কারণ
সৎ প্রার্থনাতে চেষ্টিত্ হও,
না লজ্জা আলস্য হউক বারণ,
যে দিন পর্য্যন্ত নাহি পাও. ইত্যাদি

৬ এক্ষণে পরম প্রভুর নামে
প্রত্যাশা কর্য়ে কর্ম্মে যাও,
আর যে পর্য্যন্ত স্বর্গধামে
না আইস, তোমরা ঐক্যে রও. ইত্যাদি

৭ এক্ষণে তোদের থাকুক শান্তি,
বিশ্বস্ত স্নেহ সর্ব্বথা.
পরোপকার হউক বিনা ভ্রান্তি.
ও বিনা ত্রুটি ঐক্যতা.
যে ছিলেন, আছেন, হইবেন পর,
তাঁর মঙ্গল পাউক কন্যা বর.

C. W. L.

---

## ২৮৩

C. M

১ হে খ্রীষ্ট্ একবার গিয়াছিলা
বিবাহের ভোজেতে :
হও অধিষ্ঠান এখন হেথা,
বিবাহের বর দিতে.

২ বর কন্যায় কর দৃষ্টিপাত,
তাদিগের মিল করাও.
ইহাদের বান্ধা হইবে হাত,
তায় নিয়মে বর দেও.

৩ আর জন্মাও ভক্তি চিত্তেতে,
সব ভাল বিষয় দেও:
হউক এদের সুখ সর্ব্ব কার্য্যেতে,
দেও শান্তি, ধন বাড়াও.

৪ উভয়ের মিলন প্রেমে হউক,
খ্রীষ্ট যেশূর প্রেমেতে.
ভার এদের ঘরে সহ্য হউক
ও সহায় প্রেমেতে.

৫ আর প্রার্থনায় ও ভরসায়
হৌক উভয়ে সহায়
ও তাদের সন্তান যেন হয়,
নাম যেন রক্ষা পায়.

৬ হে ঈশ্বর, ইহলোকেতে
এক ভাবের লোক মিলাও,
ও তোমার নির্ম্মল প্রেমেতে
নিজ স্বর্গে যাইতে দেও.

C. M. B. no 127

## ২৮৪

তোমরা দুই জন বর কন্যাতে
এক অঙ্গ হইলে আজি হইতে,
দুয়েতে এক বান্ধা গেল প্রভু য়েশূর বিধি মতে.

১ য়েশূর এই অঙ্গীকার, কেহ নহ কাহার পর, এই সরোদ্ধার,
য়েশূর প্রেমে মগ্ন হইয়া : সদাই থাক প্রার্থনাতে.

২ মাতা পিতা সহোদরে. সকলকে ত্যজিতে পারে, জগৎ [নরে,
কিন্তু স্বামী ভিন্ন নহে কদাচিৎ জায়া হইতে.

৩ বিবাহেতে য়েশূর বর, আছে দেখ পূর্ব্বাপর, নরের [শুভকর,
তাহা যেন প্রাপ্ত হও তোমরা খ্রীষ্টের সেবাতে.

৪ দুঃখ সুখ যাহা ঘটে, দোঁহার ভোগা উচিৎ বটে, থাকি [নিকটে,
য়েশূ খ্রীষ্টের এই বিধি আছে ধর্ম্ম পুস্তকেতে.

C. M. B. no 65.

---

## ২৮৫

শুভাশীর্ব্বাদ দেহ প্রভো, করি তোমায় নিবেদন,
এই স্থানে কৃপা করো, হও হে তুমি অধিষ্ঠান.

১ বর কন্যা দণ্ডায়মান আছে তোমার বিদ্যমান,
হস্ত বন্ধন নম্রমান বর দেও নিয়মে প্রমাণ.

২ এদের চিত্ত ভক্তিমান, ভাল বস্তু কর দান,
সব কার্য্যে সুখ কল্যাণ, শক্তি দিয়া ধন বাড়ান.

৩ শুদ্ধ প্রেমে কর মিলন, তব প্রেমের অনুষ্ঠান,
শ্রমে ও উপকার দান, গৃহ তার সুগম হওন,

৪ সত্য সহকারী করান, প্রার্থনায় ভরসাবান,
সুখে পাউক সুসন্তান, যে রক্ষা পায় নাম মান.

৫ এ জগতে যে অবস্থান, তব তত্ত্বে লোক মিলন,
সৎ প্রেমে আজ্ঞা পালন স্বর্গে যাইতে হউক মন,

ফ- ক. ম.

## পিতা মাতার নিমিত্তক গীত ।

### ২৮৬

(L. M.)

১ হে য়েশূ, মোদের বল ও নাথ,
মোর শিশুকে দেও আশীর্ব্বাদ.
সে শৈশবে ত্রাণকর্ত্তা পায়,
তার উপায় কর, দয়াময়.

২ মোর বালক আছে পাপময়,
তথাচ তোমার বাক্য কয় :
পাপিষ্ঠ জনের তুমি ত্রাণ,
স্ব-মেষের কর অন্বেষণ.

৩ স্বরক্তে ধোও তাহার মন,
পাপ যেন তাতে না পায় স্থান.
সে যেন তোমার হস্ততল
হয় বেতন স্বরূপ ক্রুশের ফল.

৪ সে নিত্য দীপ্তির সন্তান হউক.
